উত্তরবঙ্গ, গৌড়বঙ্গ ও কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের সিলেবাস অনুসারে লিখিত

বি.এ. ইতিহাসের সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

তৃতীয় বর্ষ (অনার্স)
পঞ্চম, ষষ্ঠ, সপ্তম ও অষ্টমপত্র একত্রে

কালীকৃষ্ণ সূত্রধর

উত্তরবঙ্গ, গৌড়বঙ্গ ও কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের সিলেবাস অনুসারে লিখিত

বি.এ. ইতিহাসের সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

তৃতীয় বর্ষ (অনার্স)
পঞ্চম, ষষ্ঠ, সপ্তম ও অষ্টম পত্র একত্রে

সুস্মিতা পণ্ডিত
এম.এ (সিলভার মেডালিস্ট), বি.এড.
ইতিহাস বিভাগীয় প্রধান অধ্যাপিকা ময়নাগুড়ি কলেজ,
ময়নাগুড়ি, জলপাইগুড়ি

কালীকৃষ্ণ সূত্রধর
বি. এ. ইতিহাস (অনার্স), এম.এ (ইতিহাস)

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়,
বি. এড. নাগার্জুনা বিশ্ববিদ্যালয়

সূচিপত্র

মুখবন্ধ

উত্তরবঙ্গ, গৌড়বঙ্গ ও কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের স্নাতকশ্রেণির অনার্স কোর্সের তৃতীয় বর্ষের পঞ্চম, ষষ্ঠ, সপ্তম ও অষ্টম পত্রের তৃতীয় বিভাগের তথা সংক্ষিপ্ত প্রশ্নোত্তর অনুযায়ী 'বি. এ. ইতিহাসের সংক্ষিপ্ত প্রশ্নোত্তর তৃতীয় বর্ষ (অনার্স)' লেখা হয়েছে। এই বইটিতে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের অনার্স কোর্সের তৃতীয় বর্ষের বিগত বছরের প্রশ্নপত্র ও সহায়ক গ্রন্থপঞ্জি দেওয়া হয়েছে। যা ছাত্রছাত্রীদের কাজে লাগবে।

এই বইটি ছাত্র-ছাত্রীদের কাজে লাগলে আমার চেষ্টা সফল হবে।

কালীকৃষ্ণ সূত্রধর

বিবেকানন্দ পল্লী
ময়নাগুড়ি
জলপাইগুড়ি

পঞ্চম পত্র (FIFTH PAPER)

THE RISE OF MODERN WEST
(MID 15TH TO MID 18TH CENTURIES)

সূচিপত্র

পঞ্চম পত্র (FIFTH PAPER)

1. What is meant by Vassalage?
2. How do you define the term ‘Humanism’?
   or, Write short note on ‘Humanism’.
3. What is Luther’s ninety five thesis?
4. Write a short note on Michel Angelo.
5. Write a short note on Raphael.
6. Write a short note on Potraarch.
7. Write a short note on Bochco.
8. Write a short note on Machievelli.
9. Write a short note on Flemish Paintings.
10. Who were the Huguenots?
11. Write a short note on ‘Ignatius Loyola’.
12. Why were the Monsteries dissolved in England ?
13. Write short note on Ptolemy.
14. Write a short note on Albuquerque.
15. How do you analyze the significance of the discovery of America.
16. Write a note on Bartholomew Diaz.
17. Write a short note on the Slave trade in Europe.
18. What is prise revolution?
19. What are the views of Eric Habsbawn on the 17th century European Crisis?
20. Write a short note on Annal School.
21. What do you know about the ‘Storm over the Gentry’?
22. Write a note on Oliver Cromwell.
23. Write a short note on Francis Bacon.
24. Write a short note on Rene Descartes.
25. Write a short note on Issac Newton.
26. Write a short note on Galileo Galilei.
27. What is “take off stage”?
28. Write a short note on feudalism.
29. Write a short note on Rem Brandt.
30. Write a short note on Thomas Hobbes.
31. Write a short note on John Locke.
32. Write a short note on Milton.
33. Write a short note on Giordano Bruno.
34. Write a short note on Kepler.
35. Write a short note on Roger Bacon.
36. Write a short note on Thomas More.
37. Write a short note on Utopia.
38. Write a short note on Black Death.
39. Write a short note on Edict of Nantes.
40. Write a short note on Peter the Great.
41. Write a short note on Magolian.
42. Write a short note on Vasco da Gamma.
43. Write a short note on Proto Industrilization.
44. Write a short note on 11 years tyranny.

1. What is meant by Vassalage?

➞ Vassalage একটি পুরানো সামন্ততান্ত্রিক প্রথা। প্রভু তার অধীনস্থ প্রজাকে ভ্যাসাল বলে স্বীকার করে নিতেন যে চুক্তির মাধ্যমে সেই চুক্তি প্রথাকে Vassalage বলা হত। এই প্রথায় প্রভু তার প্রজাকে কিছু শর্তের মাধ্যমে জমি দান করতেন। মার্ক ব্লখ-এর মতে, প্রথায় প্রভু ও সামন্তদের মধ্যে আনুগত্য ও সুরক্ষার কথা বলেছেন। গ্যানসপ ভ্যাসেলেজ প্রথাকে ইউরোপীয় সামন্ততন্ত্রের অন্যতম ব্যবস্থা বলেছেন। সামন্ত তার প্রভুর বশ্যতা স্বীকার করে প্রভুর হয়ে যুদ্ধে যাবার অঙ্গীকার করতেন, পরিবর্তে সামন্তপ্রভু তার অনুগত সামন্তের নিরাপত্তার দায়িত্ব নিতেন এবং সামন্তের প্রতিশ্রুত সামরিক দায়িত্ব পালনের জন্য আর্থিক সংস্থান যোগাতে কোনো ভূমিখণ্ড প্রদান করতেন, সামন্তপ্রভু এবং সামন্তের পারস্পারিক সাহায্যের ব্যবস্থাই ছিল Vassalage প্রথা। যাইহোক, মার্ক ব্লখ এবং গ্যানসপ উভয়েই Vassalage-কে সামন্ততন্ত্রের ভরকেন্দ্র বলে উল্লেখ করেছেন।

2. How do you define the term 'Humanism'?

or,

Write short note on 'Humanism'.

➞ 'Humanism' বলতে আজকের দিনে যে যুক্তিসিদ্ধ মানবমুখী দর্শন বা মানবতাবাদের কথা বুঝি, পঞ্চদশ ও ষোড়শ শতাব্দীর ইতালীয় রেনেসাঁসে হিউম্যানিজম বলতে ঠিক সেই জিনিস বোঝাতো না। হিউম্যানিজমের মূল অর্থ তখন ছিল ক্ল্যাসিক্যাল বিদ্যার চর্চা। ল্যাটিন ও গ্রিক ভাষায় রচিত সাহিত্যের পুনরুদ্ধার বোঝাতো। E.W. Spitz বলেছেন, 'হিউম্যানিজম' হচ্ছে একটা শিক্ষাদর্শন যা ধ্রুপদী বিদ্যার অনুরাগী'। পেত্রার্ককে বলা হয় 'হিউম্যানিজম'-এর জনক। E. Garin-এর মতে, 'হিউম্যানিস্টরা শুধু প্রাচীন ভাষাবেত্তা ছিলেন না, তাঁরা ছিলেন নতুন ধরনের মানুষ'। ধনতন্ত্রের উদয়লগ্নে ইতালিও ইউরোপের নতুন সামাজিক জীবনের সঙ্গে সঙ্গতিপূর্ণ একটি আবহ তাঁরাই রচনা করেছিলেন। ইতালিতে 'হিউম্যানিস্ট'রা প্রাচীন বিদ্যাকে বিনিয়োগ করেছিলেন নতুন যুগকে অভ্যর্থনা করতে।

3. What is Luther's ninety five thesis?

➞ মার্টিন লুথারের সঙ্গে ধর্মগুরু পোপের সংঘাত অনিবার্য হয়ে উঠেছিল ইনডালজেন্স বা মুক্তির ছাড়পত্র বিক্রয়কে কেন্দ্র করে। পোপ দশম লিওসেন্ট পিটারের সম্মানার্থে রোমে একটি গির্জা নির্মাণের উদ্দেশ্যে খ্রিস্টধর্মাবলম্বীদের এই তহবিলে অর্থ দান করার জন্য আবেদন জানান। এই অর্থ সংগ্রহের জন্য টেটজেল নামে একজন সন্ন্যাসী স্যাক্সনিতে এসে জার্মানবাসীদের কাছে ইনডালজেন্স বিক্রি করতে শুরু করলে লুথার প্রকাশ্যে বিদ্রোহ ঘোষণা করেন। এই ঘটনা লুথারের কাছে ধর্ম কেনাবেচার সমতুল্য বলে মনে হয়েছিল। এর প্রতিবাদে তিনি 95টি প্রশ্ন রচনা করে পোপকে সেগুলির যথাযথ উত্তর দেবার জন্য উইটেনবার্গ বিশ্ববিদ্যালয়ের দরজায় সেটিকে লাগিয়ে দেন। এটি লুথারের বিখ্যাত 'Ninety five thesis' বলে অভিহিত। ইনডালজেন্স ক্রয় করে যে পাপমুক্তি সম্ভব নয় সে কথা তিনি প্রকাশ্যে ঘোষণা করেন। এই 95টি প্রশ্ন ছিল 95 রকম দুর্নীতি ও বৈষম্যের বিরুদ্ধে। লুথারের 'Ninety five thesis' ধর্মীয় জগতের ইতিহাসে স্বর্ণাক্ষরে লিখিত থাকবে।

4. Write a short note on Michel Angelo.

➞ মাইকেলঞ্জেলো বা মিকেলেঞ্জেলো রেনেসাঁস যুগের একজন ইতালীয় ভাস্কর, চিত্রকর, স্থপতি এবং কবি। তাঁর পুরো নাম **মাইকেলঞ্জেলো দি লোদোভিকো বুওনারোত্তি সিমোনি**। মাইকেলঞ্জেলোর জন্ম হয় ১৪৭৫ খ্রিস্টাব্দের ৬ মার্চ, জন্মস্থান ক্যাপ্রিসি বা তাসকানি-র অরেজ্জোর কাছাকাছি অবস্থিত। তাঁর বৈচিত্র্যময়তার ব্যাপ্তি এবং বিস্তৃতির কারণে মাইকেলঞ্জেলোকে 'রেনেসাঁ মানব' বলে বর্ণনা করা হয়। মাইকেলঞ্জেলোর জীবৎকালেই তাঁকে শ্রেষ্ঠ জীবিত শিল্পী হিসাবে বিবেচনা করা হত এবং ইতিহাসেও তাঁকে সর্বকালের শ্রেষ্ঠ শিল্পীদের একজন হিসাবে ধরা হয়। ষোড়শ শতকে শিল্পীদের মধ্যে তাঁরই বিভিন্ন কাজ, খসড়া চিত্র ইত্যাদি সবচেয়ে বেশি পরিমাণে সংরক্ষিত হয়েছে। সিঁড়িতে ম্যাডোনা (ম্যাডোনা অফ দ্য স্টেপস) মাইকেলঞ্জেলোর প্রথম উল্লেখযোগ্য কীর্তি। ভ্যাটিকান শহরের সন্ত পিওত্র্-এর ব্যাসিলিকা গির্জায় মার্বেলে তৈরি এই মূর্তিটিতে দেখা যায় ক্রুশ থেকে নামানো যিশুর মৃতদেহ কোলে শোকস্তব্ধ মা মেরি। একজন ৩৩ বছর বয়সি ছেলের মা হিসেবে মেরির যথেষ্ট কম বয়স, অথচ ভঙ্গিমার মধ্য দিয়ে শোকস্তব্ধ মাতৃত্বের এক আশ্চর্য জীবন্ত প্রতিচ্ছবি এই ভাস্কর্যের অন্যতম বৈশিষ্ট্য। ১৫০২ সালে তাঁর সৃষ্ট আরেকটি খোদাই শিল্প *'তাদেও তোন্ডো'*, সেখানে খোদিত শিশু যিশু খ্রিস্টের আশ্চর্য জীবন্ত প্রতিকৃতির জন্য সবিশেষ উল্লেখযোগ্য। বেলজিয়ামের ব্রুজ শহরে রক্ষিত ম্যাডোনা ও শিশু (১৫০৪) ভাস্কর্যটিও তাঁর আর এক অনবদ্য কীর্তি। এখানেও শিশু যিশু আশ্চর্য জীবন্ত। দেখে মনে হয় তিনি যেন এখনই মার কোল ছেড়ে পৃথিবীর পথে ঝাঁপ দিতে প্রস্তুত। মা ম্যাডোনা শুধু বাঁহাতে আলতো করে তাঁকে তখনও ধরে আছেন। এই ভাস্কর্যটি আরও উল্লেখযোগ্য, তার কারণ মাইকেলঞ্জেলোর জীবৎকালেই ইতালির বাইরে যাওয়া তাঁর একমাত্র শিল্পকর্ম এটাই। যতদূর সম্ভব এই মূর্তিটি গির্জার বেদিতে (অল্টারে) বসানোর জন্য তৈরি করা হয়েছিল। ম্যাডোনার সামান্য ডানদিকে ঘোরানো মুখ ও নীচের দিকে নির্মীলিত দৃষ্টি তেমনই ইঙ্গিত করে। ইতোমধ্যেই উল্লিখিত পিয়েতো ভাস্কর্যটির সাথে এই ভাস্কর্যটির বিষয়গত মিল বিশেষ উল্লেখযোগ্য। ১৫০৪-০৬-এর মধ্যে অঙ্কিত 'দোনি তোন্ডো' তাঁর আরেক উল্লেখযোগ্য শিল্পকর্ম। এর বিষয়বস্তু হল 'পবিত্র পরিবার', অর্থাৎ কুমারী মা মেরি, শিশু যিশু ও যোসেফ। ছবিটির বৃত্তাকার গঠন ও চরিত্রগুলির জীবন্ত রূপের মধ্যে পূর্বে উল্লিখিত 'তাদেও তোন্ডো'র ছাপ সহজেই চোখে ধরা পড়ে। উজ্জ্বল রঙের ব্যবহার এই ছবির আরেক উল্লেখযোগ্য বৈশিষ্ট্য। পরবর্তীকালে সিস্টিন চ্যাপেলের ছাদে অঙ্কিত তাঁর ছবির অনেক বৈশিষ্ট্যই এই ছবিতে চিহ্নিত করা সম্ভব।

5. Write a short note on Raphael.

➞রেনেসাঁস যুগের অন্যতম প্রখ্যাত শিল্পী ছিলেন র‍্যাফায়েল। তাঁর তৈরি 'ম্যাডোনা' চিত্রগুলি বিশেষ বিখ্যাত। তিনি পোপের প্রাসাদে এই 'ম্যাডোনা' ছবিগুলি অঙ্কন করেছেন।

তিনি মাতা মেরিকে নিয়ে 300টির বেশি চিত্র অঙ্কন করেছেন। র‍্যাফায়েলের আঁকা ছবিগুলির অন্যতম বৈশিষ্ট্য হল তাঁর নির্মাণ ক্ষমতা ও রঙের বিরল সমন্বয় ভাবনা। রাফায়েল পোপের জন্য 'ফ্রেসকো' এঁকেছিলেন। খ্রিস্টধর্মের সঙ্গে তিনি মিশিয়ে ছিলেন প্যাগান সৌন্দর্য।

6. Write a short note on Potraarch.

→রেনেসাঁস যুগে পেত্রার্ক ল্যাটিনভাষায় সাহিত্য রচনা করে বিশেষ খ্যাতি পান। পেত্রার্ক হোমারের লেখা 'ইলিয়াড ও ওডিসি' কাব্যের ল্যাটিন ভাষায় অনুবাদ করেন। এর ফলে ল্যাটিন ভাষার চর্চা বেড়ে যায়। পেত্রার্কের কাব্যে প্রকৃতির সৌন্দর্যের কথা স্থান পায়। পেত্রার্কের অন্যতম কাব্যগ্রন্থের নাম 'আফ্রিকা'। তিনি তাঁর শিষ্য বোকাচ্চির সঙ্গে যোগ দিয়ে পুরাতত্ত্বের চর্চা আরম্ভ করেন। এর ফলে প্রাচীন মুদ্রা, শিলালিপি, পুথিপত্রের অনুসন্ধান ও গবেষণা চর্চা আরম্ভ হয়। ঐতিহাসিক রেনান মন্তব্য করেছেন যে, পেত্রার্ক হলেন আধুনিক মনোবৃত্তির প্রথম প্রতিভা, যিনি প্রাচীন সংস্কৃতির প্রতি আমাদের মমত্ববোধ সৃষ্টি করেন। ঐতিহাসিক উইলডুয়ান্টের মতে, পেত্রার্কই ছিলেন প্রথম মানবতাবাদী চিন্তাবিদ এবং মানুষের জীবন নিয়ে সাহিত্য সৃষ্টির অধিকার তিনিই প্রথম ঘোষণা করেন। সঙ্গত কারণেই পেত্রার্ককে 'রেনেসাঁসের জনক' বলা হয়।

7. Write a short note on Bochco.

→রেনেসাঁস যুগের প্রধান লেখক ও চিন্তাবিদ ছিলেন বোকাচ্চিও। তিনি 'ডেকামেরন' নামে এক জীবনমুখী কাব্যগ্রন্থ ল্যাটিন ভাষায় রচনা করেন। ফ্লোরেন্স নগরীতে প্লেগের মড়কের পটভূমিকায় 'ডেকামেরন' কাব্যে কবি বোকাচ্চিও সাতটি যুবতীর জীবনরহস্য আলোচনা করেন। খ্রিস্টীয় ত্যাগবাদকে অগ্রাহ্য করে ভোগবাদী জীবনমুখী দর্শন এই কাব্যগ্রন্থকে এক অসামান্যতা দান করেছে। এই কাব্যে বোকাচ্চিও খ্রিস্টীয় সন্তবাদ, পবিত্রতা, অনুশোচনা প্রভৃতিকে ব্যঙ্গ করেন। তাঁর রচনায় ধর্মনিরপেক্ষতা, বাস্তববাদী জীবনের শ্রেষ্ঠত্ব তুলে ধরা হয়। তিনি প্রাচীন যুগের ভূগোলের ওপর এক গ্রন্থ রচনা করেন এবং ইতালির পন্ডিতদের তিনি গ্রিকভাষা শিক্ষায় অনুপ্রাণিত করেন।

8. Write a short note on Machievelli.

→ নিকোলো ম্যাকিয়াভেলি ছিলেন ইতালির নবজাগরণ যুগের এক বিখ্যাত রাজনীতিবিদ ও ঐতিহাসিক। ম্যাকিয়াভেলি 1469 খ্রিস্টাব্দে ইতালির ফ্লোরেন্স নগরে জন্মগ্রহণ করেন। ইতালির প্রাচীন গৌরবের কাহিনি পাঠ করে তাঁর মন শ্রদ্ধায় ভরে উঠত। বিজ্ঞানসম্মত রাজনীতিতে তাঁর আস্থা ছিল। 'ফ্রান্সের ইতিহাস' তাঁর লেখা একটি বিখ্যাত ঐতিহাসিক গ্রন্থ। তাঁর লেখা পড়ে জানা যায় যে, ল্যাটিনভাষা ও ইতালীয় ধ্রুপদী সাহিত্যে তাঁর গভীর জ্ঞান ছিল। 'ফ্লোরেন্সের ইতিহাস' রচনা করে তিনি অমরত্ব লাভ করেন। তিনি বলতেন যে, ইতিহাস পাঠ করে আমরা আমাদের ভুলগুলি জানতে পারি। জাতীয় ইতিহাস পর্যালোচনা করে তাঁর 'The Prince' নামক গ্রন্থে তিনি রোমান সাম্রাজ্যকে কীভাবে আবার শক্তিশালী করা যায়, সে-সম্বন্ধে তাঁর অভিমত দৃঢ়ভাবে ব্যক্ত করেন। তাঁর মতে ইতালিকে রক্ষা করতে হলে ইংল্যান্ড, ফ্রান্স ও স্পেনের মতো এক শক্তিশালী রাজার প্রয়োজন। এই রাজা প্রয়োজন হলে সমস্তরকম ন্যায়নীতি, ধর্মবোধ বিসর্জন দিয়ে নিজের উদ্দেশ্য সাধনে অগ্রসর হবেন। তাঁর রচিত 'Discourses' গ্রন্থে তিনি প্রজাতন্ত্রের কথা বলেছেন। 1527 খ্রিস্টাব্দে তাঁর মৃত্যু হয়।

9. Write a short note on Flemish Paintings.

→ পঞ্চদশ শতাব্দীতে 'ফ্লেমিস চিত্রকলা'র (Flemish Painting) উদ্ভব হয়। এই চিত্র অঙ্কনে তেল রঙের ব্যবহার করা হত। ফ্ল্যান্ডার্জ অঞ্চলে এই চিত্রকলার বিকাশ ঘটে। তবে ফ্লেমিস চিত্রকলার বিষয়বস্তু ছিল ধর্মীয়। কুমারী মেরি অথবা যিশু অথবা সন্তদের প্রতিকৃতিই এতে অঙ্কিত হত। মানুষের জীবন, প্রাকৃতিক দৃশ্যাবলি তখনও শিল্পের বিষয়বস্তু হিসাবে পরিগণিত হয়নি। ফ্লেমিস শৈলির বিখ্যাত চিত্রকর ছিলেন ভ্যান আইকস, রোজার ভ্যানডার ওয়েডন প্রমুখ। ফ্লেমিস চিত্রকলার বিখ্যাত চিত্র ছিল "The fall of Icarus", এই ছবিটি 'Piete Bruegel the elder এঁকেছিলেন।

10. Who were the Huguenots?

→ ফ্রান্সের প্রোটেস্টান্টদের হুগোনট (Huguenot) বলা হত। খ্রিস্টানদের ভেতরে রোমান ক্যাথলিকদের বিরুদ্ধে ধর্মসংস্কার আন্দোলনের সময় এই হুগোনটদের উত্থান ঘটেছিল। হুগোনটদের উত্থানের সঙ্গে সঙ্গে প্রোটেস্টান্ট ধর্ম আন্দোলন শুরু হয়। এই সম্প্রদায়-লুথার, ক্যালভিন, উইলিয়াম ও কাম প্রমুখদের অনুসরণ করেছিল। ষোড়শ শতাব্দীতে ফ্রান্সে ধর্মসংস্কার আন্দোলনের সময় বহু রাজবিরোধী ধর্মীয় উপদলের উদ্ভব ঘটেছিল, এদের মধ্যে একটি উল্লেখযোগ্য সম্প্রদায় ছিল হুগোনট। এদের নেতা ছিলেন ফ্রান্সিস হটম্যান। হুগোনটরা ক্যালভিনের আদর্শ অনুসরণ করেছিল। হুগোনটরা ফ্রান্সের ক্যাথলিক আন্দোলনে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছিল। শেষপর্যন্ত রাজা চতুর্থ হেনরি 1598 খ্রিস্টাব্দে Edict of Nantes-এর মাধ্যমে তাদের স্বাধীন ধর্মাচারণের স্বাধীনতা কেড়ে নেয়। হুগোনটরা ইংল্যান্ড, নেদারল্যান্ড, সুইজারল্যান্ড, জার্মানি প্রভৃতি দেশে ছড়িয়ে পড়েছিল।

11. Write a short note on 'Ignatius Loyla'.

→ প্রতিধর্ম সংস্কারের ক্ষেত্রে ইগনাশিয়াস লয়নার নাম সর্বাপেক্ষা উল্লেখযোগ্য। তিনি উপলব্ধি করেন যে, কেবলমাত্র গির্জা ও যাজকদের সংস্কার করলে কাজ হবে না। গির্জাকে সমাজসেবা, শিক্ষা বিস্তার প্রভৃতি দায়িত্ব নিয়ে এর উপযোগিতা প্রমাণ করতে হবে। তিনি আরো বলেন যে, ক্যাথলিক ধর্মের আদেশ এবং পোপের প্রতি ধর্মসংস্কার জোরদার করতে হবে। এই উদ্দেশ্যে তিনি Soceity of Jesus নামে এক সন্ন্যাসী সংঘ স্থাপন করেন। এই সংঘের সন্ন্যাসীদের (১) ক্যাথলিক ধর্মের প্রতি আনুগত্য, (২) ব্রহ্মচর্য পালন, (৩) দারিদ্র্যব্রত গ্রহণ, (৪) ধর্মগুরু পোপের প্রতি একান্ত আনুগত্য ও বিশ্বাস—এই ৪টি শপথ গ্রহণ করতে হত। এই সন্ন্যাসী সংঘকে কঠোর সামরিক শৃঙ্খলায় ইগনাশিয়াস

লয়না বেঁধে ফেলেন। তিনি আহ্বান জানান, এইভাবে প্রতিধর্মসংস্কার আন্দোলনের ফলে ক্যাথলিক গির্জা সংস্কারের মাধ্যমে ক্যাথলিক ধর্ম ধ্বংসের হাত থেকে রক্ষা পাবে। গ্রামাঞ্চল, শহর, নগর, শিল্পাঞ্চল প্রভৃতিতে প্রোটেস্ট্যান্ট ধর্মের প্রাধান্য থাকলেও শ্রমিক, কৃষক ও দরিদ্রশ্রেণি ক্যাথলিক গির্জার সংস্কারে আবার নব উদ্যোগে ভক্তিবাদী হয়ে ক্যাথলিক ধর্মের প্রতি শ্রদ্ধাশীল হয়ে ওঠে।

12. Why were the Monsteries dissolved in England?

➞ ইংল্যান্ড রাজা অষ্টম হেনরির আমলে ইংল্যান্ডের মঠগুলির উচ্ছেদ হয়েছিল। অষ্টম হেনরি মঠের জমিগুলিকে রাষ্ট্রের আয়ত্তে আনার জন্য মঠগুলির উচ্ছেদ সাধনের নীতি গ্রহণ করেছিল। মঠ ব্যবস্থার উচ্ছেদের পেছনে কতকগুলি কারণ বিদ্যমান ছিল। চতুর্দশ শতাব্দীর শেষদিকে ইউরোপে কুখ্যাত Black Death-এর ধাক্কায় মঠের সন্ন্যাসীরা প্রায় অর্ধেক হয়ে যায়। মঠগুলির আগে থেকেই প্রচুর বিষয়-সম্পত্তি ছিল। এই সমস্ত সম্পত্তির ওপর মঠ সন্ন্যাসীদের লোভ ছিল। তারা মানুষের সেবা, শুশ্রূষা, দান, ধর্ম সবকিছু মানবিক কাজ ছেড়ে দিয়ে বিলাসপ্রিয় হয়ে উঠেছিল। এই সব নৈতিক ও আধ্যাত্মিক কারণে মঠগুলিকে অষ্টম হেনরি উচ্ছেদ করতে চেয়েছিলেন। কিন্তু এটাই সব নয়, অষ্টম হেনরি কখনোই সন্ন্যাসধর্মকে বিশুদ্ধ করার জন্য এত বড়ো ঝুঁকি নেননি। আসলে মঠগুলির প্রচুর সম্পত্তি তাঁকেও আকৃষ্ট করেছিল। অষ্টম হেনরি ও নতুন বুর্জোয়া সম্প্রদায় সেই বিষয়-সম্পত্তিকে কুক্ষিগত করতে চেয়েছিলেন। তাই মঠগুলির উচ্ছেদ সাধনের প্রকৃত কারণ হল অর্থনৈতিক। 1515-1516 খ্রিস্টাব্দে একটি কমিশন গঠন করে মঠগুলি ধ্বংস করেন এবং রাজা অষ্টম হেনরি এইসব মঠের বিপুল সম্পত্তি হস্তগত করেন।

13. Write short note on Ptolemy.

➞ ক্লডিয়াস টলেমিয়াস (Claudius Ptolemy) যিনি টলেমি নামে সমধিক পরিচিত, একজন গ্রিক গণিতবিদ, ভূগোলবিদ, জ্যোতির্বিদ ও জ্যোতিষ ছিলেন। তিনি রোম শাসিত মিশরের ইজিপ্ট নামক প্রদেশের অধিবাসী ছিলেন। ধারণা করা হয় যে, তাঁর জন্ম মিশরেই। বিশ্বাস করা হয় তিনি রোমান শাসনাধীন মিশরের থিবেইড-এর টলেমেইস হারমিওউ শহরে জন্মগ্রহণ করেন। থিওডোর মেলিটেনিওচিস প্রস্তাবিত এই তত্ত্ব সঠিক হতে পারে। কিন্তু এটি নতুন ও অসমর্থিত প্রস্তাব।

টলেমির লেখা 'Almagest' গ্রন্থটিকে সেযুগে বিজ্ঞান চর্চার প্রধান ভিত্তি বললে অসঙ্গত হবে না। কোপারনিকাসের আগে টলেমির লেখাই ছিল জ্যোতির্বিজ্ঞানের মূল উপাদান। তাই টলেমির 'Almagest'-কে পণ্ডিতেরা বহু ভাষায় অনুবাদ করেন। সেই সময় বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের উপযোগী টলেমির বহু টীকা লেখেন। পঞ্চদশ শতকে ভৌগোলিক আবিষ্কারের ক্ষেত্রে মানচিত্র নির্মাণ নিঃসন্দেহে বিশেষ সহায়ক হয়েছিল। সেই যুগে টলেমির লেখা 'Geography' আবিষ্কৃত হবার পর তার মানচিত্র নির্মাণের কাজ শুরু হয়। পঞ্চদশ শতকে টলেমি ইউরোপে ব্যাপক পরিচিতি লাভ করে।

14. Write a short note on Albuquerque.

➞ ভৌগোলিক আবিষ্কারে পর্তুগাল নাবিকদের অবদান অনস্বীকার্য। বিভিন্ন দেশে পর্তুগিজরা তাদের বাণিজ্য বিস্তারে সক্ষম হয়। ভারত ছিল পর্তুগিজদের প্রথম বাণিজ্য উপনিবেশ। ভারতে পর্তুগিজ শক্তি বিস্তারে সবথেকে উল্লেখযোগ্য নাবিক হলেন আলফানসো-দ্য-আলবুর্কাক। পর্তুগিজ নৌবাহিনীর অধ্যক্ষরূপে তিনি 1503 খ্রিস্টাব্দে মালাবার উপকূলে আসেন এবং নিজ প্রতিভাবলে 1509 খ্রিস্টাব্দে এদেশে পর্তুগালের রাজপ্রতিনিধি নিযুক্ত হন। তিনি প্রথমে বোম্বাই অঞ্চলে পর্তুগিজ প্রভুত্ব স্থাপন করেন। পরে বাংলাদেশের হুগলিতে পর্তুগিজ কুঠি স্থাপিত করেন। তিনি বিজাপুরের সুলতানের কাছ থেকে গোয়া দখল করেন। সেখানে তিনি একটি শক্তিশালী নৌঘাঁটি ও শহর প্রতিষ্ঠা করেন। প্রাচ্যের দেশগুলির সাথে যাতে পর্তুগালের একচেটিয়া বাণিজ্য প্রতিষ্ঠা হয় সেই স্বার্থে তিনি ওরমুজ ও মালাক্কা দখল করেন। চিনদেশের সঙ্গেও তিনি বাণিজ্য সম্পর্ক স্থাপন করেন। এছাড়া ভারতের বেশ কিছু স্থান **যেমন**—দমন-দিউ, বেসিন, সলসেট-এ বাণিজ্য কুঠি স্থাপন করেন। ভারতে পর্তুগিজ আধিপত্য তাঁর আমলেই স্থাপিত হয়।

15. How do you analyze the significance of the discovery of America?

➞ আমেরিকা আবিষ্কারের সাথে কলম্বাসের নাম ওতপ্রোতভাবে জড়িত থাকলেও এই মহাদেশের আবিষ্কারের সম্পূর্ণতা দিয়েছিলেন আমেরিকা ভেসপুচি এবং ম্যাগেলান। প্রসঙ্গত উল্লেখ্য যে, আমেরিকা ভেসপুচির নাম অনুযায়ী এই মহাদেশের নাম হয় আমেরিকা। যাই হোক, আমেরিকা আবিষ্কারের গুরুত্ব ও তাৎপর্য ছিল অপরিসীম। কারণ, এ পর্যন্ত ভূমধ্যসাগরকে কেন্দ্র করে ইউরোপ ও প্রাচ্য দেশগুলির মধ্যে ব্যবসা-বাণিজ্য চলত। কিন্তু আমেরিকা আবিষ্কারের ফলে আটলান্টিককে কেন্দ্র করে ব্যাবসা-বাণিজ্যের এক নতুন যুগের সূচনা হয়। উপরন্তু, এই মহাদেশের উপনিবেশিক স্থাপন, বাণিজ্য বিস্তার এবং এর সম্পদ লাভ করে ইউরোপের দেশগুলি, যথা—স্পেন, পর্তুগাল, ফ্রান্স, হল্যান্ড প্রভৃতি দেশগুলি মহাশক্তিশালী হয়ে ওঠে।

16. Write a note on Bartholomew Diaz.

➞ পঞ্চদশ শতকে জলপথে ভৌগোলিক আবিষ্কারের যে অভিযান শুরু হয় তার সূচনা পর্তুগিজ নাবিকরাই করেছিলেন। শুধু তাই নয়, ভারতে আসবার জলপথ আবিষ্কারের জন্য পর্তুগিজ নাবিকরা প্রথমেই অভিযান আবিষ্কার করেন। আর এই অভিযানের সূচনা করেছিলেন বার্থেলেমিউ দিয়াজ। 1486 খ্রিস্টাব্দে তিনি আফ্রিকার দক্ষিণ প্রান্ত পর্যন্ত আসেন। তাঁর আশা ছিল যে, এই পথ ধরেই ভারতের রাস্তা পাওয়া যাবে। কিন্তু শেষপর্যন্ত তিনি আফ্রিকার দক্ষিণ প্রান্ত পর্যন্ত আসার পর ভারতে পৌঁছাবার আসল দিক হারিয়ে ফেলেন। তিনি স্বদেশে ফিরে যান। দক্ষিণ আফ্রিকার এই অংশটির এই জন্য নাম হয় **'উত্তমাশা অন্তরীপ'**। যাইহোক, পরবর্তীকালে দিয়াজের আবিষ্কৃত পথ ধরে পর্তুগিজ নাবিক

ভাস্কো-ডা-গামা 1498 খ্রিস্টাব্দে ভারতের পশ্চিম উপকূলে কালিকট বন্দরে এসে পৌঁছান।

17. Write a short note on the Slave trade in Europe.

→ ইউরোপের ইতিহাসে সর্বাপেক্ষা নিন্দনীয় ঘটনা হল দাস বাণিজ্য। একাদশ শতাব্দীতে ভূমধ্যসাগরীয় বাণিজ্যকে কেন্দ্র করে দাস ব্যবস্থার উদ্ভব হয়েছিল। ভূমধ্যসাগরীয় বাণিজ্যে চিনির উৎপাদন ও রপ্তানি নির্ভর করত দাসদের ওপর। পনেরো শতকের পর থেকেই উপনিবেশগুলিতে চিনি উৎপাদনের প্রকল্প বাড়তে থাকে ও তাতে প্রচুর দাস নিযুক্ত হয়। এই দাস বাণিজ্যের জন্য Asiento নামে এক চুক্তি স্বাক্ষর করা হত। একজন কন্টাক্টর যিনি সমগ্র দাস বাণিজ্য সংগঠিত করতেন তিনিই এই চুক্তি স্বাক্ষর করতেন। 1596 খ্রিস্টাব্দে প্রথম দীর্ঘ Asiento স্বাক্ষর করা হয়। পরবর্তীকালে দাসদের যোগান দেওয়ার একচেটিয়া অধিকার 1701 খ্রিস্টাব্দে ফ্রান্সের গিনি কোম্পানি লাভ করে। দাস বাণিজ্য ক্রমশ বৃদ্ধি পেয়েছিল। কারণ দাসদের শ্রম ছিল অর্থনৈতিক সমৃদ্ধির চাবিকাঠি। এটা ইংরেজ ও ডাচদের প্রলোভিত করেছিল। ইংরেজরাও 1713 খ্রিস্টাব্দে দাস বাণিজ্যের অধিকার লাভ করে Utrecht-এর চুক্তির মাধ্যমে। তখন থেকেই ইংরেজরা দাস বাণিজ্যের প্রধান বণিক হয়ে ওঠে।

18. What is prise revolution?

→ 'Prise Revolution'-কে বাংলায় 'মূল্য বিপ্লব' বললে ইংল্যান্ডের অর্থনৈতিক ইতিহাসে এই '**বিশেষ বিপ্লব**'-এর অর্থ ততখানি সুস্পষ্ট হয় না। কারণ, শুধু দ্রব্যমূল্যের ওঠা-নামা নয়, মুদ্রাস্ফীতি, মুদ্রার ধাতুগত মূল্যায়ন ইত্যাদি বিষয়ের পাশাপাশি অর্থনীতির জটিল তত্ত্বের সৃষ্টির সাক্ষী ছিল 'Prise Revolution'. পঞ্চদশ শতকের মাঝামাঝি সময় থেকে ইংল্যান্ডের জনসংখ্যার হার বৃদ্ধি, বেকার সমস্যা, দরিদ্র প্রভৃতি সামাজিক ও রাজনৈতিক সমস্যাগুলি Prise Revolution-এর মুখ্য কারণ। ঐতিহাসিক G. R. Elton তাঁর 'English under Tutor' গ্রন্থে বলেছেন, Prise Revolution-এর কারণ হিসেবে মুদ্রাস্ফীতি, মূল্যবৃদ্ধি, খাদ্যশস্যের দামের ক্রমাগত বৃদ্ধি প্রভৃতি কারণ নির্দেশ করেছেন।

19. What are the vieos of Eric Hobsbawn on the 17th Century European crisis?

→ সপ্তদশ শতক হল সংকটের কাল। বহু ঐতিহাসিক এই সপ্তদশ শতকের ইউরোপীয় সংকটকে নানাদিক দিয়ে বিশ্লেষণ করেছেন। ঐতিহাসিক Eric Habsbown তাঁর '17th Century Revolution Summary' গ্রন্থে সপ্তদশ শতাব্দীর সংকটকে তুলে ধরেছেন। এই গ্রন্থে তিনি লেখেন যে, সপ্তদশ শতকের সংকট হল আসলে পুঁজিবাদের আবির্ভাবের সংকট, উৎপাদনের সংকট। অভিজাতদের হাতে শুধু অর্থ ছিল, তারা এই অর্থ উৎপাদনের জন্য লগ্নি না করে বিলাসব্যসনে ব্যয় করেন। সামন্ত সমাজে উৎপাদনব্যবস্থা গতিশীল হতে পারেনি, বুর্জোয়া শ্রেণি উৎপাদন বাড়াতে পারেনি। ইউরোপের সর্বত্র

পুঁজিবাদের অগ্রগতির পথে বাধার সৃষ্টি হয়েছিল। ষোড়শ শতকের অর্থনৈতিক উন্নতি এই সময় থমকে দাঁড়িয়েছিল। এই সময় পুঁজিবাদের অগ্রগতির পথে বাধা ছিল জনগণের ক্রয় ক্ষমতার অভাব, ভূস্বামীদের ক্রয় ক্ষমতা থাকলে বেশিরভাগ কৃষকের ছিল না। ইউরোপের বিভিন্ন দেশের অসম উন্নতির হার সমস্যার সৃষ্টি করেছিল। এইসব কারণের ফলশ্রুতি সপ্তদশ শতকের অর্থনৈতিক সংকট এবং তার পরিণতি ঘটেছিল কৃষক বিদ্রোহের মাধ্যমে।

20. Write a short note on Annal School.

→ **Annal School** বিংশ শতাব্দীর ফরাসি ইতিহাসবিদদের সৃষ্ট ইতিহাস রচনা বিদ্যার একটি শৈলী বা ঘরানা। **"Annal"** নামটি এসেছে ফরাসি ভাষাতে প্রকাশিত গবেষণা পত্রিকা Annales d'histoire economique et sociale থেকে। এই গবেষণা পত্রিকাটি ছাড়াও অনেক গ্রন্থ ও মনোগ্রাফ আনাল ঘরানার মূল উৎস। এই ঘরানাটি ফ্রান্সে এবং অন্য বহু দেশে ইতিহাস রচনার মূল নীতিগুলির ওপর ব্যাপক প্রভাব ফেলেছে। বিশেষ করে ইতিহাস রচনায় সমাজবৈজ্ঞানিক পদ্ধতির প্রয়োগ, রাজনৈতিক বা কূটনৈতিক বিষয়ের চেয়ে সামাজিক বিষয়গুলির ওপর গুরুত্ব আরোপ এবং মার্ক্সীয় ইতিহাস রচনা বিদ্যার প্রতি আনুকূল্য প্রদর্শন এই ঘরানার বৈশিষ্ট্য।

Annal School বিংশ শতাব্দীর দীর্ঘমেয়াদি সামাজিক ইতিহাস যার মধ্যে ফরাসি ঐতিহাসিকদের দ্বারা উন্নত ইতিহাস একটি শৈলী সঙ্গে যুক্ত ইতিহাসবিদদের একটি গ্রুপ। স্কুল ফ্রান্স এবং অনেক অন্যান্য দেশের বিশেষ করে ঐতিহাসিকদের দ্বারা সামাজিক বৈজ্ঞানিক পদ্ধতির ব্যবহার সংক্রান্ত ইতিহাস জন্য বিষয়সূচি সেটিং মধ্যে অত্যন্ত প্রভাবশালী হয়েছে, বরং রাজনৈতিক বা কূটনৈতিক থিম চেয়ে সামাজিক জোর দেওয়া এবং সাধারণত মার্কসবাদী বর্গ বিশ্লেষণ প্রতিকূল হচ্ছে ইতিহাস।

প্রাথমিকভাবে ফরাসি বিপ্লবের আগে স্কুল প্রতিষ্ঠান, পরে বিষয়গুলিতে সামান্য সুদ সঙ্গে, এটা ফরাসি সামাজিক ইতিহাস আধিপত্য বিস্তার এবং ইউরোপ ও লাতিন আমেরিকার ইতিহাস প্রভাবিত করেছে। বিশিষ্ট নেতাদের সহ-প্রতিষ্ঠাতা লুসিয়েন **Febvre (1878-1956),** হেনরি **Hauser (1866-1946)** এবং ব্লচ **(1886-1944)** অন্তর্ভুক্ত, দ্বিতীয় প্রজন্মের ফার্নান্দ ব্রাউডেল **(1902-1985)** দ্বারা চালিত হয় এবং জর্জ **Duby (1919-1996)**, পিয়ের **Goubert (1915-2012)**, রবার্ট **Mandrou (1921-1984)**, পিয়ের **Chaunu (1923-2009), Jacques le** গফের অন্তর্ভুক্ত **(1924-2014)** এবং আর্নেস্ট **Labrousse (1895-1988)** প্রমুখ।

তৃতীয় প্রজন্মের মানসিকতার দৃষ্টিকোণ থেকে ইতিহাস জোর দেওয়া হয়। **Annales** ঐতিহাসিকদের পরবর্তী প্রজন্মকেও রজার চার্টিয়ের নেতৃত্বে পরিষ্কারভাবে মানসিকতার পদ্ধতির, সাংস্কৃতিক ও ভাষাগত পালা, যা সাংস্কৃতিক চর্চা সামাজিক ইতিহাসের বিশ্লেষণ জোর দেওয়া হয়।

21. What do you know about the 'Storm over the Gentrey'?

➙ ঐতিহাসিক H. Hexter তাঁর 'Storm over the Gentrey' গ্রন্থটিতে ইংল্যান্ডের গৃহযুদ্ধের সময় জেন্টি শ্রেণির উত্থান সম্পর্কে বিশদ আলোচনা করেছেন। Hexter ইংল্যান্ডের বিপ্লবের প্রকৃতিকে পিউরিটান বিপ্লব বলে আখ্যায়িত করেছেন। তাঁর মতে, ইংল্যান্ডের বিপ্লবে জেন্টিদের কোনো প্রাধান্য ছিল না। পিউরিটান বিপ্লবের যে ব্যাখ্যা তিনি দিয়েছেন তার কেন্দ্রবিন্দুতে অভিজাতরা ছিল। সপ্তদশ শতকে অভিজাততন্ত্র নানাভাবে দুর্বল হয়ে পড়েছিল, এদের সামরিক পতন ঘটে। Hexter-এর মতে, অর্থনৈতিক অবনতি নয়, সামরিক শক্তির অবনতিই অভিজাতদের দুর্বল করেছিল। অভিজাততন্ত্রের পতনের ফলে গ্রামীণ জেন্টিদের পক্ষে পার্লামেন্টে নিজেদের প্রতিষ্ঠা করা সম্ভব হয়। সপ্তদশ শতকে ইংরেজ বিপ্লবে জেন্টিদের নেতৃত্ব দিয়েছিল গ্রামীণ জেন্টি শ্রেণি। এরা ছিল শিক্ষিত ও ধনী।

22. Write a note on Oliver Cromwell.

➙ অলিভার ক্রমওয়েল ছিলেন ইংরেজ সেনাধ্যক্ষ ও রাজনীতিবিদ। তিনি পিউরিটান মতবাদের কঠোর সমর্থক ছিলেন। ইংল্যান্ডের গৃহযুদ্ধের সময় রাজা প্রথম চার্লসের বিরুদ্ধে পার্লামেন্টের সৈন্যদলের তিনিই ছিলেন প্রধান নেতা। তিনি খুব বড়ো মাপের যোদ্ধা ছিলেন। তবে তাঁর শাসনকার্যে তেমন একটা দক্ষতা ছিল না। 1648-1658 খ্রিস্টাব্দ পর্যন্ত তিনি প্রজাতন্ত্রের প্রধান ছিলেন। আর নামে প্রজাতন্ত্র হলেও অলিভার ক্রমওয়েল কিন্তু রাষ্ট্রের সর্বেসর্বা ছিলেন। তবে দেশের অভ্যন্তরে অলিভার মোটেও জনপ্রিয় ছিলেন না। তিনি স্বৈরাচারী ছিলেন। বেশ কিছু ক্ষেত্রে তা পূর্বেকার রাজাদের স্বেচ্ছাচারিতাও ছাড়িয়ে যায়। দেশে সর্বপ্রকার আমোদ-প্রমোদ অনুষ্ঠান নিষিদ্ধ করা হয়। তিনি এক নতুন প্রশাসনিক বিধি প্রণয়ন করেন এবং নিজেকে লর্ড প্রোটেক্টর বা রাষ্ট্ররক্ষক বলে ঘোষণা করেন। এককথায় প্রজাতন্ত্রের নামে দেশ শাসন করত এক স্বৈরাচারী সামরিক সরকার। 1658 খ্রিস্টাব্দে তাঁর মৃত্যু হলে পুত্র রিচার্ড ক্রমওয়েল তার স্থলাভিষিক্ত হন।

23. Write a short note on Francis Bacon.

➙ **স্যার ফ্রান্সিস বেকন** একাধারে একজন ইংরেজ দার্শনিক, আইনজ্ঞ, কূটনৈতিক এবং বৈজ্ঞানিক চিন্তাধারার পথপ্রদর্শক। আইনজীবি হিসেবে পেশাগত জীবন শুরু করলেও তিনি বৈজ্ঞানিক বিপ্লবের প্রবক্তা এবং জ্ঞানান্ধতা ও গোঁড়ামি বিরোধী হিসেবে সুখ্যাত হন। ফ্রান্সিস বেকনকে 'অভিজ্ঞতাবাদের জনক' বলা হয়। তিনি দার্শনিক চিন্তাধারার কিছু মৌলিক তত্ত্ব প্রবর্তন করেন যেগুলোকে 'বেকনিয়ান মেথড'ও বলা হয়ে থাকে। কোনো জিনিসের উৎস অনুসন্ধানে বৈজ্ঞানিক পদ্ধতিতে অনুসন্ধানের প্রক্রিয়াগুলো তিনিই প্রবর্তন করেন। এইসব প্রক্রিয়াকে সংক্ষেপে বৈজ্ঞানিক প্রক্রিয়া বলা হয়। তিনি সর্বপ্রথম বিজ্ঞানের গবেষণার জন্য একাডেমি বা শিক্ষায়তন প্রতিষ্ঠার কথা অনুভব করেছিলেন। তিনি 1623 খ্রিস্টাব্দে 'De Augmentis Scientiarum' গ্রন্থটি রচনা করে বিজ্ঞানভিত্তিক বিষয়গুলির পর্যালোচনা করা ও আরোহী প্রথার বিশ্লেষণের জন্য বৈজ্ঞানিক পদ্ধতির উল্লেখ করেছেন।

এছাড়া ফ্রান্সিস বেকনের আরেকটি বিখ্যাত গ্রন্থ হল '**নোভাম আর্গানাম**'। প্রকৃতপক্ষে ফ্রান্সিস বেকনই ছিলেন সর্বপ্রথম বৈজ্ঞানিক চিন্তাধারার উদ্ভাবক। ফ্রান্সিস বেকন 1603 খ্রিস্টাব্দে নাইটহুড পান। এছাড়াও 1618 এবং 1621 খ্রিস্টাব্দে ব্যারন ভিরলাম এবং ভিসকাউন্ট সেন্ট এলবান উপাধি পান। যেহেতু মৃত্যুর সময় তাঁর কোনো উত্তরসূরি ছিল না তাই পরবর্তীকালে তাঁর উপাধিগুলো বিলীন হয়ে যায়।

24. Write a short note on Rene Descartes.

➙ **রনে দেকার্ত** একজন ফরাসি দার্শনিক, গণিতজ্ঞ এবং বিজ্ঞানী। তিনি পাশ্চাত্যের প্রথম আধুনিক দার্শনিক হিসেবে স্বীকৃত। তিনি একজন দ্বৈতবাদী দার্শনিক ছিলেন। তাছাড়া তিনি জ্যামিতি ও বীজগণিতের মধ্যকার সম্পর্ক নিরূপণ করেন, যার দ্বারা বীজগণিতের সাহায্যে জ্যামিতিক সমস্যা সমাধান সম্ভব হয়। তিনি বস্তু সম্পর্কে এক নতুন ধারণা দেন। দেকার্ত 1956 খ্রিস্টাব্দের 31 মার্চ লা এ-তে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা জোয়াকিম দেকার্ত এবং মাতা জান ব্রোশার ছিলেন।

দেকার্ত দার্শনিক সমস্যা সমাধানের একটি পদ্ধতির প্রস্তাব করেন। দেকার্তের মত অনুযায়ী কোনো কিছুকে পরিষ্কারভাবে এবং ইন্দ্রিয় দিয়ে প্রত্যক্ষ না করা পর্যন্ত আমরা সেটাকে সত্য বলে ধরে নিতে পারি না। সেজন্য, কোনো জটিল সমস্যাকে যতগুলো সম্ভব একক সমস্যায় ভেঙে নেওয়া বা ছোটো করে নেওয়া দরকার। তখন সেগুলোর মধ্যে সবচেয়ে সহজ ভাব থেকে আমরা চিন্তা শুরু করতে পারি। দেকার্ত বিশ্বাস করতেন দর্শনের অগ্রসর হওয়া উচিত সরল থেকে জটিলের দিকে। জ্যামিতি ছিল দেকার্তের প্রিয় বিষয় এবং দেকার্ত নতুন চিন্তাধারা উপস্থাপন করেছিলেন জ্যামিতিক সূত্র ধরে। দেকার্ত তাঁর '**ডিসকোর্স**' (Discourse) নামক বিখ্যাত গ্রন্থে গণিতের বহু নতুন তত্ত্বের আবিষ্কার করেন।

দেকার্ত বলেন যে দুই ধরনের বাস্তবতা বা সারবস্তু রয়েছে। একটি সারবস্তু হচ্ছে চিন্তা বা মন, অন্যটি ব্যাপ্তি বা বস্তু। মন পুরোপুরি সচেতন এবং স্থানগত দিক দিয়ে কোনো জায়গা দখল করে না, ফলে এটাকে ছোটো ছোটো খণ্ডে বিভক্ত করা যায় না। অন্যদিকে বস্তু জায়গা দখল করে এবং একে ক্ষুদ্র থেকে ক্ষুদ্রতর অংশে ভাগ করা চলে। বস্তুর কোনো চেতনা নেই। দেকার্তের মতে দুই সারবস্তুই ঈশ্বর থেকে এসেছে যদিও এ দুই সারবস্তুর মধ্যে কোনো সম্পর্ক নেই। এজন্য দেকার্তকে **দৈত্ববাদী** বলা হয়।

25. Write a short note on Issac Newton.

➙ **স্যার আইজ্যাক নিউটন** প্রখ্যাত ইংরেজ পদার্থবিজ্ঞানী, গণিতবিদ, জ্যোতির্বিজ্ঞানী, প্রাকৃতিক দার্শনিক এবং আলকেমিস্ট। অনেকের মতে, নিউটন সর্বকালের সর্বশ্রেষ্ঠ এবং সবচেয়ে প্রভাবশালী বিজ্ঞানী। 1687 খ্রিস্টাব্দে তাঁর বিশ্ববন্দিত **Mathematical Principles of Natural Philosophy** প্রকাশিত হয় যাতে তিনি সর্বজনীন মহাকর্ষ এবং গতির তিনটি সূত্র বিধৃত করেছিলেন। এই সূত্র ও মৌল নীতিগুলোই চিরায়ত বলবিজ্ঞান

পরবর্তী তিন শতক জুড়ে বৈজ্ঞানিক চিন্তাধারার জগতে একক আধিপত্য করেছে। তিনিই প্রথম দেখিয়েছিলেন, পৃথিবী এবং মহাবিশ্বের সকল বস্তু একই প্রাকৃতিক নিয়মের অধীনে পরিচালিত। তাঁর গবেষণার ফলেই সৌরকেন্দ্রিক বিশ্বের ধারণার পেছনে সামান্যতম সন্দেহও দূরীভূত হয়ে বৈজ্ঞানিক বিপ্লব ত্বরান্বিত হয়।

গণিতের জগতেও নিউটনের জুড়ি মেলা ভার। নিউটন এবং লাইবনিজ যৌথভাবে ক্যালকুলাস নামে গণিতের একটি নতুন শাখার পত্তন ঘটান। এই নতুন শাখাটিই আধুনিক পদার্থবিজ্ঞানের জগতে বিপ্লব সাধনে মুখ্য ভূমিকা রেখেছে। এছাড়া নিউটন সাধারণীকৃত দ্বিপদী উপপাদ্য প্রদর্শন করেন, একটি ফাংশনের শূন্যগুলোর আপাতকরণের জন্য তথাকথিত নিউটনের পদ্ধতি আবিষ্কার করেন এবং পাওয়ার সিরিজের অধ্যয়নে বিশেষ ভূমিকা রাখেন। 1705 খ্রিস্টাব্দে তিনি নাইট উপাধিতে ভূষিত হন। সমগ্র মহাদেশ থেকেই তাঁর জন্য বিভিন্ন সম্মাননা এসেছিল। 1727 খ্রিস্টাব্দে 20 মার্চ তারিখে 85 বছর বয়সে তিনি মৃত্যুবরণ করেন। তাঁকে লন্ডনের ওয়েস্টমিনিস্টার অ্যাবে-তে সমাধিস্থ করা হয়।

26. Write a short note on Galilleo Galilei.

→ **গ্যালিলিও গ্যালিলি** ছিলেন একজন ইতালীয় পদার্থবিজ্ঞানী, জ্যোতির্বিজ্ঞানী, গণিতজ্ঞ এবং দার্শনিক। যিনি বৈজ্ঞানিক বিপ্লবের সাথে বেশ নিগূঢ়ভাবে সম্পৃক্ত। গ্যালিলিও 1564 খ্রিস্টাব্দের 15 ফেব্রুয়ারি তারিখে ইতালির টুসকানিতে অবস্থিত পিসা নগরীতে জন্মগ্রহণ করেন। তাঁর সবচেয়ে উল্লেখযোগ্য অবদানের মধ্যে রয়েছে দূরবীক্ষণ যন্ত্রের উন্নতি সাধন যা জ্যোতির্বিজ্ঞানের অগ্রগতিতে সবচেয়ে বড়ো ভূমিকা রেখেছে, বিভিন্ন ধরনের অনেক জ্যোতির্বৈজ্ঞানিক পর্যবেক্ষণ, নিউটনের গতির প্রথম এবং দ্বিতীয় সূত্র এবং কোপারনিকাসের মতবাদের পক্ষে একটি অতি গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণ। বিজ্ঞানী স্টিফেন হকিংয়ের মতে, আধুনিক যুগে প্রাকৃতিক বিজ্ঞানের এতো বিশাল অগ্রগতির পেছনে গ্যালিলিওর চেয়ে বেশি অবদান আর কেউ রাখতে পারে নি। তাঁকে আধুনিক জ্যোতির্বিজ্ঞানের জনক, আধুনিক পদার্থবিজ্ঞানের জনক এমনকি আধুনিক বিজ্ঞানের জনক হিসেবেও আখ্যায়িত করা হয়ে থাকে। এরিস্টটলীয় ধারণার অবসানে গ্যালিলিওর আবিষ্কারগুলোই সবচেয়ে বড়ো ভূমিকা রেখেছে। তাঁর বিখ্যাত রচনা---(1) সিডেরিয়াস নানসিয়াস অথবা দি স্টারি মেসেঞ্জার, (2) লেটার্স্ অন্ সানস্পট্স, (3) লেটার টু গ্রান্ড ডাচেস ক্রিস্টিনা, (4) দ্য অ্যাসায়ার (The Assayer), (5) ডায়ালগ কনসারনিং দি টু চিফ ওয়ার্ল্ড সিস্টেম্স, (6) টু নিউ সাইন্সেস, (7) ডায়াগ্রাম। 1624 সালে পৃথিবীর প্রথম অনুবীক্ষণ যন্ত্র তৈরি করেন।

27. What is 'take off stage'?

→ 1860 খ্রিস্টাব্দে ব্রিটিশ অর্থনৈতিক ইতিহাসবিদ্ আনল্ড টয়েনবি শিল্প বিপ্লবের সময়কালকে 'take off stage' বলে চিহ্নিত করেছেন। ডেভিড ল্যান্ডিসের মতে, শিল্প বিপ্লব হল সেই ধারাবাহিক প্রবাহ যা অর্থনীতিকে ম্যালাথাস কথিত উৎপাদনের চরমতম সীমা অতিক্রম করে আরো ঊর্ধ্বে তুলে নিয়ে যায়। তাই শিল্প বিপ্লবের নির্দিষ্ট সময়কাল চিহ্নিত করার পরিবর্তে ঐতিহাসিকেরা পুরাতন উৎপাদনব্যবস্থা থেকে গতিশীল, স্বনির্ভর আধুনিক উৎপাদনব্যবস্থার চূড়ান্ত সময়টিকে **'take off'** বা **'উড়ান'** বলে অভিহিত করেছেন। টয়েনবি ইংল্যান্ডে take off-এর সময় 1760 খ্রিস্টাব্দকে নির্দিষ্ট করেছেন। জার্মান ঐতিহাসিক W. Hoffman 1780 খ্রিস্টাব্দকে take off-এর সময় নির্দিষ্ট করেছেন। অধ্যাপক W. W. Rastow 1783 খ্রিস্টাব্দ থেকে 1802 খ্রিস্টাব্দের মধ্যে take off-এর সময়কাল নির্দিষ্ট করেছেন। বেশিরভাগ ঐতিহাসিকরা বলেন যে, 1760-1780 খ্রিস্টাব্দকে ইংল্যান্ডের শিল্প বিপ্লবের উড্ডয়নকাল বা take off Stage বলে ধরা উচিত। এ প্রসঙ্গে Phyllis Deane-এর মতে, শিল্পে take off-এর সময় নিরূপণের বিষয়টি আসলে 'কেবল জোড় দেওয়ার ব্যাপার, আসল প্রভেদ নগণ্য'। তাঁর মতে 'ইতিহাস যেমন একটি চলমান অবিচ্ছিন্ন ধারা, তেমনি ইতিহাস বহু বিচ্ছিন্নতার গাঁথা একটি মালা'। ইতিহাসের এই ঘটনাকে বিশ্লেষণের পদ্ধতি ও প্রকাশের প্রভেদ হেতু বিশ্লেষকদের সিদ্ধান্তে এ ধরনের মতভেদ থাকা অসম্ভব নয়।

28. Write a short note on Feudalism.

→ **সামন্ততন্ত্র** মধ্যযুগের ইউরোপের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান বা প্রথা। সামন্ততন্ত্র ছিল মূলত এক প্রকার ভূমি ব্যবস্থাপনা। এই ব্যবস্থা সমগ্র মধ্যযুগব্যাপী অর্থাৎ নবম শতক হতে পনেরো শতক পর্যন্ত ইউরোপবাসীর রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক জীবন এবং তাদের আচার-আচরণ ও ভাবধারার ওপর বিশেষভাবে প্রভাব বিস্তার করেছিল। উৎপত্তিগতভাবে দেখতে গেলে দেখা যায় সামন্ততন্ত্র একটি ল্যাটিন শব্দ **Feudam** থেকে এসেছে। এখানে **Feduam** অর্থ **Fief** বা ক্ষুদ্র জমি। অন্যদিকে হস্তান্তরিত ক্ষুদ্র জমিকে অথবা শর্তাধীনে জমি দানকে বলা হত **Feif** বা **Feud**। আর এই **Feud** থেকে **Feudal** (সামন্ত) এবং **Feudal** শব্দ থেকেই সামন্ততন্ত্র বা **Feudalism** শব্দের উৎপত্তি ঘটেছে।

সামন্ততন্ত্র বিকাশিত হয়েছিল তখন যখন সম্পদ ও ক্ষমতার উৎস ছিল একমাত্র জমি। জার্মান অভিবাসনের সময় শিল্প ও বাণিজ্য ক্ষতিগ্রস্থ হয়েছিল এবং এ সময় মূলত জমিকেন্দ্রিক উৎপাদন গুরুত্ব লাভ করায় জমির মালিকের নিকট ক্ষমতা কেন্দ্রীভূত হয়েছিল। সামন্ত প্রথার উৎপাদনের কাজে সামন্ত প্রভুদের কোনো ভূমিকা থাকত না। উৎপাদনের কাজে নিয়োজিত থাকত কৃষক ও ভূমিদাসগণ অথচ উৎপাদিত ফসলের এক বিরাট অংশ পেত সামন্ত প্রভুরা।

সামন্ততন্ত্র মূলত ভূমিকেন্দ্রিক একটি সরকার ব্যবস্থা। যেখানে রাষ্ট্রের কেন্দ্রীয় প্রশাসনের পরিবর্তে স্থানীয় ভূস্বামীদের মধ্যে রাজনৈতিক ও প্রশাসনিক ক্ষমতা বিকেন্দ্রিভূত হয়েছিল। তবে যথাযথভাবে সামন্ততন্ত্রের সংজ্ঞা দেওয়া অত্যন্ত দুরূহ ব্যাপার। কেননা একক কোনো সংজ্ঞায় সামন্ততন্ত্রকে ব্যাখ্যা করা যায় না। তাছাড়া ঐতিহাসিকদের মধ্যেই এ নিয়ে মতভেদ রয়েছে। কেউ কেউ বলেন যে, দশ ও এগারো শতকে ইউরোপে যে বিশেষ সমাজব্যবস্থার উদ্ভব হয়েছিল তাই সামন্ত ব্যবস্থা। এছাড়া জার্মান ঐতিহাসিক

Ganshop বলেন, মধ্যযুগে ইউরোপে কতগুলো অদ্ভুত ব্যবস্থার উদ্ভব হয়েছিল যা বিকাশ লাভ করেছিল একখণ্ড জমিকে কেন্দ্র করে। এর অর্থ একজন আর একজনকে জমি দান করবে এবং জমি দানকারী হচ্ছেন লর্ড আর যিনি গ্রহণ করেছেন তিনি হলেন ভেসাল। এ লর্ড ও ভেসালের মধ্যে যে সম্পর্ক এবং তার ফলে যে ব্যবস্থার উদ্ভব হয়েছিল তাই হল সামন্ততন্ত্র বা সামন্তব্যবস্থা। সুতরাং সামন্ততন্ত্র বলতে আমরা বুঝি এমন কতগুলো প্রথা, বিধি ও ব্যবস্থার সমষ্টি যেখানে শক্তিশালী মানুষ দুর্বল মানুষকে সাহায্য করবে এবং এর বিনিময়ে দুর্বল মানুষ শক্তিশালী মানুষকে সেবা করবে।

29. Write a short note on Rem Brandt.

→ রেমব্রন্ট ফান রেইন হল্যান্ডের সবচেয়ে বিখ্যাত শিল্পী এবং ইউরোপের ইতিহাসের সেরা চিত্রশিল্পী ও ছাপচিত্রশিল্পীদের একজন। ১৭শ শতকে ওলন্দাজ স্বর্ণযুগের সময় তিনি অসামান্য অবদান রাখেন। তাঁর উল্লেখযোগ্য চিত্রগুলি হল—The Prodigal son in the Tavern (1635), The Anatomy Lesson of Dr. Nicolaes Tulp (1632), Belshazzar's Feast (1635), The Night watch (1642), Bathasheba at Her Bath (1654), Shyndics of the Draper's Guild, (1662) প্রভৃতি। তিনি 1669 খ্রিস্টাব্দে নেদারল্যান্ডের আমস্টারডামে মৃত্যুবরণ করেন।

30. Write a short note on Thomas Hobbes.

→ টমাস হব্‌স ছিলেন ইংরেজ দার্শনিক। যিনি বিশ্বব্যাপী রাজনৈতিক দর্শনের বিষয়ে তাঁর কর্মের জন্য অধিক পরিচিত। ১৬৫১ সালে প্রকাশিত ***'লেভিয়েথন'*** গ্রন্থে তিনি সামাজিক চুক্তি তত্ত্বের ধারণা প্রতিষ্ঠা করেন, যা পরবর্তিতে পাশ্চাত্যের রাজনৈতিক দর্শনের গোড়াপত্তন করে। এই গ্রন্থে তিনি কীভাবে বৈপ্লবিক বিশৃঙ্খলাকে ঠেকানো যায় তার বিবরণ দিয়েছেন। তিনি নিরঙ্কুশ ক্ষমতায় বিশ্বাস করলেও তাঁকে কখনও নিরঙ্কুশ রাজ ক্ষমতার সমার্থক মনে করেননি। হবসের বিখ্যাত উক্তি ছিল—"Solitary, poor, nasty, brutish and short." হবস মানুষকে সাধারণ প্রাণী বলেই মনে করেছেন। তিনি রাজশক্তি ক্রমবৃদ্ধিতে বিশ্বাসী ছিলেন। হবসের এই গ্রন্থ উদার সংবিধানপন্থী এবং রক্ষণশীল রাজভক্ত উভয়কেই শঙ্কিত করেছিল। তবে, তাঁর এই গ্রন্থে আধুনিক ও স্বয়ংসম্পূর্ণ রাষ্ট্রের পূর্বাভাস ছিল—এই মন্তব্যটি যথেষ্ট প্রাসঙ্গিক।

31. Write a short note on John Locke.

→ জন লক ইংরেজ দার্শনিক, অর্থনীতিবিদ আলোকিত যুগের অন্যতম চিন্তাবিদ এবং রাজনৈতিক ভাষ্যকার। জ্ঞানতত্ত্বের আলোচনায় পদ্ধতিগত দিক থেকে নতুনভাবে অভিজ্ঞতাবাদের প্রয়োগ করেছেন এবং বস্তুবাদী দার্শনিক চিন্তাধারাতে মৌলিক প্রশ্ন উত্থাপন করেছেন। তাঁর লেখনী যেমন আধুনিক রাজনৈতিক দর্শনের আকর গ্রন্থসমূহ রূপে বিবেচিত, তৎকালীন রাজনৈতিক পালাবদলের একজন সক্রিয় কর্মী হিসাবে নাগরিক অধিকার ও বুর্জোয়া শ্রেণির ক্রমবিকাশে তেমনি রয়েছে তাঁর প্রত্যক্ষ অবদান। পুরুষতান্ত্রিক সামাজিক কাঠামোতে নারীর অবস্থান ও ভূমিকা বিষয়ে লকের মতামত ছিল আধুনিক নারীবাদী চিন্তার অনুকূল এবং পরবর্তীকালের অসংখ্য দার্শনিক ও রাষ্ট্রচিন্তাবিদের উপর রয়েছে তাঁর আসামান্য প্রভাব।

১৬৩২ সালে ব্রিস্টলের নিকটবর্তী রিংটনে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নামও ছিল জন লক এবং তিনি ছিলেন একজন সফল আইনজীবী। ১৬৭১ সালের দিকে তিনি মানবিক জ্ঞান ও রাষ্ট্র সমাজ সম্পর্কিত তাঁর প্রবন্ধাবলি রচনা শুরু করেন। ১৬৯০-তে তাঁর বিখ্যাত 'মানবিক জ্ঞান ও রাষ্ট্র সমাজ, সম্পর্কিত তাঁর প্রবন্ধাবলি রচনা শুরু করেন। ১৬৯০-তে তাঁর বিখ্যাত 'মানবিক জ্ঞান বিষয়ক প্রবন্ধ' (**An Essay Concerning Human Understanding**) প্রথম সংস্করণ বের হয়। একই বছর আরও একটি বিখ্যাত গ্রন্থ 'সমাজ সরকার সম্পর্কিত দুটি গবেষণা পত্র' (**Two Treatise On Civil Government**) প্রকাশিত হয়। ১৬৯৩-তে বের হয় 'শিক্ষা বিষয়ক কিছু চিন্তা' (**Some Thoughts Concerning Education**)। জীবনের শেষ দিকে তাঁর স্বাস্থ্য বেশ খারাপ হয়ে যায় এবং ১৭০৪ সালে মৃত্যুবরণ করেন। ব্যক্তিগত জীবনে লক ছিলেন অকৃতদার এবং তাঁর কোনো সন্তান ছিল।

32. Write a short note on Milton.

→ **জন মিল্টন** সপ্তদশ শতাব্দীর ইংরেজ কবি, গদ্য লেখক এবং কমনওয়েলথ অব ইংল্যান্ডের একজন সরকারি কর্মচারী। তাঁর প্রসিদ্ধ কাব্য **প্যারাডাইস লস্ট**-এর কারণে তিনি সমধিক পরিচিত। কিন্তু বিভিন্ন সামাজিক ও সাহিত্য জার্নালের কল্যাণে মিল্টনের অবদান একুশ শতাব্দীতেও অটুট রয়েছে।

১৬৫৮ থেকে ১৬৬৪ সালের মধ্যে মিলটন তাঁর মহাকাব্য 'প্যারাডাইজ লস্ট' রচনা করেন। সেসময় তিনি অন্ধ এবং দরিদ্র ছিলেন। মিলটন ১৬৭১ সালে প্যারাডাইস লস্টের পরবর্তী অংশ 'প্যারা প্যারাডাইজ রেগেইনড' (**Paradise Regained**) রচনা করেন, একই সময় স্যামসন অ্যাগনিস্টস (**Samson Agonistes**) নামক একটি ট্রাজেডি রচনা করেন। ১৯৭৩ সালে মিলটন তাঁর ১৬৪৫টি কাব্য এবং তাঁর চিঠির সংগ্রহ পুনরায় প্রকাশ করেন। একই সময়ে তিনি ক্যামব্রিজে থাকাকালীন ল্যাটিন ভাষায় লেখা খসড়াগুলোও প্রকাশ করেন। ১৬৬৮ সালের প্যারাডাইজ লস্টের একটি সংস্করণ যা মিলটনের ব্যক্তিগত কপি ওয়েস্টার্ন অন্টেরিয় বিশ্ববিদ্যালয়ের সংগ্রহশালায় সংরক্ষিত আছে।

মিলটনের প্রথম কবিতা হল 'On the Morning Chirt's Nativity', যা ইংল্যান্ডের গীতি কবিতার সর্বোচ্চ শিখর স্পর্শ করেছিল। ১৬৩০ খ্রিস্টাব্দে তিনি 'On Shakespeare' এবং ১৬৩১ খ্রিস্টাব্দে 'On Arriving at the Age of twenty three' রচনা করেন। মিলটনের অন্যান্য উল্লেখযোগ্য কবিতাগুলি হল—'L'Allegro', 'It penserose', 'Comus', 'Lycidas' প্রভৃতি। প্রকৃতপক্ষে মিলটন ছিলেন ইংরাজি সাহিত্যের এক অনন্য প্রতিভা।

33. Write a short note on Giordano Bruno.

→ **জর্দানো ব্রুনো** একজন ইতালীয় দার্শনিক, ধর্মযাজক, বিশ্বতত্ত্ব বিশারদ। ব্রুনো তাঁর স্মৃতিবর্ধন পদ্ধতির জন্য বিখ্যাত যা সংগঠিত জ্ঞানের ওপর ভিত্তি করে তিনি প্রতিষ্ঠা করেছিলেন। মহাবিশ্ব সম্পূর্ণ সুষম এবং অসীম নয় তার প্রাথমিক প্রস্তাবকদের মধ্যে তিনি একজন। প্রচলিত ধর্মের বিরোধিতার অপরাধে তাঁকে পুড়িয়ে মারা হয়। এজন্য অনেকে তাঁকে চিন্তার মুক্তির জন্য নিবেদিত একজন শহিদ হিসেবে গণ্য করে থাকেন। জিওর্দানো ব্রুনো ১৫৪৮ খ্রিস্টাব্দে ইতালির ভিসুভিয়াস পর্বতমালার অদূরে "নোলা" নামক ছোট্ট এক শহরে জন্মগ্রহণ করেন। ব্রুনো বিজ্ঞান, দর্শন এবং যুক্তিবাদ নিয়ে এমন সব চিন্তা করেছিলেন যা বিংশ শতাব্দীতে এসে প্রতিষ্ঠিত হয়েছে। এজন্যই বলা হয়, ব্রুনো অসময়ে জন্ম নিয়েছিলেন, তাঁর জন্ম আরও অনেক পরে হওয়া উচিত ছিল।

34. Write a short note on Kepler.

→ **কেপলার** একজন জার্মান গণিতবিদ, জ্যোতির্বিজ্ঞানী ও জ্যোতিষী। তিনি ১৭শ শতকের জ্যোতির্বৈজ্ঞানিক বিপ্লবের অন্যতম প্রধান ব্যক্তি ছিলেন। তিনি বিখ্যাত হয়ে আছেন কেপলারের গ্রহীয় গতিসূত্রের কারণে। পরবর্তীকালের জ্যোতির্বিজ্ঞানীরা তাঁর লেখা 'আস্ত্রোনমিয়া নোভা', 'হারমোনিকেস মুন্দি' এবং 'এপিতোমে আস্ত্রেনমিয়াই কোপেরনিকানাই' বইগুলির মধ্যে লেখা নীতিগুলিই তাঁর সূত্র হিসেবে নামকরণ করেছেন। কেপলারের আগে গ্রহের গতিপথ জ্যোতিষ্কসমূহের খ-গোলক অনুসরণ করে নির্ণয় করা হত। কেপলারের পরে জ্যোতির্বিজ্ঞানীরা বুঝতে পারেন গ্রহগুলো উপবৃত্তাকার কক্ষপথ অনুসরণ করে। কেপলারের গ্রহীয় সূত্রগুলো আইজ্যাক নিউটনের বিশ্বজনীন মহাকর্ষ তত্ত্বের ভিত্তি হিসেবে কাজ করেছিল।

কেপলার তাঁর আবিষ্কারগুলোকে ধর্মীয় যুক্তির মাধ্যমে সিদ্ধ করার চেস্টা করেছিলেন। তিনি মনে করতেন ঈশ্বর একটি মহাপরিকল্পনার অংশ হিসেবে বিশ্বজগৎ সৃষ্টি করেছেন এবং প্রাকৃতিক কার্যকারণ অনুসন্ধানের মাধ্যমেই কেবল সেই পরিকল্পনার কিছুটা বোঝা সম্ভব। এজন্য বোধহয় কেপলারের গবেষণাকর্মকে জ্যোতির্বিজ্ঞান না বলে জ্যোতির্বিদ্যা বলাই বেশি যুক্তিসঙ্গত হবে। মোটকথা, জ্যোতির্বিদ্যাকে সর্বজনীন গাণিতিক পদার্থবিদ্যার একটি শাখা হিসেবে বিবেচনা করে তিনি ভৌত বিশ্বতত্ত্বের সুপ্রাচীন প্রথাকে একটি নতুন আঙ্গিক দিয়েছিলেন।

35. Write a short note on Roger Bacon.

→ **রজার বেকন** একজন ইংরেজ দার্শনিক, ইউরোপে মধ্যযুগের অন্যতম শ্রেষ্ঠ দার্শনিক ছিলেন। তিনি ছিলেন আধুনিক পরীক্ষামূলক বিজ্ঞানের **(Scientific Method)** একজন পথিকৃৎ। যুক্তি ও বিজ্ঞানে ফ্রান্সিস বেকন যে নবযুগের সূচনা করেন, তার ভিত্তি স্থাপিত হয় তিনশ বছর পূর্বে রজার বেকনের হাতে। যন্ত্রবিদ্যা, আলোকবিজ্ঞান, রসায়ন প্রভৃতি বিষয়ে তাঁর অসাধারণ দক্ষতার জন্য তাঁকে 'বিস্ময়কর ডাক্তার' বলে। তাঁর লেখা বইয়ের নাম "ওপাশ মাজুস"।

36. Write a short note on Thomas More.

→ **স্যার থমাস মুর** (রোমান ক্যাথলিকদের কাছে **সন্ত থমাস মুর** নামে পরিচিত) ছিলেন একজন ইংরেজ আইনজ্ঞ, সমাজ দার্শনিক, লেখক, কূটনীতিক ও রেনেসাঁ যুগের একজন মানবতাবাদী। তিনি ১৫২৯ সাল থেকে ১৬ মে ১৫৩২ পর্যন্ত ইংল্যান্ডের রাজা হেনরি অষ্টম এবং লর্ড চ্যান্সেলর কাউন্সিলর হিসেবে কর্মরত ছিলেন। থমাস মুর প্রটেস্ট্যান্ট সংস্কারের সম্পূর্ণ বিপক্ষে ছিলেন এবং সংস্কারের পক্ষে যাঁরা ধর্মতত্ত্ব দিয়েছিলেন বিশেষ করে মার্টিন লুথার ও উইলিয়াম টিন্ডেলের মতো লেখকদের বই তিনি পুড়িয়ে ফেলেছিলেন। স্যার থমাস মুর একটি কাল্পনিক দ্বীপরাষ্ট্রের আদর্শ রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক অবস্থা নিয়ে তিনি একটি বই লেখেন যার নাম "ইউটোপিয়া"। বইটি প্রকাশিত হয় ১৫১৬ খ্রিস্টাব্দে। পরবর্তীতে থমাস মুর ক্যাথলিক চার্চ থেকে রজার কর্তৃত্ব অপসারণের বিপক্ষে ছিলেন এবং একই সাথে ক্যাথরিন অফ এরাগনকে বিয়ে করার জন্য ও পোপের কর্তৃত্ব স্বীকার করার জন্য চার্চ অফ ইংল্যান্ডের সুপ্রিম হেড হিসেবে রাজার অবস্থানের বিরোধিতা করেছিলেন। পরবর্তীতে সাজানো সাক্ষ্যের মাধ্যমে তাঁকে দোষী সাব্যস্ত করা হয় এবং শিরেচ্ছেদের মাধ্যমে তাঁর মৃত্যুদণ্ড কার্যকর করা হয়। মুর লিখেছিলেন ল্যাটিন ও ইংরেজি ভাষায়। তাঁর লিখিত বইগুলো হচ্ছে লাইফ অব জন পিকাস, হিস্ট্রি অব কিং রিচার্ড থ্রি, ইউটোপিয়া, (১৫১৬), রেসপন্সিও এড লুথেরাম, (১৫২৩), এপিস্টোলা এড পোমের‌্যানাম, (১৫২৬), ফোর লাস্ট থিংস, (১৫২২), টিন্ডলস আযান্সার, (১৫৩২-৩৩), এ ডায়ালগ কনসারনিং হরেসিস, (১৫৩৩), অ্যাপোলজি, (১৫৩৩), ডোবেলসিওন (১৫৩৩), এ ডায়ালস অব কমফোর্ট এগেইনস্ট ট্রাইবুলেশন প্রভৃতি।

37. Write a short note on Utopia.

→ ইউটোপিয়া হচ্ছে স্যার থমাস মুর রচিত একটি বই যা ১৫১৬ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়। এই গ্রন্থটি আকারে ক্ষুদ্র হলেও দুখণ্ডে বিভক্ত। এটির প্রথম খণ্ড রচিত হয় ১৫১৬ সালে এবং দ্বিতীয় খণ্ড রচিত হয় ১৫১৫ সালে। অনেকটা প্লেটোর অনুকরণে তিনি প্রথমেই আদর্শ রাষ্ট্রের রূপরেখা ও পরিকল্পনা অঙ্কন করেন, যা বইয়ের দ্বিতীয় খন্ডের অন্তর্ভুক্ত রয়েছে। শেষে রচনা করেন ত্রুটিপূর্ণ রাষ্ট্র ও সমাজব্যবস্থার বিবরণ যা অন্তর্ভুক্ত হয়েছে প্রথম খণ্ডে। এই গ্রন্থেই ইংল্যান্ডের গ্রিক ও ল্যাটিন ভাষায় পন্ডিতদের অপরিহার্য গুণাবলি স্পষ্টভাবে আলোচিত হয়েছিল। এছাড়া সামাজিক, রাজনৈতিক ও ধর্মসংক্রান্ত সংস্কারের ব্যাপারে তাঁর গভীর অনুভূতি এই গ্রন্থে পরিস্ফুট হয়ে ওঠে। Utopia গ্রন্থকে ইংল্যান্ডের মানবতাবাদী সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ সম্পদ বলে মনে করা হয়।

38. Write a short note on Black Death.

→ ১৩৪৮—১৩৫০ খ্রিস্টাব্দের মধ্যে প্রায় সমগ্র ইউরোপ এক করাল প্লেগ মহামারির কবলে পড়েছিল। একেই Black Death বা কৃষ্ণ মহামারি বলা হয়।

ইতালিতে শুরু হয়ে কৃষ্ণ সাগরীয় অঞ্চলের বাণিজ্যতরীগুলির দ্বারা এই রোগ বাহিত হয়ে ইউরোপের অন্যান্য দেশে ছড়িয়ে পড়ে। ১৩৪৮-এ ইংল্যান্ডে এবং ১৩৪১-এ স্কটল্যান্ডে এই মহামারি শুরু হয়। ইংল্যান্ডের এক-তৃতীয়াংশ মানুষ এতে মারা যায়। স্পেন, জার্মানি, রাশিয়া প্রভৃতি দেশও এর হাত থেকে রক্ষা পায়নি। অন্তত আড়াই কোটি মানুষ এই মহামারিতে মৃত্যুবরণ করেছিল বলে মনে করা হয়। Black Death-এর ফল সাংঘাতিক ছিল। এর ফলে ইউরোপের গ্রাম জনশূন্য হয়ে পড়ে ও গ্রামীণ অর্থনীতি ক্ষতিগ্রস্ত হয়। শহরে ব্যবসা-বাণিজ্যের ব্যাপক ক্ষতি হয়। ফলে ইউরোপে সামাজিক ও অর্থনৈতিক জীবনে বিপুল পরিবর্তন আসে।

39. Write a short note on Edict of Nantes.

➙ ফ্রান্সের সম্রাট চতুর্থ হেনরি ১৫৯৮ খ্রিস্টাব্দে Edict of Nantes ঘোষণা করেন। ফ্রান্সের ক্যাথলিক ও প্রোটেস্টান্টদের মধ্যে দ্বন্দ্ব মেটাবার জন্য Edict of Nantes ঘোষণা করা হয়েছিল। Nantes নামক বন্দরটি পশ্চিম ফ্রান্সে অবস্থিত ছিল। চতুর্থ হেনরি Edict of Nantes ঘোষণা করার সাথে সাথে একদিকে যেমন দীর্ঘদিনের খ্রিস্টীয় ধর্মযুদ্ধের অবসান ঘটিয়েছিলেন, তেমনই অন্যদিকে ক্যাথলিকদের এবং প্রোটেস্টান্টদেরও ধর্মসংক্রান্ত অধিকার সংরক্ষিত করেন। রিমুল্য এই Edict of Nantes বাতিল বলে ঘোষণা করেন।

40. Write a short note on Peter the Great.

➙ সম্রাট মহান পিটার বা পিয়োত্‌র আলেক্সিয়েভিচ রোমানফ ৭ মে, ১৬৮২ থেকে মৃত্যুর আগে পর্যন্ত রাশিয়া শাসন করেন। পিটার রাশিয়াতে "Warm Water Policy" অভিযান চালান এবং তাঁর অধীনে রুশ-জার শাসন ইউরোপের একটি অন্যতম প্রধান পরাশক্তি রুশ সাম্রাজ্য রূপান্তরিত হয়। পিটার ছিলেন রাশিয়ার প্রথম জার, যিনি রাশিয়ার ভবিষ্যৎ পররাষ্ট্রনীতির গতিপথ স্থির করেন। পিটারের কৃতিত্ব হল তিনি রাশিয়াকে পশ্চিমি ধাঁচে সর্বশক্তিমান জারতন্ত্রের অধীনে একটি শক্তিশালী প্রশাসন গড়ে তুলতে সচেষ্ট হন। রাশিয়ার অর্থনৈতিক বুনিয়াদকে সুদৃঢ় করার জন্য তিনি শিল্প ও বাণিজ্যের পৃষ্টপোষকতা করেন। সাংস্কৃতিক দিক থেকে তাঁর সময় রাশিয়ার প্রথম সংবাদপত্র প্রকাশিত হয়। তাই পিটারকে 'আধুনিক রাশিয়ার জনক' (Peter the Great) বলে অভিহিত করা হয়।

41. Write a short note on Magellan.

➙ ফার্ডিনান্ড ম্যাগেলান নৌপথে পৃথিবী ভ্রমণকারী প্রথম ব্যক্তি। তিনি পর্তুগিজ হলেও স্পেনের রাজার প্রত্যক্ষ সহায়তায় সমুদ্র-অভিযানে বের হন ও "মসল্লার দ্বীপ"-এর পথ আবিষ্কারের প্রচেষ্টা করেন। তিনি প্রশান্ত মহাসাগরের প্রকৃত বিস্তৃত করেন। ১৫১৭ খ্রিস্টাব্দে ম্যাগেলান দক্ষিণ আমেরিকাকে কেন্দ্র করে সমুদ্র যাত্রা শুরু করেন এবং ফিলিপাইন দ্বীপে এসে উপস্থিত হন। তিনি স্থানীয় বাসিন্দাদের হাতে নিহত হন।

42. Write a short note on Vasco da Gamma.

➙ ভাস্কো দা গামা একজন পর্তুগিজ অনুসন্ধানকারী এবং পর্যটক ছিলেন, যিনি প্রথম নৌপথে ইউরোপ থেকে ভারতে আসেন। তিনিই প্রথম ইউরোপীয় ব্যক্তি যিনি সম্পূর্ণ সাগর পথ পাড়ি দিয়ে ভারতে এসে উপস্থিত হন, তাঁর ভ্রমণে এশিয়া এবং ইউরোপকে সংযোগ করার সাথে সাথে আটলান্টিক মহাসাগর এবং ভারত মহাসাগরকে সংযোগ করেছিল এবং এ দিক থেকেই তিনি পশ্চিম সংস্কৃতির সাথে পাশ্চাত্য দুনিয়ার সেতুবন্ধন গড়ে তোলেন। তাঁর প্রথম ভারতমুখী ভ্রমণে (১৪৯৭—১৪৯৯) এই কাজ সম্পন্ন হয়েছিল। ভাস্কো দা গামার এই আবিষ্কার বৈশ্বিক সাম্রাজ্যবাদের ইতিহাসে অতি তাৎপর্যপূর্ণ ছিল কারণ এই ভ্রমণের দ্বারাই পর্তুগিজদের এশিয়া মহাদেশে দীর্ঘকালীন উপনিবেশ স্থাপনের পথ সুগম হয়েছিল। তাঁর দ্বারা আবিষ্কৃত পথটি বিবাদপূর্ণ ভূমধ্যসাগর এবং বিপজ্জনক আরব উপদ্বীপ পার হওয়া থেকে রেহাই দিয়েছিল কারণ সমগ্র পথটিই ছিল সাগর পথে। আসা-যাওয়ার জন্য অতিক্রম করা দূরত্বের দৈর্ঘ্য সেই সময়কার সর্বাধিক ভ্রমণ দূরত্ব (সমুদ্র যাত্রা) ছিল এবং এই দূরত্ব বিষুবরেখার দৈর্ঘ্য থেকেও বেশি ছিল। নৌপথ আবিষ্কারের এক শত বছর পর, ইউরোপীয় শক্তি যেমন ইংল্যান্ড, নেদারল্যান্ডস এবং ফ্রান্স অবশেষে সক্ষম হয় পর্তুগিজদের একাধিপত্য ভেঙ্গো দিতে। এমনকি তাদের নৌ শক্তির আধিপত্য আফ্রিকার কাছাকাছি, ভারত মহাসাগর এবং প্রাচ্যের দূরবর্তী স্থানে, যা প্রাচ্যে ইউরোপীয় সাম্রাজ্যবাদের এক নতুন যুগ সৃষ্টি করে। হাজার হাজার জীবন এবং ডজন ডজন জাহাজ ডুবি এবং আক্রমণ, নাবিকদের দশকের পর পর দশক ধরে প্রচেষ্টার পর ভাস্কো দা গামা ১৪৯৮ সালের ২০ মে ভারতের কালিকট (Calicut) বন্দরে উপস্থিত হতে সক্ষম হন। ভাস্কো দা গামার আবিষ্কারে, পৌরাণিক ভারতীয় মশলা ব্যবসায় এসেই বাধাহীন সহযোগিতায় পর্তুগিজ সাম্রাজ্যের অর্থনীতি উন্নত করে তোলেন, যা মূলত উত্তর ও উপকূলীয় পশ্চিম আফ্রিকার সাথে ব্যবসা-বাণিজ্যের মাধ্যমে হত। প্রথমদিকে যার বেশিরভাগই গোলমরিচ এবং দারুচিনি/ডালচিনি ছিল, তবে শীঘ্রই অন্যান্য পণ্যও যোগ হয়, যা ইউরোপে সম্পূর্ণ নতুন ছিল এবং কয়েক দশক ধরে ব্যবসায়িক আধিপত্য বজায় রাখতে কার্যকর হয়েছিল।

43. Write a short note on Proto Industrilization.

➙ আদি শিল্পায়ন বা Proto Industrilization ছিল এমন একটি স্তর যা প্রাচীন সামন্ততান্ত্রিক উৎপাদনব্যবস্থা এবং আধুনিক কারখানা নির্ভর উৎপাদনব্যবস্থার মধ্যবর্তী সময়ে ঘটেছিল। সাধারণভাবে 'আদি শিল্পায়ন' বলতে গ্রামাঞ্চলের শিল্প, গৃহশিল্প অথবা কুটিরশিল্পকে বোঝাতো। এর কাঠামো ছিল—চিরাচরিত উৎপাদনব্যবস্থাকে ব্যবহার করে খুব স্বল্প মজুরিতে শ্রমিক নিয়োগ করে বাজারের চাহিদা অনুযায়ী পণ্য প্রস্তুত করা। এই পণ্যের চাহিদা দেশীয় এবং আন্তর্জাতিক বাজারে ছিল। দ্বিতীয়ত, শ্রমিকদের ক্রমবর্ধমান উৎপাদন ক্ষমতাকে বেশি মুনাফার জন্য ব্যবহার করা হত না। ঐতিহাসিক ফ্রাঙ্কলিন মেন্ডেলস্-এর মতে, ধনতন্ত্র গড়ে ওঠার প্রাথমিক পর্বে অন্তর্দেশীয় এবং আন্তর্জাতিক বাজারের যে শিল্পজাত পণ্যের উৎপাদনব্যবস্থা ইউরোপের গ্রামাঞ্চলে বিশেষভাবে গড়ে উঠেছিল তাকেই 'আদি পর্বের শিল্পায়ন' বলা যেতে পারে। ইউরোপের ইতিহাসে ষোড়শ এবং সপ্তদশ শতক আদি শিল্পায়নের সময় বলে মনে করা হয়। এই শিল্পের প্রধান প্রধান

উৎপাদিত পণ্য ছিল নিম্নমানের বস্ত্র, খনিজ সম্পদ উৎপাদন এবং ধাতুশিল্প। আদি পর্বের শিল্পায়নে ইউরোপের বণিকরা প্রচুর মুনাফা লাভ করেছিল। তবে শেষ পর্যন্ত আদি পর্বের শিল্প উৎপাদনের অবসান ঘটেছিল।

44. Write a short note on 11 years tyranny.

➙ ১৬২৯ খ্রিস্টাব্দ থেকে ১৬৪০ খ্রিস্টাব্দ পর্যন্ত প্রথম চার্লস ব্রিটিশ পার্লামেন্টকে উপেক্ষা করে যথেচ্ছভাবে দেশ শাসন করে। প্রথম চার্লসের রাজত্বের এই সময়কাল একাদশ বর্ষব্যাপী স্বৈরশাসন (11 years tyranny) নামে পরিচিত। ১৬২৫ খ্রিস্টাব্দে প্রথম চার্লস পার্লামেন্ট বাতিল করে দিয়ে সমস্ত শাসনকার্য পরিচালনা করত। এই সময় তিনি বেশ কিছু স্বৈরাচারী আইন চালু করেছিলেন। তিনি পার্লামেন্টের উল্লেখযোগ্য সদস্যদের গ্রেপ্তার এবং বিশপসহ প্রত্যেকেরই কণ্ঠরোধ করেছিলেন। তিনি 'পিটিশন অফ পিয়ার্স' সহ বিভিন্ন আটক ও বিবর্তনমূলক আইন চালু করেছিলেন। এর ফলে জনগণ অলিভার ক্রমওয়েলের নেতৃত্বে প্রথম চার্লসের বিরুদ্ধে সোচ্চার হন এবং বিদ্রোহ ঘোষণা করেন। এর ফলে এগারো বছরের সন্ত্রাসের শাসনের অবসান ঘটে।

ষষ্ঠ পত্র (SIXTH PAPER)

History of Modern Europe C. AD (1780-1939)

সূচিপত্র

ষষ্ঠ পত্র (SIXTH PAPER)

1. Who were Sons-Culottes?
2. Mention the name of the "Three Estates" of the French society.
3. Write a short note on the "Third Estates" of the French society.
4. Who was Rousseau? What were his chief ideas?
5. Who was Montesquieu? What were his basic ideas?
6. Who was Quesnay? Mention his chief ideas.
7. Write a brief note on the Physiocrats.
8. Write a short note on the philosophy of Voltaire.
9. Who were known as the Encyclopaedists? Name them.
10. What was the Tenius Court Oath? What it revolutionary?
11. Explain the historical significance of the 'Declaration of the rights of Man and citizen'?
12. Who were Jacobins?
13. Write a note on the concordat of 1801.
14. Was the Battle of Trafalgar an important mark in Nepolean's career?
15. Write a note on the Treaty of Tilset.
16. Write a note on the code of Nepoleon.
17. Write a note on the Spanish Ulcer.
18. What was the aim of Vienna Congress?
19. Briefly assess Garibaldi's contribution to Italian Unification.
20. How did Zolleverein Contribute to German Unity?
21. Write a brief note on the convention of Gastien.
22. Briefly state the context and importance of the Ems Telegram.
23. What is Kultur Kampf?
24. Who was the sick man of Europe? Why was it so called?
25. Explain the term Eastern Question.
26. Define Capitalism.
27. What were the consequences of the Spanish Civil War?

1. Who were Sans-Culottes??

→ ফ্রান্সের খেটে খাওয়া সাধারণ মানুষ, যেমন—মুঠে, মালি, রাজমিস্ত্রি, কারিগর, দিনমজুর, গৃহকর্মী, ছোটো দোকানদার, ছোটো ব্যবসায়ী প্রভৃতি সর্বহারা শ্রেণির যেসব মানুষ কাজের খোঁজে শহরে এসেছিল, তাঁরা 'সাকুলেৎ' বা শহুরে জনতা নামে পরিচিত ছিল। এরা উগ্র প্রকৃতির ছিল। এদের মধ্যে কোনো শ্রেণি চেতনা ছিল না। দেশের অর্থনৈতিক অবস্থার বিরুদ্ধে প্রচণ্ড ক্ষোভ তাদের ছিল। দ্রব্যমূল্য বৃদ্ধি ও মজুরি হ্রাসের জন্য তাদের মধ্যে প্রচুর অসন্তোষ ছিল। তারা হতাশায় দাঙ্গা-হাঙ্গামা ও লুঠপাত চালাত। এরা ফরাসি বিপ্লবে সবচেয়ে বড়ো ভূমিকা নিয়েছিল।

2. Mention the name of the "Three Estates" of the French society.

→ ফরাসি সমাজ ব্যবস্থায় অসাম্য প্রতিষ্ঠিত ছিল। অসাম্যের প্রতিষ্ঠানগত রূপ ছিল বিভিন্ন এস্টেট। ফরাসি সমাজ তিনটি এস্টেট বা শ্রেণিতে বিভক্ত ছিল। প্রথম এস্টেট যাজক সম্প্রদায় নিয়ে গঠিত ছিল। এরা ছিল সুবিধাভোগী শ্রেণির মানুষ। এদের নিজস্ব প্রশাসন, বিচারব্যবস্থা, ধর্মীয় ও সম্প্রদায়গত স্বার্থরক্ষার জন্য যাজকীয় সভা ছিল। দ্বিতীয় এস্টেট অভিজাতদের নিয়ে গঠিত ছিল। এরা বিভিন্ন রকমের সুযোগ-সুবিধা ভোগ করত। এরা ছিল সবচেয়ে বেশি শক্তিশালী। আর তৃতীয় এস্টেট বুর্জোয়া, কৃষক, শ্রমিক, ক্ষুদ্র ব্যবসায়ী ও সর্বহারাদের নিয়ে গঠিত ছিল। এরা সুবিধাহীন শ্রেণির মানুষ ছিল। এরা সমস্ত সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত ছিল।

3. Write a short note on the "Third Estates" of the French Society.

→ 1789 খ্রিস্টাব্দে প্রকাশিত "তৃতীয় এস্টেট কী?" নামক পুস্তিকায় আবেসিয়েস তৃতীয় এস্টেট বলতে সমগ্র ফরাসি জাতিকে বুঝিয়েছেন। এরা ছিল মোট জনসংখ্যার প্রায় শতকরা 97 ভাগ। ফ্রান্সে উচ্চবিত্ত ও মধ্যবিত্ত বুর্জোয়া অর্থাৎ উচ্চপদস্থ প্রশাসক, ব্যাঙ্কার, শিল্পপতি, ডাক্তার, উকিল, শিক্ষক, লেখক, ব্যবসায়ী, কৃষক ইত্যাদিসহ দেশের সব সাধারণ মানুষ, দরিদ্র মানুষ, শ্রমিক তৃতীয় সম্প্রদায়ের অন্তর্ভুক্ত ছিল। এরা ছিল করভারে জর্জরিত, নিপীড়িত এবং সমস্ত রকম রাজনৈতিক ও সামাজিক সম্মান ও অধিকার থেকে বঞ্চিত। বিদ্যা, বুদ্ধি ও ধনবলে অভিজাতদের চেয়ে বলীয়ান হয়েও বংশ কৌলিন্যের অভাবে সমাজ ও রাষ্ট্রে তারা অপাঙক্তেয় ছিল। রাজা, অভিজাত, যাজক সকলে তাদের কাছ থেকে নানা প্রকার কর আদায় করত।

4. Who was Rousseau? What were his chief ideas?

→ জঁ-জক রুশো ফরাসি দার্শনিক, সমাজবিদ, আলোকিত যুগের অন্যতম প্রবক্তা। রুশোর রাজনৈতিক চিন্তাধারা ফরাসি বিপ্লবকে যেমন প্রভাবিত করেছে, তেমনি পরবর্তীকালে জাতীয়তাবাদের বিকাশেও ভূমিকা রেখেছে। তিনি আত্মজৈবনিক রচনাশৈলীতে আধুনিক ধারার সূত্রপাত করেন। তাঁর রচিত উপন্যাসগুলি ছিল একদিকে অষ্টাদশ শতকের জনপ্রিয় উপন্যাস এবং একই সাথে সাহিত্যে রোমান্টিকতাবাদের অন্যতম উৎস। তাত্ত্বিক ও সুরকার হিসাবে পাশ্চাত্য সংগীতেও তাঁর অসমান্য অবদান রয়েছে।

রুশোর মতবাদ প্রাকৃতিক সাম্য ধারণার ওপর নির্ভরশীল, যেখানে মানুষ মাত্রই সমান, স্বয়ংসম্পূর্ণ এবং তৃপ্ত। প্রকৃতির সেই সুখী ও সৎ মানুষকে সমাজব্যবস্থা দুর্নীতিপ্রবণ ও দুর্দশাপ্রাপ্ত করেছে। রুশো সেই সমাজব্যবস্থার একাধারে সমালোচক এবং সমাধান প্রয়াসী। সমাধান হবে ব্যক্তি ও সমাজের যৌথ পরিবর্তনের দ্বারা। ব্যক্তির উদ্ধার হবে শিক্ষায়, যার বিবরণী আছে 'এমিল' বইটিতে। আর সমাজের উদ্ধার সাধন সম্ভব যদি মানুষ সমাজবন্ধনের গোড়ার কথা মনে রাখে। যার আলোচনা আছে *সামাজিক চুক্তি গ্রন্থে*। ব্যক্তি তার নিজস্ব স্বাধীনতা খানিকটা বিসর্জন দেয় রাষ্ট্র-সমাজ গঠনে, কিন্তু সে কারো গোলাম নয়। রুশোর মতে, মানবিক জ্ঞানের উন্নতি এবং ব্যক্তিগত সম্পত্তির উদ্ভবের ফলে শ্রমের শ্রেণিবিভক্ত সূচিত হয় এবং মানবজাতির প্রাকৃতিক সুখকর অবস্থা পরিবর্তিত হয়ে ধনী-দরিদ্র বিভাজন সৃষ্টি করে, যার পরিণতিতে রাষ্ট্রীয় সমাজ অত্যাবশ্যক হয়ে যায়। এ সমাজ সংগঠন তথা রাষ্ট্র মানুষের কৃত্রিম জীবনের ফল।

যে পদ্ধতির মাধ্যমে রাজনৈতিক সমাজের সৃষ্টি হয়েছে তা হচ্ছে একটি "সামাজিক চুক্তি" (Social Contract)। এ চুক্তি কোনো নিরঙ্কুশ শাসক তৈরি করে না। প্রত্যেক ব্যক্তি তার সমস্ত অধিকারকে সামাজিক চুক্তির দ্বারা সমষ্টির নিকট সমুদয়ভাবে সমর্পণ করে। আবার সকল নাগরিক একটা সার্বভৌম কাঠামোর সমান অধিকারী হিসাবে রাষ্ট্রের নিরাপত্তার অধীনে তা পুনরায় লাভ করে। প্রত্যেকে নিজেদেরকে সমর্পণ করবে অথচ ব্যক্তিগতভাবে কারো কাছে নত হবে না। ক্ষমতা এখানে ব্যক্তিবিশেষের নয়, পরস্পরের। এভাবে একক ব্যক্তির ইচ্ছা সামষ্টিকভাবে একটি "সাধারণ ইচ্ছায়" (General will) পরিণত হয়। এই সাধারণ ইচ্ছাই রাষ্ট্রীয় জীবনে মানুষের নিয়ামক। রাষ্ট্র হচ্ছে পূর্ণ রাজনৈতিক সংস্থা, সর্বোচ্চ এবং সার্বভৌম সাধারণ ইচ্ছার প্রকাশ, আর সরকার হচ্ছে সাধারণ ইচ্ছাকে কার্যকরী করার জন্য সম্প্রদায়ের দ্বারা নির্বাচিত লোকের সমষ্টি।

5. Who was Montesquieu? What were his basic ideas?

→ প্রাক বিপ্লবযুগে ফ্রান্সের অন্যতম খ্যাতনামা লেখক ও দার্শনিক ছিলেন মন্টেস্কু। মন্টেস্কু ইংরেজ শাসনতান্ত্রিক ভাবধারার দ্বারা বিশেষভাবে প্রভাবিত হয়েছিলেন। তিনি স্বৈরাচারী দৈবানুগৃহীত রাজতন্ত্রের ঘোর বিরোধী ছিলেন এবং শাসনতন্ত্রের বিভিন্ন বিভাগের ক্ষমতার পৃথকীকরণের নীতির সমর্থক ছিলেন। মন্টেস্কু নিজে অভিজাত ছিলেন এবং অভিজাতদের সুযোগ-সুবিধা রক্ষার জন্য তিনি রাজক্ষমতা সীমাবদ্ধ করার কথা বলেছিলেন। তাঁর রচিত বিখ্যাত গ্রন্থ হল—'The Persion Letters' এবং 'The Spirit of Laws'. এই গ্রন্থগুলি তৎকালীন সমাজ, রাজনীতি বোঝার হাতিয়ার স্বরূপ।

6. Who was Quesnay? Mention his chief ideas.

→ অষ্টাদশ শতাব্দীতে ফ্রান্সে একদল অর্থনীতিবিদ অর্থনীতির ক্ষেত্রে নতুন দৃষ্টিভঙ্গির

প্রবর্তন করেন, এরা 'ফিজিওক্রাটস গোষ্ঠী' নামে পরিচিত। ফ্রাঁসোয়া কুয়েসনে ছিলেন এই গোষ্ঠীর প্রধান প্রবক্তা। তিনি ফরাসি রাজ পঞ্চদশ লুইয়ের রাজসভায় একজন চিকিৎসক ছিলেন। ১৭৫৮ খ্রিস্টাব্দে কুয়েসনে রচিত 'ত্যাবলো ইকনমিক' গ্রন্থে অর্থনৈতিক চিন্তাভাবনা প্রকাশ করেন। ইংরেজ অর্থনীতিবিদ অ্যাডাম স্মিথের যুগান্তকারী গ্রন্থ 'The Wealth of Nations'-এর ওপর ফিজিয়োক্রাটদের মতবাদের এবং ব্যক্তিগতভাবে কুয়েসনের প্রভাব অনস্বীকার্য। তিনি মার্কেন্টাইল অর্থনীতির সমালোচনা করেন এবং অবাধ বাণিজ্য নীতিকে সমর্থন জানান।

7. Write a brief note on the Physiocrats.

→ অষ্টাদশ শতাব্দীতে ফ্রান্সে একদল অর্থনীতিবিদ অর্থনীতির ক্ষেত্রে নতুন দৃষ্টিভঙ্গির প্রবর্তন করেন, এরা 'ফিজিওক্রাটস গোষ্ঠী' নামে পরিচিত। ফ্রাঁসোয়া কুয়েসনে ছিলেন এই গোষ্ঠীর প্রধান প্রবক্তা। এই গোষ্ঠীর অন্যান্য সদস্যরা হলেন—ভ্যাঁলা দ্য গুণে, ভিক্তর দ্য মিরাতো, তুর্গো ও নের্মুর। 'ফিজিওক্রাটস' শব্দটির উদ্ভাবক হলেন নেমুর। এরা নিজেদের 'the economists' বলে পরিচয় দিতেন। এরা ব্যক্তিস্বাতন্ত্র্যে বিশ্বাসী ছিলেন। এরা মার্কেন্টাইল মতবাদের বিরুদ্ধে কঠোর সমালোচনা করেন। অবাধ বাণিজ্য নীতি এবং সার্বজনীন শিক্ষা ব্যবস্থার ওপর জোর দেন। এরা মনে করতেন যে, সম্পদ সৃষ্টির একমাত্র উৎস হল ভূমি, সুতরাং একমাত্র ভূমিকর ছাড়া অন্য কোনো কর থাকবে না। এরা অবাধ বাণিজ্য ও বেসরকারি শিল্প স্থাপনের দাবি জানান।

8. Write a short note on the philosophy of Voltaire.

→ ভলতেয়ার ফরাসি আলোকময় যুগের একজন লেখক, প্রাবন্ধিক ও দার্শনিক ছিলেন। তিনি সমকালীন ইউরোপীয় সাহিত্য জগতের মধ্যমণি ছিলেন। তাঁর আক্রমণের প্রধান লক্ষ্য ছিল ক্যাথলিক গির্জা। কারণ তাঁর মতে, গির্জা ছিল প্রগতি ও শিক্ষার পরিপন্থী। ক্যাথলিক গির্জাকে তিনি 'বিশেষ অধিকার প্রাপ্ত উৎপাত' ('A privileged nuisance') বলে অভিহিত করেন। তীব্র বিদ্রুপ ও শ্লেষাত্মক রচনার মাধ্যমে তিনি গির্জার দুর্নীতি, সামাজিক ও রাষ্ট্রীয় অনাচার ও বৈষম্য সর্বসমক্ষে তুলে ধরে দেশে এক জাগরণের সৃষ্টি করেন। গণতন্ত্রে বিশ্বাসী না হয়েও তিনি শাসনতান্ত্রিক সংস্কার ও স্বাধীন চিন্তার সমর্থক ছিলেন। তাঁর দুটি বিখ্যাত গ্রন্থ হল 'কাঁদিদ' এবং 'লেতর ফিলজফিক'।

9. Who were known as the Encyclopaedists? Name them.

→ ফ্রান্সের আলোকিত দর্শনে প্রায় ইস্তিহার হিসাবে বর্ণনা করা হয় Encyclopaedia বা বিশ্বকোষ গ্রন্থমালাটি। অষ্টাদশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে বিজ্ঞান, শিল্প, সাহিত্যের যুক্তিসিদ্ধ অভিধান হিসাবে 'বিশ্বকোষ' প্রকাশিত হয়। ডেনিম দিদেরো ছিলেন 'বিশ্বকোষ' রচনার প্রধান ব্যক্তি। গ্রন্থটির মুখবন্ধ দালেম্বেয়র লেখেন। যুক্তিবাদ ও জ্ঞানের মাহাত্ম্যে যুক্তমনন বিশিষ্ট সম্পূর্ণ মানব সৃষ্টির ভাবজাগতিক আন্দোলনকে বিধিবন্ধ করেন 'বিশ্বকোষ' প্রণেতারা। 'বিশ্বকোষ' লেখকদের মধ্যে লা-মেত্রি, অলভাতিয়সু, হলবাস, মার্বাল, ডি-এলামবটি এবং মরেলির নাম উল্লেখের দাবি রাখে।

10. What was the Tenius Court Oath? What it revolutionary?

→ ১৭৮৯ খ্রিস্টাব্দে ৫ মে স্টেটস জেনারেলের অধিবেশন আরম্ভ হলে তৃতীয় এস্টেটের সদস্যবৃন্দ স্টেটস জেনারেলকে প্রকৃত জাতীয় প্রতিনিধিসভা হিসেবে প্রতিপন্ন করার জন্য তিনটি কক্ষের যুক্ত অধিবেশন এবং সম্প্রদায়গত ভোটের পরিবর্তে মাথা পিছু ভোট দাবি করেন। কিন্তু ষোড়শ লুই এই দাবি মানতে অস্বীকৃত হয়ে তৃতীয় এস্টেটের সভাকক্ষ বন্ধ করে দেন। সভাকক্ষে প্রবেশ করতে না পেরে তারা কাছাকাছি একটি টেনিস কোর্টে সমবেত হয়ে শপথ গ্রহণ করেন যে, যতদিন পর্যন্ত না সংবিধান রচিত হবে ততদিন তৃতীয় এস্টেট ঐক্যবদ্ধ থাকে। এটি Tenis Court Oath নামে পরিচিত।

টেনিস কোর্টের শপথ নামা নিঃসন্দেহে বৈপ্লবিক ছিল।

11. Explain the historical significance of the 'Declaration of the rights of Man and citizen'?

→ ফরাসি সংবিধানসভার সর্বাপেক্ষা উল্লেখযোগ্য কার্য হল 'ব্যক্তির অধিকার ও কর্তব্যের ঘোষণা'। এতে বলা হয় যে, (১) স্বাধীনতা মানুষের জন্মগত অধিকার, (২) আইনের চোখে সবাই সমান, (৩) বাক্-স্বাধীনতা, সংবাদপত্রের স্বাধীনতা, ধর্মবিশ্বাসের স্বাধীনতা, সম্পত্তি ক্রয়-বিক্রয় ও ভোগের অধিকার প্রভৃতি হল মানুষের সার্বজনীন অধিকার, এবং (৪) জনগণই হল রাষ্ট্রের সার্বভৌম ক্ষমতার অধিকারী।

এই ঘোষণাটির ঐতিহাসিক মূল্য অপরিসীম। যুগে যুগে ফরাসি জনসাধারণকে প্রেরণা যুগিয়েছে। এই ঘোষণায় কেবলমাত্র ফরাসি জনসাধারণের কথাই চিন্তা করা হয়নি, সর্বদেশের শোষিত মানুষের কথা চিন্তা করা হয়েছে। এই ঘোষণাপত্র ফ্রান্স ও ইউরোপের সর্বত্র আশার সঞ্চার করে। ঐতিহাসিক ওলার বলেন যে, এই ঘোষণাপত্রটি ছিল "পুরাতন তন্ত্রের মৃত্যু-পরোয়ানা"। ঐতিহাসিক লেফেভর বলেন, "এই ঘোষণাপত্র ইউরোপের সর্বত্র নবযুগের আগমনবার্তা ঘোষণা করে।"

12. Who were Jacobins?

→ **জ্যাকোবিন ক্লাব** ছিল ফরাসি বিপ্লবের সময়ে সবচেয়ে বড়ো ও ক্ষমতাধর রাজনৈতিক সংঘ। এর শুরুটা হয় ১৭৮৯ খ্রিস্টাব্দে ফ্রান্সের ভার্সাই শহরের "ক্লাব বেনর্থন" নামে। জনপ্রিয়তার তুঙ্গে ওঠার পর গোটা ফ্রান্স জুড়ে এর অসংখ্য শাখা সৃষ্টি হয়। ধারণা করা হয় তখন এর সভ্য সংখ্যা বেড়ে দাঁড়ায় ৪,২০,০০০-তে। রোবস্পিয়ারের পতনের পর ক্লাবটি বন্ধ হয়ে যায়। শুরুতে উদারমনা হলেও ত্রাসের রাজত্ব (Reiga of Terror) কায়েম করা ও সেপ্টেম্বর ম্যাসাকার (September Massacres) বিষয়ে গুরুত্ব না দেওয়ার জন্য এরা কঠিনভাবে সমালোচিত হয়। এর প্রতিষ্ঠা হয় ১৭৮৯ সালে। শুরুতে এর সভ্য ছিলেন কেবল ব্রিটানীর ডেপুটিয়া। পরে ফ্রান্সের অন্যান্য প্রদেশ থেকেও ডেপুটিয়া যোগ দেন। প্রথম দিককার নেতৃস্থানীয় সভ্যরা ছিলেন : মিরাবো (Mirabeau), প্যারিসের ডেপুটি অ্যাবে সিয়েস (Abbé Sieyès), দফিনের ডেপুটি আঁতোয়া বার্নাভ (Antoine

Barnave), জেরোম পেটিওঁ (Jérôme Pétion), অ্যাবে গ্রেগোয়াহ (Abbé Grégoire), শার্লে লামেথ (Charles Lameth), আলেকজাণ্ডার ল্যামেথ (Alexandre Lameth), ম্যাক্সিমিলিয়েন দ্য রোবসপিয়েহ লেপো (Maximilien Robespierre), দুক দ্য আগুইয়ঁ (Duc d´Aiguillon) এবং লা রেভেলিয়েহ লেপো (La Revellière-Lépeaux), ভারতীয় রাজা টিপু সুলতানও এর সভ্য ছিলেন, জ্যাকোবিন ক্লাবের সভা হতো গোপনে এবং এতে ঘটে যাওয়া কোনো ঘটনারই ছাপ রাখা হত না।

প্যারিসে স্থানান্তরিত হবার পর ব্যাপক পরিবর্তন ঘটে এই সংঘের। এর প্রথম ধাপ ছিল সভ্য সংখ্যা বৃদ্ধি। ডেপুটি ছাড়াও সদস্য ও অ্যাসোসিয়েট হিসেবে সংঘে যোগ দেবার সুযোগ করা হয় তখন। জ্যাকোবিন ক্লাবের সভাগুলো ক্রমেই র‍্যাডিকাল ও উস্কানিমূলক ভাষণের কেন্দ্র হয়ে ওঠে, যেখানে প্রচারিত হত প্রজাতন্ত্রবাদ, শিক্ষাবিস্তার, বিশ্বব্যাপী দুর্দশা, চার্চ ও রাষ্ট্রের বিচ্ছেদের মতো বিষয়সমূহ।

১৭৯০ সালের ৮ ফেব্রুয়ারিতে সংঘটি বিশেষ কিছু নীতিকে আনুষ্ঠানিকভাবে গ্রহণ করে। ক্লাবের লক্ষ্য হয়—(১) সংসদের নির্ধারণ করা হবে এমন বিষয়গুলো আগেই আলোচনা করা, (২) আইনসিদ্ধ অথরিটি ও মানবাধিকার (Rights of Man) রক্ষার আলোকে সংবিধানকে প্রতিষ্ঠা করা ও তাকে সবল রাখা। (৩) একই মতের অন্যান্য সমিতির সাথে যোগাযোগ বজায় রাখা।

এই সময় ক্লাবের কার্যধারা ও নির্বাচন পদ্ধতি নির্ধারণ করা হয়। প্রতি মাসে একজন সভাপতি, চারজন সচিব, একজন কোষাধ্যক্ষ এবং কমিটি নির্বাচন করা হতো। কোনো সভ্য যদি ক্লাবের নীতি বিরুদ্ধ কাজ করতেন, তাকে ততক্ষণাৎ বহিস্কার করা হত। পরে এই প্রক্রিয়াকেই ক্লাবে শুদ্ধিকরণে ব্যবহার করা হয়, যাতে ক্লাবে সকল উদার সভ্যদের একে একে বহিষ্কার করা হয়েছিল।

১৭৯১ সালের বসন্তের শুরুতে ক্লাব তার কেন্দ্রীভূতরূপ নিয়ে ক্ষমতাধর হয়ে আত্মপ্রকাশ করে।

13. Write a note on the concordat of 1801.

➞ ফ্রান্সে ধর্মীয় বিভেদ দূর করার জন্য নেপোলিয়ন ১৮০১ খ্রিস্টাব্দে পোপ নবম পায়াসের সাথে একটি ধর্মমীমাংসা চুক্তি স্বাক্ষর করেন। এটি 'কনকরডাট' নামে খ্যাত। এই চুক্তির শর্তানুসারে, (১) পোপ গির্জার জাতীয়করণ মেনে নেন, (২) পোপ যাজক নিয়োগে আনুষ্ঠানিক স্বীকৃতি দানের অধিকার পান এবং (৩) যাজকরা রাষ্ট্রের কাছ থেকে বেতন পাবেন বলে স্থির হয়।

১৮০১ খ্রিস্টাব্দের কনকরডাট বা পোপের সঙ্গে ধর্ম-মীমাংসার ফলে (১) ফ্রান্সে ধর্মীয় ক্ষেত্রে দীর্ঘ বিরোধের অবসান ঘটে, (২) ফরাসি গির্জা রাষ্ট্রের একটি বিভাগে পরিণত হয় এবং (৩) নেপোলিয়ন ক্যাথলিক সমাজের সমর্থন লাভে সমর্থ হন।

14. Was the Battle of Trafalgar an important mark in Nepolean's career?

➞ ১৮০২ খ্রিস্টাব্দে অ্যামিয়েন্সের সন্ধির দ্বারা ফ্রান্স ও ইংল্যান্ডের মধ্যে দীর্ঘ শত্রুতার অবসান ঘটলেও উভয়ের মধ্যে কোনোরকম সদ্ভাব প্রতিষ্ঠিত হয়নি। উভয়পক্ষই যুদ্ধের প্রস্তুতি নিচ্ছিল। ১৮০৫ খ্রিস্টাব্দে ইংল্যান্ড ক্যারিবিয়ানে কয়েকটি ফরাসি বন্দর অবরোধ করলে নেপোলিয়ন সরাসরি ইংলিশ চ্যানেল অতিক্রম করে ইংল্যান্ড আক্রমণের প্রস্তুতি শুরু করেন। এমতাবস্থায় অস্ট্রিয়া, রাশিয়া ও সুইডেনকে নিয়ে ইংল্যান্ড ফ্রান্স-বিরোধী তৃতীয় শক্তিজোট গঠন করে। এর কয়েকদিন পরে ইংরেজ নৌ-সেনাপতি নেলসন ১৮০৫ খ্রিস্টাব্দের অক্টোবরে ট্রাফালগারের যুদ্ধে (Battle of Trafalgar) ফরাসি নৌবাহিনীকে সম্পূর্ণভাবে পরাজিত করেন, এই পরাজয়ের ফলে নেপোলিয়ন ইংল্যান্ড আক্রমণের বাসনা চিরদিনের জন্য ত্যাগ করেন। এই দৃষ্টিকোণ থেকে বিচার করলে ট্র্যাফালগারের যুদ্ধ নেপোলিয়নের জীবনের একটি গুরুত্বপূর্ণ দিক চিহ্ন।

15. Write a note on the Treaty of Tilset?

➞ নেপোলিয়ন ১৮০৭ খ্রিস্টাব্দে বার্লিন দখল করে যখন পূর্বদিকে অগ্রসর হচ্ছিল তখন রাশিয়ার সঙ্গে ফিডল্যান্ডে ফরাসি সেনাবাহিনীর সঙ্গে যুদ্ধ হয়। সেই যুদ্ধে রাশিয়া পরাজিত হয়। ১৮০৭ খ্রিস্টাব্দে নেপোলিয়নের সঙ্গে রাশিয়া টিলসিটের সন্ধি (Treaty of Tilset) স্বাক্ষর করতে বাধ্য হয়। এই সন্ধির দ্বারা নেপোলিয়ন কার্যত ইউরোপের একজন অধিপতিতে পরিণত হন এবং তাঁর গৌরব সর্বোচ্চ সীমায় পৌঁছায়। একমাত্র ইংল্যান্ড ছাড়া সমস্ত ইউরোপ তার বশ্যতা স্বীকার করে।

16. Write a note on the code of Nepolean.

➞ ফরাসি আইন বিধিবদ্ধ করার জটিল ও দুরূহ কার্য সম্পাদন নেপোলিয়ন বোনাপার্টের অসামান্য কীর্তি। ফরাসিদের কোনো বিধিবদ্ধ আইন ছিল না। স্থায়ী আইন, সামন্ততান্ত্রিক রীতিনীতি, রাজকীয় অনুশাসনও যাজকীয় আইন দ্বারা দেশ শাসিত হত। এই আইনগুলির মধ্যে কোনোরকম সামঞ্জস্য বা শৃঙ্খলা ছিল না। সেইজন্য আইনগুলিকে বিধিবদ্ধ ও সুসংহত করার প্রয়োজন হয়। তিনি রাষ্ট্রীয় পরিষদের সাহায্যে ১৮০০—১৮০৪ খ্রিস্টাব্দের মধ্যে কাউন্সিল অফ স্টেট ৮৪টি অধিবেশনে মিলিত হয়ে ২২৪৯টি ধারায় এক আইনবিধি রচনা করেন, যা 'কোড নেপোলিয়ন' বা 'নেপোলিয়নের আইন সংহিতা' নামে পরিচিত। এই আইন সংহিতাটি তিনটি ভাগে বিভক্ত ছিল—দেওয়ানি, ফৌজদারি ও বাণিজ্যিক আইন। ব্যক্তি স্বাধীনতা, আইনের দৃষ্টিতে সমতা, ধর্মীয় সহিষ্ণুতা, সম্পত্তির অধিকার, সামন্ততান্ত্রিক বৈষম্যের বিলুপ্তি, যোগ্যতানুযায়ী সরকারি চাকরিতে নিয়োগ প্রভৃতি নেপোলিয়নের আইনবিধিতে সন্নিবিষ্ট করা হয়। জর্জ লেফেভর এই আইনবিধির প্রশংসা করে বলেছেন যে, সেই যুগের সঙ্গে এই আইনবিধি সংহতিপূর্ণ ছিল। সাধারণ মানুষ গ্রহণ করতে দ্বিধা করেননি।

17. Write a note on the Spanish Ulcer

→ মহাদেশীয় ব্যবস্থাকে কার্যকর করতে গিয়ে নেপোলিয়ন আক্রমণাত্মক নীতি গ্রহণ করেন এবং এর ফলে ইউরোপের বিভিন্ন দেশের সঙ্গে বিরোধে লিপ্ত হন। ইংল্যান্ডের মিত্রদেশ পর্তুগাল মহাদেশীয় ব্যবস্থা মানতে রাজি না হলে নেপোলিয়ন পর্তুগাল অধিকার করেন। এরপর পার্শ্ববর্তী দেশ স্পেনকে কুক্ষিগত করার জন্য নেপোলিয়ন নিজ ভ্রাতা যোশেফকে ১৮০৮ খ্রিস্টাব্দে স্পেনের সিংহাসনে বসান। নেপোলিয়নের এই বিশ্বাসঘাতকতা এবং নগ্ন সাম্রাজ্যবাদী মনোভাব স্পেনীয় জনসাধারণকে প্রচণ্ড ক্ষুব্ধ করে তোলে। তারা ফরাসিদের বহিষ্কার করার জন্য আন্দোলন শুরু করে। কিন্তু নেপোলিয়ন প্রচুর অর্থ ব্যয় করে সামরিক বাহিনীর সাহায্যে নিজ ভ্রাতাকে স্পেনের সিংহাসনে টিঁকিয়ে রাখতে সচেষ্ট হন। যার ফলে এক বিরাট সৈন্যদল স্পেনে আটকে পড়ে যায়। ধীরে ধীরে স্পেনের সমস্ত প্রদেশে আন্দোলন ছড়িয়ে পড়লে ফরাসি বাহিনী নাজেহাল হয়ে ওঠে। ইংল্যান্ড স্পেনবাসীর সাফল্যের জন্য এগিয়ে এলে নেপোলিয়নের পতন অনিবার্য হয়ে ওঠে। এতে নেপোলিয়নের আন্তর্জাতিক মর্যাদা ধূলিসাৎ হয়। নেপোলিয়ন নিজেই বলেছিলেন "স্পেনীয় ক্ষত আমাকে ধ্বংস করেছে" ("The Spanish Ulcer ruined me.")

18. What was the aim of Vienna Congress (1833)?

→ ১৮১৩ খ্রিস্টাব্দে লিপজিগের যুগে শোচনীয় পরাজয়ের পর নেপোলিয়নকে এলবা দ্বীপে নির্বাসিত করা হয়। তাঁর নির্বাসনের পর ইউরোপীয় রাজ্যগুলির পুনর্গঠন, পুনর্বিন্যাস প্রভৃতি নানা সমস্যা সমাধানের জন্য ইউরোপীয় শক্তিগুলি অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনাতে এক আন্তর্জাতিক সম্মেলনে মিলিত হয়। এই সম্মেলনই 'ভিয়েনা সম্মেলন' বা 'ভিয়েনা কংগ্রেস' নামে পরিচিত। সম্মেলনের নেতৃবৃন্দ 'ন্যায় ও সততার ভিত্তিতে' ইউরোপের পুনর্গঠন ও পুনর্বণ্টন, ইউরোপে 'নিরবচ্ছিন্ন ও স্থায়ী শান্তি প্রতিষ্ঠা', ইউরোপের রাজনৈতিক ব্যবস্থার পুনরুজ্জীবন প্রভৃতি উচ্চ আদর্শের কথা প্রকাশ্যে ঘোষণা করেছিলেন। বাস্তবে কিন্তু তাদের মূল লক্ষ্য ছিল ফরাসি বিপ্লব প্রসূত উদারনৈতিক ভাবধারার দমন করে ইউরোপে পুরাতনতন্ত্রের পুনঃ প্রতিষ্ঠা এবং নেপোলিয়নকে পরাজিত করার স্বরূপ ইউরোপের বিভিন্ন অঞ্চল আত্মসাৎ করা। ভিয়েনা সম্মেলনের সম্পাদক জেনৎস বলেন, "বিজয়ীরা একত্রিত হয়েছিল বিজয়ের ফসলকে ভাগ করে নেওয়ার জন্য।"

19. Briefly assess Garibaldi's contribution to Italian Unification.

→ ইতালীয় ঐক্যসাধনে গ্যারিবল্ডী গুরুত্বপূর্ণ অবদান রেখে যান। ইতালির সঙ্গে নেপলস, সিসিলির ঐক্য সাধন গ্যারিবল্ডীর জন্য সম্ভব হয়েছিল। ইতালির জাতীয়তাবাদী নেতা কাভুর ও ম্যাৎসিনীর ভাবশিষ্য গ্যারিবল্ডী দক্ষিণ ইতালির জনগণের সাহায্যকল্পে ১৮৬০ খ্রিস্টাব্দে তাঁর ১০৯০ জন লাল পোশাকে সজ্জিত গেরিলা বাহিনীকে 'লাল কোর্তা' নিয়ে সিসিলিতে অবতরণ করেন এবং সিসিলি ও নেপলস জয় করেন এবং নিজেকে দক্ষিণ ইতালির ডিরেক্টর বলে ঘোষণা করেন। এরপর তিনি রোম আক্রমণের সিদ্ধান্ত নেন। কিন্তু কাভুরের নিষেধের জন্য তিনি রোম আক্রমণ করেননি। আদর্শবাদী দেশপ্রেমিক গ্যারিবল্ডী রাজ্য দুটি ভিক্টর ইমান্যুয়েলের হাতে তুলে দেন এবং ক্যাপরেরা দ্বীপে স্বেচ্ছা নির্বাসনে চলে যায়। ইতিহাসে এ ত্যাগ বিরল।

20. How did Zolleverein contribute to German Unity?

→ ১৮১৯ খ্রিস্টাব্দে জার্মান অর্থনীতিবিদ ম্যাজেন-এর উদ্যোগে এবং প্রাশিয়ার নেতৃত্বে প্রতিষ্ঠিত **'জোলভেরাইন'** নামক শুল্কসংঘ জার্মানির ঐক্য আন্দোলনের গতিকে সুদৃঢ় করে। আগে জার্মান বিভিন্ন রাজ্যে নানা ধরনের আমদানি ও রপ্তানি শুল্ক থাকার ফলে ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে নানা অসুবিধার সম্মুখীন হতে হত। কিন্তু এই শুল্কসংঘে যোগদানকারী রাজ্যগুলি বিনা শুল্কে বা নামমাত্র শুল্কে নিজেদের মধ্যে অবাধ বাণিজ্য চালাত এবং এর ফলে বাণিজ্যিক দিক থেকে তারা লাভবান হয়। মূলত অর্থনৈতিক উদ্দেশ্যে গঠিত হলেও এর রাজনৈতিক গুরুত্ব অপরিসীম ছিল। জার্মানির বিভিন্ন রাজ্যের মধ্যে পারস্পরিক আদান-প্রদান ও যোগাযোগের ফলে তাদের মধ্যে ঐক্যবোধ বৃদ্ধি পায়, অর্থনৈতিক ঐক্য, রাজনৈতিক ঐক্যের পথ প্রশস্ত করে এবং অর্থনৈতিক নেতৃত্বের মাধ্যমে প্রাশিয়া জার্মানির রাজনৈতিক নেতৃত্বের যোগ্যতা অর্জন করে। ঐতিহাসিক Ketelbey মতে, ১৮৭১ খ্রিস্টাব্দে স্থাপিত জার্মান সাম্রাজ্যের ভিত্তি স্থাপন করেছিল জোলভেরাইন। ঐতিহাসিক ম্যারিয়েট বলেন যে, জার্মানিকরণের প্রথম ধাপ হল জোলভেরাইন।

21. Write a brief note on the convention of Gastien.

→ ১৮৬৪ খ্রিস্টাব্দে ডেনমার্কের বিরুদ্ধে যুদ্ধে অস্ট্রো-প্রাশিয়া বাহিনী জয় লাভ করার পর শ্লেজউইগ ও হলস্টেন নামক প্রদেশ দুটির ভবিষ্যৎ সম্বন্ধে অস্ট্রিয়া ও প্রাশিয়ার মধ্যে বিরোধ বাধে। শেষ পর্যন্ত 'গ্যাস্টিনের চুক্তি'র দ্বারা প্রাশিয়া শ্লেজউইগ ও অস্ট্রিয়া হলস্টেন লাভ করে। এই চুক্তি বিসমার্কের কূটনীতির অপূর্ব সাফল্য বহন করে। কারণ, তিনি জানতেন যে, জার্মানির ঐক্যের জন্য অস্ট্রিয়ার সঙ্গে যুদ্ধ অনিবার্য। তাই তিনি যুদ্ধের প্রস্তুতি শুরু করেন এবং ইউরোপের রাজনীতিতে অস্ট্রিয়াকে মিত্রহীন করতে সচেষ্ট হন। এই চুক্তি ছিল সামরিক যুদ্ধবিরতি মাত্র। বিসমার্কের মতে, এই সন্ধি ছিল 'ফাটলের ওপর কাগজের প্রলেপ'। অধ্যাপক এ. জে. পি. টেলর বলেন যে, এই চুক্তির মধ্যে সীমাহীন বিবাদের বীজ নিহিত ছিল। কারণ, বিসমার্ক এমনভাবে চুক্তির শর্তাবলি স্থির করেছিলেন যাতে অস্ট্রিয়ার সঙ্গে প্রাশিয়ার বিরোধ বাধে।

22. Briefly state the context and importance of the Ems Telegram.

→ ১৮৬৮ খ্রিস্টাব্দে স্পেনের রানির আকস্মিক সিংহাসনচ্যুতির পর হোহেনজোলান বংশের লিউপোল্ডকে স্পেনের সিংহাসনের শাসক হিসাবে মনোনয়ন করা হয়। কিন্তু প্রাশিয়ার অতিরিক্ত শক্তি বৃদ্ধির আশঙ্কায় ফরাসি দূত কাউন্ট বেনিদিতি প্রাশিয়া রাজ

উইলিয়ামের ওপর প্রভাব বিস্তার করে। প্রাশিয়া রাজ তখন এমস নামক স্থানে বিশ্রাম করেছিলেন এবং তিনি লিওপোল্ডের নাম২ প্রত্যাহার করান। কিন্তু এই পরিস্থিতিকে কূটনৈতিক বিজয় হিসাবে প্রতিপন্ন করার জন্য ভবিষ্যতে লিওপোল্ড স্পেনের সিংহাসনের প্রার্থী হবেন না—এই মর্মে প্রাশিয়া রাজকে প্রতিশ্রুতি দিতে বললে তিনি এই প্রস্তাব প্রত্যাখ্যান করেন এবং পুরো বিষয়টি টেলিগ্রাম মারফত প্রধানমন্ত্রী বিসমার্ককে জানান। ইতিহাসে এই ঘটনা 'এমস টেলিগ্রাম' (EMS Telegram) নামে খ্যাত।

এই টেলিগ্রামের কিছু শব্দ বাদ দিয়ে বিসমার্ক এমনভাবে সংবাদপত্রে প্রকাশ করেন, যাতে মনে হয় প্রাশিয়া রাজ ফরাসি রাষ্ট্রদূতকে অপমানিত করেছে। এমস টেলিগ্রামই ফ্র্যাঙ্ক-প্রাশিয়া যুদ্ধের সূচনা করে। এই যুদ্ধে ফ্রান্স পরাজিত হলে জার্মানি ঐক্যবদ্ধ হয়। সুতরাং জার্মানির ঐক্যবন্ধনের ক্ষেত্রে এমস টেলিগ্রামের গুরুত্ব অপরিসীম।

23. What is Kultur Kampf?

→ জার্মান সাম্রাজ্যের সংহতির জন্য বিসমার্ককে দীর্ঘদিন ধরে ক্যাথলিক সমাজের সঙ্গে সংঘর্ষে লিপ্ত হতে হয়েছিল। ক্যাথলিকরা এই সময় একটি সুসংহত ও শক্তিশালী রাজনৈতিক দল হিসেবে সুসংগঠিত হয়। তারা নতুন জার্মানির প্রতি শত্রুতাপূর্ণ মনোভাব পোষণ করত। কারণ, সেখানে প্রোটেস্টান্ট প্রাশিয়ার প্রাধান্য ছিল চূড়ান্ত। তাছাড়া, তারা পোপের জাগতিক ক্ষমতা পুনরুদ্ধারে খুবই আগ্রহী ছিল। নবগঠিত জার্মান সাম্রাজ্যের সংহতি দূর করে দেওয়ার সম্ভাবনা ছিল। সেইজন্য বিসমার্ক ক্যাথলিকদের সাম্রাজ্যের শত্রু বলে গণ্য করে এবং এদের ধ্বংসসাধনে বদ্ধপরিকর হন। রাষ্ট্রের সঙ্গে গির্জার এই সংঘাতকে অধ্যাপক রুডলফ, ভিরচাও 'Kultur Kampf' বা 'সংস্কৃতির সংগ্রাম' আখ্যা দেন।

24. Who was the sick man of Europe? Why was it so called?

→ ঊনবিংশ শতাব্দীতে ইউরোপীয় জাতিসমূহ তুরস্ককে 'ইউরোপের রুগ্নব্যক্তি' (Sick man of Europe) বলে অভিহিত করতো।

চতুর্দশ ও পঞ্চদশ শতাব্দীতে এশিয়া, আফ্রিকা ও ইউরোপের বিস্তীর্ণ অংশে আধিপত্য প্রতিষ্ঠা করলেও অষ্টাদশ শতক থেকে নানা কারণে তুর্কি সাম্রাজ্য দুর্বল হয়ে পড়ে। এই সময় তুরস্ক সামাজিক, অর্থনৈতিক, সামরিক ও প্রশাসনিক সব দিক থেকেই ইউরোপের অন্যান্য দেশ অপেক্ষা পিছিয়ে পড়ে। তুর্কি শাসকরা ছিলেন স্বেচ্ছাচারী, দুর্বল, অকর্মণ্য, ব্যভিচারী ও সংস্কারবিমুখ। প্রজাবর্গের মঙ্গলসাধন বা তুরস্কে গণতান্ত্রিক রীতিনীতি প্রবর্তনের কোনো আগ্রহ তাদের ছিল না। আধুনিক অস্ত্রে সজ্জিত সামরিক বাহিনী তাদের ছিল না। অভ্যন্তরীণ বিদ্রোহ দমন বা বহিঃশত্রুর আক্রমণ রোধের কোনো ক্ষমতাই তুরস্কের ছিল না। এজন্য তুরস্ককে 'ইউরোপের রুগ্নব্যক্তি' বলা হয়।

25. Explain the term Eastern Question.

→ ইউরোপে পূর্বাঞ্চল বা বিশেষ করে তুর্কি অধিকৃত অঞ্চল নিয়ে যে জটিল রাজনৈতিক অবস্থার সৃষ্টি হয়েছিল তাকে ইউরোপের ইতিহাসে প্রাচ্য সমস্যা (**Eastern Question**) বলে বর্ণনা করা হয়ে থাকে। প্রাচ্য সমস্যা ছিল একান্তই ইউরোপীয় সমস্যা। এশিয়া ইউরোপ আফ্রিকার বিশাল অঞ্চলের ওপর বিস্তৃত তুরস্ক সাম্রাজ্যের অস্বাভাবিক দ্রুতগতিতে অধঃপতন আধুনিক যুগের প্রাচ্য সমস্যার মূল কারণ ছিল। আর তুরস্কের এই অধঃপতনকে কেন্দ্র করে বিভিন্ন ইউরোপীয় রাষ্ট্রগুলির মধ্যে যে স্বার্থ সংঘাত দেখা দেয় এবং তুরস্ক সাম্রাজ্যের বসবাসকারি বিভিন্ন খ্রিস্টধর্মীয় জাতিগোষ্ঠির মধ্যে যে রাজনৈতিক চেতনার উদয় হয় তার ক্রিয়া-প্রতিক্রিয়ার ফলে প্রাচ্য সমস্যার পূর্ণাঙ্গ পরিণতি ঘটে।

26. Define Capitalism.

→ পুঁজিবাদ বা ধনতন্ত্র (Capitalism) বলতে এমন একটি অর্থনৈতিক ব্যবস্থা বোঝায় যেখানে বাজার অর্থনীতিতে মুনাফা তৈরির লক্ষ্যে বাণিজ্য, কারখানা এবং উৎপাদনের উপকরণের ওপর ব্যক্তিগত মালিকানায় নিয়ন্ত্রণ থাকে। পুঁজিবাদের আধুনিকরূপ রেনেসাঁস আসলে কৃষিভিত্তিক পুঁজিবাদ এবং ব্যবসা-বাণিজ্যের আবির্ভাবের সময় থেকে। পুঁজিবাদের প্রধান বৈশিষ্ট্য হল পুঁজির সঞ্চয়ন, প্রতিযোগিতামূলক বাজার এবং শ্রমিকের মজুরি। এটি হল সেই সমাজ সংগঠন যারে পণ্য সম্পর্ক মানে কেনাবেচার সম্পর্ক মানবজীবনের প্রতিটি ক্ষেত্রে ছড়িয়ে পড়ে। এখানে পরিবার ও রাষ্ট্র থাকে। অধ্যাপক J. F. Ragan এবং L. B. Thomas-এর মতে, 'বিশুদ্ধ ধনতন্ত্রের বৈশিষ্ট্য হচ্ছে সম্পদের ব্যক্তিগত মালিকানা এবং বাজারের ওপর আস্থা, যেখানে ক্রেতা এবং বিক্রেতা সমবেতভাবে নির্ধারণ করে কী দামে কী পরিমাণ পণ্য সম্পদ বিক্রয় হবে।' পুঁজিবাদী অর্থব্যবস্থায় একটি বৈশিষ্ট্য হল ক্রেতা ও বিক্রেতার মধ্যে অবাধ প্রতিযোগিতা। এই অবাধ প্রতিযোগিতার মাধ্যমে দ্রব্যের মূল্য নির্ধারণ করা হয়। এই ধরনের অর্থ ব্যবস্থায় উৎপাদন, বণ্টন, ভোগ প্রভৃতি নিয়ন্ত্রণের জন্য আলাদা পরিকল্পনা থাকে না। স্বয়ংক্রিয়া একটি মূল্যব্যবস্থার মাধ্যমেই সবকিছু নির্ধারিত হয়।

27. What were the consequences of the Spanish Civil War?

→ স্পেনের গৃহযুদ্ধ (Spanish Civil War) হচ্ছে বৃহত্তর অর্থে স্পেনের সাধারণ গৃহযুদ্ধ বা যুদ্ধ, যেটি এমন একটি গৃহযুদ্ধ যা ১৯৩৬ থেকে ১৯৩৯ সালের মধ্যে সংঘটিত হয়েছিল। এই গৃহযুদ্ধে এক পক্ষে ছিলেন প্রজাতন্ত্রীগণ যারা অনুগত ছিলেন গণতান্ত্রিক, বামদিকে হেলে থাকা দ্বিতীয় স্পেনীয় প্রজাতন্ত্র এবং অন্যপক্ষে ছিল জাতীয়তাবাদীরা, ফ্রান্সিকো ফ্রাঙ্কোর নেতৃত্বে চালিত একটি ফালাঞ্জিস্ত গ্রুপ। গৃহযুদ্ধে জাতীয়তাবাদীরা জেতে এবং তারপর ফ্রাঙ্কো স্পেনকে ৩৬ বছর শাসন করে, এপ্রিল ১৯৩৯ থেকে তার মৃত্যু নভেম্বর ১৯৭৫ পর্যন্ত।

প্রজাতন্ত্রকে উৎখাত করে আবার পুরনো ব্যবস্থাকে প্রতিষ্ঠিত করবার জন্য জুলাই, ১৯৩৬-এ যখন ফ্রাঙ্কো তার মরক্কোর সেনাবাহিনী নিয়ে স্পেনে পৌঁছেছিল, তখন গোড়ায় ভাবা গিয়েছিল ফ্রাঙ্কোর ফ্যাসিবাদীদের পক্ষে গণতান্ত্রিকভাবে নির্বাচিত সরকারকে

হারানো সম্ভব হবে না। স্পেনের কৃষক ও শ্রমিকগণ স্বতঃস্ফূর্তভাবে তাঁদের অধিকারকে রক্ষা করবার জন্য একজোট হয়েছিলেন এবং আশা করা হয়েছিল যে পাশ্চাত্য গণতন্ত্রগুলো বিশেষ করে ইংল্যান্ড ও ফ্রান্স কিছুতেই মুখ বুজে ফ্রাঙ্কোর এই স্পর্ধাকে বরদাস্ত করবে না। কিন্তু প্রথম উত্তেজনা কেটে যেতেই দেখা গেল নন-ইন্টারভেনশনের খোলসের ভেতর ঢুকে ইংল্যান্ড ও ফ্রান্স পরোক্ষভাবে ফ্রাঙ্কোকেই সাহায্য করেছে। আর ফ্রাঙ্কোকে মদত দেবার জন্য ইতালি ও জার্মানি সরাসরি যুদ্ধে নেমে পড়েছে। ফলে গৃহযুদ্ধ চলাকালীন বোঝা গেল যে স্পেনের গৃহযুদ্ধ আসলে ছিল দ্বিতীয় বিশ্বযুদ্ধের মহড়া।

মোট মৃত্যুসংখ্যা বিতর্কিত। ব্রিটিশ ইতিহাসবিদ গৃহযুদ্ধের ইতিহাসে এন্টোনি বিভোর্ লিখেছেন যে, ফ্রাঙ্কোর শ্বেত সন্ত্রাসের ফলে ২,০০,০০০ এবং লাল সন্ত্রাসে ৩৮,০০০ হত্যাকাণ্ড সংঘটিত হয়। জুলিয়াস রুজ একমত হয়েছেন যে, "যদিও সংখ্যা সম্পর্কে বিতর্ক আছে, প্রজাতান্ত্রিক অঞ্চলে ৩৭,৮৪৩ জনকে মৃত্যুদণ্ড দেওয়া হয় এবং ফ্রাঙ্কোর অধিকৃত স্পেনে সর্বোচ্চ ১,৫০,০০০ জনকে হত্যা করা হয় (৫০,০০০ জনকে যুদ্ধের পরে)।

২০০৮ সালে একজন স্প্যানিশ জজ বালতসার গার্জন, ১৭ জুলাই ১৯৩৬ থেকে ডিসেম্বর ১৯৫১ পর্যন্ত ১,১৪,২৬৬ জন জনগণ হত্যা ও গুম হয়ে যাওয়ার ব্যাপারে একটি তদন্ত প্রতিবেদন উন্মুক্ত করেন। সেসব হত্যার ভেতরে কবি ও নাট্যকার ফেদেরিকো গারসিয়া লোরকার হত্যার বিষয়ে তদন্ত প্রতিবেদনও ছিল।

সপ্তম পত্র (SEVENTH PAPER)

HISTORY OF CHINA AND JAPAN C.AD 1839-1949

সূচিপত্র

সপ্তম পত্র (SEVENTH PAPER)

1. Define the 'Treaty' system.
2. Write a note on the comprador class.
3. Describe the Canton Trade System.
4. Describe a ''Lunch arrow'' affair.
5. Write a note on the anti-Manchu character of the Taiping Rebellion.
6. Write a note on the significance of the Taiping Rebellion.
7. Write a note on the proposals in the ''Hay Doctrine.''
8. Trace the origin of the Boxer in China.
9. Mention the three principle's of the Sun-Yet-Sen.
10. Asses the importance of the May Fourth movement.
11. Define Kuomintang.
12. Write a note on the political features of the May fourth movement.
13. Write a note on Manchurian crisis.
14. Who propounded the theory 'New Democracy'—What is its meaning?
15. What were the effects of the 30th May's massacre in China (1925)?
16. What do you understand by Confucianism?
17. What is Taoism?
18. Write a note on the Banking system in the Meiji Age.
19. Write a note on the Currency System in the Meiji Age.
20. Write a note on Meiji Constitution.
21. Write a note on the two principles on which the Meiji constitution was based.
22. Write a note on the legislature of the Meiji Contitution.
23. Write a short note on the organization of the Council of ministers in the Meiji Constitution.
24. Do you think the word ''Cabinet'' was extra-constitutional in the Meiji Constitution?
25. Write a note on ''Tripartite intervension.''
26. What were the objectives of the Washington conference of 1921?
27. Write a note on the Nine Power Treaty?
28. Write a note on the five Power Treaty?

1. Define the 'Treaty' system.

➞ পাশ্চাত্য দেশগুলি চিনের সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক স্থাপনের জন্য উদ্যোগী হলে চিন সরকার কোনোরকম উৎসাহ দেখাননি। তারা বিদেশিদের নিকৃষ্টমানের বলে মনে করত। চিন সম্রাট বিদেশিদের কাছ থেকে নজরানা গ্রহণ করত। বিদেশি প্রতিনিধিদের সদস্যরা চিনা রাজদরবারে চৈনিক 'কাউ-টাউ' (Kowtow) প্রথায় নতজানু হয়ে চিন সম্রাটকে নজরানা দিতেন। এই ধরনের নজরানা পদ্ধতির অপমান সহ্য করেও বিদেশি শক্তিবর্গ চিনকে চরম শিক্ষা দেবার অপেক্ষায় থাকে। সেই সুযোগ আফিনের যুদ্ধে চিনের পরাজয়ের পর এবং 1842 খ্রিস্টাব্দে বিদেশি শক্তিবর্গের সঙ্গে চিন সরকার 'বাণিজ্য সন্ধি' (Tready of Nanking) চুক্তি স্বাক্ষর করতে বাধ্য হয়। এরপর 1843 খ্রিস্টাব্দে বোগের সন্ধিচুক্তি, 1844 খ্রিস্টাব্দে ওয়াংশিয়ার সন্ধিচুক্তি, 1844 খ্রিস্টাব্দে হোয়াসেপায়ার সন্ধিচুক্তিপত্রে চিন স্বাক্ষরিত করেন। এর ফলে পূর্বের প্রচলিত নজরানা পদ্ধতির পরিবর্তে চিনে 'সন্ধি পদ্ধতি' দেখা যায়।

2. Write a note on the comprador class.

➞ প্রথম আফিন যুদ্ধে চিনের পরাজয়ের ফলে নানকিং সন্ধিচুক্তির মাধ্যমে চিনের পাঁচটি বন্দর, যথা—ক্যান্টন, অ্যামশি, সুং-চাও, নিংপো, সংহাই বিদেশিদের কাজে উন্মুক্ত করা হয়। এরফলে চিনে বিদেশি-পুঁজির অনুপ্রবেশ দ্রুতগতিতে বৃদ্ধি পেয়েছিল। এর ফলে চিনে এক নতুন সামাজিক শ্রেণির সৃষ্টি হয়েছিল, যারা মুৎসুদ্দি শ্রেণি (Comprador class) নামে পরিচিত। এই শ্রেণির লোকেরা কখনও বিদেশি বাণিজ্যিক সংস্থার অধীনে চাকরি করতেন, কখনও বিদেশি পণ্য কেনা-বেচার দালালি করতেন। আবার কখনও বা বিদেশি বাণিজ্যের বিভিন্ন স্তরে ঘনিষ্ঠভাবে যুক্ত থেকে উদ্যোক্তার ভূমিকায় অবতীর্ণ হতেন। বিদেশিদের সাথে ঘনিষ্ঠভাবে যোগাযোগ রাখার ফলে এবং তাদের সাম্রাজ্যবাদী লুণ্ঠনের কাজে সাহায্য করার ফলে, মুৎসুদ্দি শ্রেণিভুক্ত সকলেই যথেষ্ট ধনী হয়ে উঠেছিল।

3. Describe the canton Trade System.

➞ চিনের সঙ্গে পাশ্চাত্যদেশসমূহের সম্পর্কের ইতিহাসে ক্যান্টন একটি উল্লেখযোগ্য স্থান অধিকার করে রয়েছে। প্রথমদিকে একমাত্র ক্যান্টন বন্দরেই বিদেশিরা ব্যবসা বাণিজ্য করতে পারত। ক্যান্টন বন্দরে বিদেশি বণিকদের বিভিন্ন রকমের বিধিনিষেধের মধ্যে ব্যবসা করতে হত। চিনা বণিকদের মাধ্যমে তাদের ব্যবসা-বাণিজ্য করতে হত। বিদেশিরা চিন থেকে মূলত চা ও রেশম নিজ নিজ দেশে রপ্তানি করত। পরবর্তীতে আফিন-এর ব্যবসা দেখা দিলে ক্যান্টন ব্যবসায় অস্তিত্ব বিপন্ন হয়ে পড়ে। বিদেশিদের ব্যবসা তখন ক্যান্টনে সীমাবদ্ধ না থেকে একাধিক চিনা বন্দর বৈদেশিক বাণিজ্যের কেন্দ্র হয়ে উঠেছিল। এই আফিনের ব্যবসাকে কেন্দ্র করে ঈঙ্গা-চিন যুদ্ধের সূচনা হয়। এই যুদ্ধে চিনের পরাজয়ের ফলে ক্যান্টন ব্যবস্থা ভেঙে পড়ে।

4. Describe a "Lunch arrow" affair?

➞ প্রথম অফিনের যুদ্ধের পর যখন বিদেশি শক্তিবর্গের সঙ্গে চিনের মনকষাকষি চলছিল সেই সময় 1856 খ্রিস্টাব্দে 'এ্যারো' নামে একটি পোত-এর ঘটনাকে কেন্দ্র করে ব্রিটেনের সঙ্গে চিনের সম্পর্কের অবনতি ঘটে। এই জাহাজের মালিক ছিলেন হংকংবাসী একজন চিনা। কিন্তু জাহাজটি হংকং-এর একটি ব্রিটিশ কোম্পানির কাছে রেজিস্ট্রিকৃত ছিল। ব্রিটিশ জাতীয় পতাকার আড়ালে জাহাজটি আফিন-এর ব্যবসা, জলদস্যুতা প্রভৃতি অবৈধ কাজে যুক্ত ছিল। চিনা পুলিশবাহিনী জাহাজটি আটক করে এবং 12 জন চিনা নাবিককে গ্রেপ্তার করে। ক্যান্টনে অবস্থিত ব্রিটিশ কনসাল তখন নাবিকদের প্রত্যার্পণ দাবি করে এবং ব্রিটিশ পতাকার অবমাননার জন্য ক্ষমা ভিক্ষা করার দাবি জানান। চিনা সরকার প্রথমে এই দাবি অগ্রাহ্য করেন। কিন্তু পরবর্তীতে চিনা সরকার নাবিকদের মুক্ত করলেও ব্রিটিশ পতাকা অবমাননার জন্য ক্ষমা প্রার্থনার দাবি অগ্রাহ্য করলে ব্রিটিশ সরকার চিনের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে সাব্যস্ত হন।

5. Write a note on the anti-Manehu character of the Taiping Rebellion.

➞তাইপিং বিদ্রোহের প্রকৃতি সম্বন্ধে ঐতিহাসিকেরা ভিন্ন ভিন্ন মত ব্যক্ত করেছেন। তবে তাইপিং বিদ্রোহে মাঞ্চুবিরোধী ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল। তাইপিং বিদ্রোহের প্রধান তিন নেতা হুংশিউ চুয়ান, সেং-উন-শান এবং ইয়াং শিউ চি জাতীয়তাবাদী আদর্শে অনুপ্রাণিত হয়ে মাঞ্চুবিরোধী জেহাদ ঘোষণা করেছিল। এই বিদ্রোহের মূল লক্ষ্য ছিল চিনকে মাঞ্চুশাসন থেকে মুক্ত করা। এই উদ্দেশ্যে তারা চিনা জনমতকে সংগঠিত করেছিল। তাদের আন্দোলনের প্রাথমিক শ্লোগান ছিল চিং বংশকে ক্ষমতাচ্যুত করে সিং বংশকে ফিরিয়ে আনা। তাঁরা তাঁদের জেহাদে বিদেশি তার্তার (Tantar) বংশোদ্ভুত মাঞ্চু শাসকদের অপদার্থতার কথা তুলে ধরে বিশ্বের দরবারে চিনের মর্যাদা ভুলুণ্ঠিত করার জন্য মাঞ্চুদের সরাসরি অভিযুক্ত করেছিলেন।

6. Write a note on the significance of the Taiping Rebellion.

➞ আধুনিক চিনের ইতিহাসে তাইপিং বিদ্রোহের গুরুত্ব অপরিসীম। অতীতের চিনের যেকোনো কৃষক বিদ্রোহ থেকে তাইপিং বিদ্রোহ স্বতন্ত্র প্রকৃতির ছিল। তাইপিংরা প্রাতিষ্ঠানিক ব্যবস্থার বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেই ক্ষান্ত হননি, তাঁরা একটি বিকল্প আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক প্রতিষ্ঠান গড়ে তুলেছিলেন। সর্বোপরি তাঁরা একটি নিজস্ব সমান্তরাল রাষ্ট্রব্যবস্থা গড়ে তুলেছিলেন। তাইপিং বিদ্রোহের অভিজ্ঞতা মাঞ্চু-শাসকদের একটি বিকেন্দ্রীকৃত শাসনব্যবস্থা গড়ে তুলতে উৎসাহিত করেছিল। তাছাড়া এই সময় থেকেই মাঞ্চুদের পরিবর্তে চিনারা গুরুত্বপূর্ণ শাসনতান্ত্রিক পদ পেতে থাকে। আধুনিক চিনের জনক সান-ইয়াৎ-সেনের নেতৃত্বের ওপর এই আন্দোলনের প্রভাব পড়েছিল। দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর যুগে সাম্যবাদী চিনের উত্থানের পেছনে এই বিদ্রোহ আদর্শগত প্রেরণা যুগিয়েছিল।

7. Write a note on the proposals in the "Hay Doctrine"

➙ মার্কিন যুক্তরাষ্ট্র চিনে যাতে ব্যবসা-বাণিজ্য করার অনুরূপ পরিবেশ পায় সেজন্য মার্কিন পররাষ্ট্রসচীব জন হে 1901 খ্রিস্টাব্দে তাঁর নিজস্ব ধ্যান-ধারণার ভিত্তিতে একটি নীতি প্রবর্তন করেন, যা 'মুক্তদ্বার নীতি' (Open Door Policy) নামে খ্যাত। জন হে-র প্রস্তাবগুলি ছিল, প্রথমত, চিনে বিদেশি শক্তিগুলির প্রভাবাধীন এলাকাগুলি ব্যবসা-বাণিজ্যের জন্য সকল রাষ্ট্রের কাছে সমভাবে উন্মুক্ত থাকবে এবং কোনো রাষ্ট্রই বাণিজ্যিক ব্যাপারে কোনো বৈষম্যমূলক সুযোগ-সুবিধা দাবি করবে না।

দ্বিতীয়ত, চিনের যে সমস্ত বন্দর বিদেশি বাণিজ্যের জন্য উন্মুক্ত করা হয়েছে সেগুলি কোনো বিদেশি প্রভাবাধীন এলাকা হলেও স্থানীয় শাসনব্যবস্থার ওপর কোনো বিদেশি হস্তক্ষেপ করা চলবে না এবং কায়েমি স্বার্থ নিয়ে কেউ মাথা ঘামাতে পারবে না।

তৃতীয়ত, চিনা সরকার বিদেশিদের কাছে শুল্ক আদায় করবে এবং এ বিষয়ে বিদেশিদের কোনোরকম হস্তক্ষেপ করবে না। চিনের বিদেশি প্রভাবাধীন এলাকাগুলিতে কোনো রাষ্ট্র অপর কোনো রাষ্ট্রের কাছে বৈষম্যমূলক কোনো শুল্ক আদায় করবে না।

8. Trace the origin of the Boxer in China.

➙ 1895 খ্রিস্টাব্দে জাপানের হাতে চিনের শোচনীয় পরাজয়, 1897—98 খ্রিস্টাব্দে বিভিন্ন পাশ্চাত্য সাম্রাজ্যবাদী শক্তিগুলি কর্তৃক চিনের বিভাজন, চিনাদের প্রতি খ্রিস্টান মিশনারিদের দুর্ব্যবহার প্রভৃতি ঘটনার হিংস্র প্রতিক্রিয়ার প্রতিফলন ঘটেছিল 1900 খ্রিস্টাব্দের বক্সার বিদ্রোহের মাধ্যমে। চিয়াং চিং যুগে (1796—1820 খ্রিস্টাব্দ) Eight Triagram Sect নামক গুপ্ত সমিতির মধ্যে বক্সারদের উৎপত্তি হয়েছিল। বক্সার গুপ্ত সমিতির মূল নাম ছিল আই-হো-চুয়ান বা মুক্তি যোদ্ধাদের ন্যায়ভিত্তিক ভ্রাতৃসংঘ। আই-হো কথাটির অর্থ ন্যায় পরায়ণতা এবং চুয়ান কথাটির অর্থ মুস্টি যোদ্ধা। এই সমিতির সদস্যরা দেহ ও মনের মধ্যে সঠিক বিকাশ ও সমন্বয় সাধনের জন্য 'মুস্টি যুদ্ধ' অনুশীলন করতেন। 'শ্বেতপদ্ম সমিতি' নামে একটি মাঞ্চুবিরোধী গুপ্ত সমিতির সঙ্গো বক্সারদের যোগাযোগ ছিল। 1808 খ্রিস্টাব্দে একটি রাজকীয় দলিলে এই সমিতির প্রথম সরকারি উল্লেখ পাওয়া যায়। সরকারি নিষেধাজ্ঞা সত্ত্বেও এই কমিটি তার অস্তিত্ব টিকিয়ে রাখে। 1890-এর দশকে আই-হো-চুয়ান খুবই সক্রিয় হয়ে ওঠে। প্রথমদিকে বক্সারদের মাঞ্চু শাসনের অবসান ঘটানোর উদ্দেশ্য থাকলেও 1899 খ্রিস্টাব্দে মাঞ্চু শাসনের বিরোধিতার পরিবর্তে উগ্র বিদেশি বিরোধী হয়ে ওঠে। তারা বিদেশীদের ও তারা তাদের চিনা সহযোগীদের হত্যা করার সিদ্ধান্ত গ্রহণ করে।

9. Mention the three principle's of the Sun-Yet-Sen.

➙ সান-ইয়াৎ সেনের প্রচারিত তিনটি নীতি বা সান-মিনচুই ছিল—(১) জাতীয়তাবাদ, (২) গণতন্ত্র এবং (৩) সমাজতন্ত্র বা জনগণের জীবিকা। জাতীয়তাবাদ বলতে তিনি মাঞ্চু শাসনের বিরোধিতার ওপর জোর দিয়েছিলেন এবং দেশ থেকে বিদেশি সাম্রাজ্যবাদের অবসানের কথা বলেছেন। গণতন্ত্র বলতে তিনি প্রজাতান্ত্রিক সংবিধান রচনা করে সমস্ত নাগরিককে সমান অধিকার দেবার কথা বলেছেন। তিনি শাসনবিভাগ, আইনবিভাগ ও বিচারবিভাগের পৃথকীকরণের মাধ্যমে ক্ষমতা স্বতন্ত্রীকরণের ওপর গুরুত্ব দিয়েছেন। তিনি সমাজতন্ত্র বলতে জমির সমবন্টন এবং মূলধন নিয়ন্ত্রণের কথা বলেছেন।

10. Asses the importance of the May Fourth movement.

➙ চিনের ইতিহাসে 4 মে আন্দোলনের গুরুত্ব ছিল অপরিসীম। এই আন্দোলনের ব্যাপ্তি 1911 খ্রিস্টাব্দের বিপ্লবের থেকেও বেশি ছিল। এই আন্দোলন চিনের রাজনীতি, সমাজ, শিক্ষা, সংস্কৃতি ও চিন্তার জগতে গুরুত্বপূর্ণ পরিবেশের সূচনা করেছিল। রাজনৈতিক ক্ষেত্রে এই আন্দোলন ছিল সাম্রাজ্যবাদী শক্তিগুলির বিরুদ্ধে দেশপ্রেমিক চিনা জনগণের প্রতিবাদ। এই সময় থেকেই চিনা জনগণের মধ্যে রাজনৈতিক চেতনার উন্মেষ পরিলক্ষিত হয়। চিনের ইতিহাসে এই প্রথম শ্রমিক শ্রেণি রাজনৈতিক আন্দোলনে অংশগ্রহণ করেছিল। আন্দোলনের নেতারাই 1921 খ্রিস্টাব্দে কমিউনিস্টপার্টি প্রতিষ্ঠায় সংক্রিয় ভূমিকা পালন করেছিল। জ্যাঁশোনো তাঁর 'The Labour movements in China' গ্রন্থে বলেন যে, 4 মে আন্দোলনের মধ্য দিয়ে চিনের শ্রমিকশ্রেণি রাজনৈতিক সংগ্রামের আঙিনায় প্রবেশ করেছিল। এই আন্দোলন পুরাতন চিন্তাধারা, পুরাতন নীতিবোধ ও পুরাতন মূল্যবোধ থেকে চিনের মানুষকে মুক্ত করেছিল। চিনের শিক্ষা, সংস্কৃতি ও চিন্তার জগতে এক আমূল বৈপ্লবিক পরিবর্তন এনেছিল। হো কান চি তাঁর 'A History of the Modern Chinese Revolution' গ্রন্থে বলেছেন, "দেশপ্রেমিক 4 মে আন্দোলনে নতুন বিপ্লবী ঝড়ের জন্ম দিয়েছিল এবং চিনের বিপ্লবকে একটি নতুন স্তরে এগিয়ে নিয়ে গিয়েছিল।"

11. Define Kuomintang.

➙ ঊনবিংশ শতকের শেষ দশকে স্থাপিত চিনের জাতীয়তাবাদী সংগঠন পরবর্তীকালে কুয়োমিনতাং নামে জাতীয়তাবাদী দলে পরিণত হয়। কুয়োমিনটাং নামটি ডঃ সান ইয়াৎ সেন দিয়েছিলেন। কুয়োমিনতাং কথাটির আক্ষরিক অর্থ হল—জনগণের রাজনৈতিক দল। চিনের জাতীয় আকাঙ্ক্ষার সঙ্গো সঙ্গাতি রেখে সামাজিক সংস্কার, রাজনৈতিক অধিকার প্রভৃতি ছিল কুয়োমিনতাং-এর অন্যতম দাবি। 1911 সালের বিপ্লবে কুয়োমিনতাং দলের ভূমিকা গুরুত্বপূর্ণ ছিল। 1925 সালে সান ইয়াৎ সেনের মৃত্যুর পর চিয়াং কাই শেক-এর নেতৃত্বে কুয়োমিনতাং দল উত্তর ও দক্ষিণ চিনে তাদের প্রভাব বিস্তারে সচেস্ট হন। তাঁর নেতৃত্বে নানকিং-এ চিনের জাতীয়তাবাদী সরকার গঠিত হয়। এই সময় থেকে চিনে কমিউনিস্ট আন্দোলন শুরু হতে থাকে এবং কুয়োমিনতাং ও কমিউনিস্ট দলের মধ্যে বিরোধিতা ও সংঘর্ষ ঘটতে থাকে। পরবর্তীকলে দুর্নীতিগ্রস্ত হয়ে কুয়োমিনতাং দলটি জনগণের থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ে। 1949 সালে কমিউনিস্ট পার্টির বিপুল জয়লাভের ফলে কুয়োমিনতাং দলের শক্তির প্রায় কিছুই অবশিস্ট ছিল না। দলের নেতা চিয়াং কাই শেক ফরমোজায় পালিয়ে যান।

12. Write a note on the political features of the May fourth movement.

➙ 4 মে যে আন্দোলনের মৌলিক রাজনৈতিক বৈশিষ্ট্য ছিল অন্দোলনের স্বতঃস্ফূর্ততা। 1919 খ্রিস্টাব্দের গোড়ার দিকে চিনের রাজনীতিবিদ বা পর্যবেক্ষকরা চিনের রাজনৈতিক প্রেক্ষাপটে এতটা সুদূরপ্রসারী অথচ আকস্মিক পরিবর্তনের জন্য প্রস্তুত ছিলেন না। চিনকে তাদের হাতের পুতুল করার জন্য বিদেশিদের দুর্বার প্রয়োগের বিরুদ্ধে এবং চিনের রাষ্ট্রীয় অখণ্ডতা বিনষ্ট করার অপপ্রচেষ্টার বিরুদ্ধে কয়েক সহস্র চিনা ছাত্রের স্বতঃস্ফূর্ত অভ্যুত্থান 4 আন্দোলনকে চিনা বিপ্লবের ইতিহাসে একটি বিশিষ্ট স্থান দিয়েছে। এই আন্দোলনের পশ্চাতে কোনো সংহতি বা সংক্রিয় রাজনৈতিক দলের হাত ছিল না। এমনকি তৎকালীন চিনের সবথেকে সংক্রিয় রাজনৈতিক সংগঠন সান ইয়াৎ সেনের নেতৃত্বাধীন কুয়োমিনটাং পর্যন্ত এই অভ্যুত্থানের স্বতঃস্ফূর্ততায় আশ্চর্য হয়ে গিয়েছিল। এই সংগঠনের নেতা ও বুদ্ধিজীবিরা প্রথমদিকে এই আন্দোলনে যোগ দেননি। কিন্তু যখন তাঁরা দেখলেন যে, বেশিদিন এই গণতান্ত্রিক আন্দোলনের বাইরে থাকা সম্ভব নয়, তখনই তাঁরা এই আন্দোলনে যোগ দান করেছিল। সমাজের বিভিন্ন স্তরের মানুষ, ছাত্রসমাজ, বণিক সংগঠন, শ্রমিক সংগঠন এবং বিভিন্ন পত্রপত্রিকার সাথে যুক্ত বুদ্ধিজীবিরা এই আন্দোলনে যোগ দিয়ে নিজেদের মধ্যে ঐক্য গড়ে তুলে সাম্রাজ্যবাদ ও তার সহায়ক শক্তিগুলির বিরুদ্ধে ঐক্যবদ্ধ সংগ্রাম চালানোর পথ খুঁজেছিল।

13. Write a note on Manchurian crisis.

➙ প্রথম বিশ্বযুদ্ধোত্তরকালে মাঞ্চুরিয়ায় জাপানি আক্রমণের পর চিন জাতিসংঘের শরণাপন্ন হয়ে লিগ চুক্তিপত্রের 11নং ধারা অনুযায়ী জাপানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন করে। জাপান আত্মপক্ষ সমর্থনের জন্য জানায় যে, চিনের কোনো অঞ্চল গ্রাস করার অভিপ্রায় জাপানের নেই। চিনা দস্যুদের হাত থেকে জাপানিদের জীবন ও সম্পত্তি রক্ষা করার জন্য জাপানি সেনাদলকে এই অভিযান চালাতে হয়েছে। অতএব, মাঞ্চুরিয়া অভিযান যুদ্ধ নয়, পুলিশি অভিযান মাত্র। কিন্তু জাপান মাঞ্চুরিয়া থেকে সেনা প্রত্যাহার না করে আরো আক্রমণ চালায়। এইরূপ পরিস্থিতিতে লর্ড লিটনের সভাপতিত্বে গ্রেটব্রিটেন, মার্কিন যুক্তরাষ্ট্র, ফ্রান্স, জার্মানি ও ইতালি এই পাঁচ দেশের প্রতিনিধিদের নিয়ে এক কমিশন গঠিত হয়েছিল। এতে বলা হয় যে, চিনা প্রজাতন্ত্রের অধীনেই মাঞ্চুরিয়াকে রাখার নির্দেশ দেওয়া হয়। স্বাধীন মাঞ্চুকুয়ো রাষ্ট্রের অস্তিত্বকে এখানে স্বীকার করা হয়নি। স্বাধীন মাঞ্চুকুয়ো হল একটি অবাস্তব অস্তিত্ব। মাঞ্চুকুয়োর অস্তিত্বকে অস্বীকার করা ছাড়া জাতিসংঘ জাপানের বিরুদ্ধে তেমন কোনো শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেনি।

14. Who propounded the theory 'New Democracy'—What is its meaning?

➙ 1939—40 খ্রিস্টাব্দে চিনের কমিউনিস্ট পার্টি যখন একইসাথে জাপানি আগ্রাসন এবং কুয়োমিনটাং আক্রমণের বিরুদ্ধে প্রতিরোধ সংগ্রামে লিপ্ত তখন অর্থাৎ 1940 খ্রিস্টাব্দে জানুয়ারি মাসে মাও সে তুং তাঁর বিখ্যাত তাত্ত্বিক প্রবন্ধ 'On New Decocracy' রচনা করেন। এই প্রবন্ধে তিনি 'নয়া গণতান্ত্রিক বিপ্লব' সম্পর্কে তাত্ত্বিক ধারণা দিয়েছেন। চিনা বিপ্লবের ক্ষেত্রে এক নতুন তত্ত্বই কেবলমাত্র এই প্রবন্ধে উপহার দেননি, বিপ্লবের পরবর্তী স্তরে মার্কসবাদ ও লেলিনবাদের আদর্শে চিনে কীভাবে একটি নতুন সমাজ গড়ে উঠবে তারও একটি সুন্দর রূপরেখা মাও-এর আলোচ্য প্রবন্ধে স্থান পেয়েছে। এই প্রবন্ধে মাও সে তুং বলেছেন, চিনের মতো আধা উপনিবেশিক ও আধা সমাজতান্ত্রিক দেশে যেখানে সাম্রাজ্যবাদ ও সামন্ততন্ত্র এবং তার রাজনৈতিক সমর্থকেরা চিনা জনগণের প্রধান শত্রু, সেখানে শিল্পোন্নত পুঁজিবাদ রাষ্ট্রগুলোর মতো কেবলমাত্র শ্রমিকশ্রেণির অংশগ্রহণ বিপ্লবকে সাফল্যমণ্ডিত করতে পারবে না। বিপ্লবকে সাফল্যমণ্ডিত করার জন্য বিভিন্ন সামাজিক গোষ্ঠীর ঐক্য দরকার। বিপ্লব সফল হবার পর স্বাধীন চিনে একটি নয়া গণতন্ত্র গড়ে উঠবে। এই নয়া গণতন্ত্র হবে পাশ্চাত্য বুর্জোয়া গণতন্ত্রের ক্ষেত্রে সম্পূর্ণ আলাদা। মাও সে-তুং-এর নয়া গণতান্ত্রিক সংক্রান্ত ধারণা কেবলমাত্র চিন বিপ্লবের ক্ষেত্রে নয়, পরবর্তীকালে বিভিন্ন আধা উপনিবেশিক রাষ্ট্রে এই তত্ত্ব বিপ্লবের মডেল হিসেবে কাজ করেছিল।

15. What were the effects of the 30th May's massacre in China (1925)?

➙ 1925 খ্রিস্টাব্দের 15 মে চিনে অবস্থিত জাপানি মালিকাধীন কোম্পানির সাথে চিনের শ্রমিক প্রতিনিধিদের আলোচনা চলাকালীন জাপানিরা কু-চেং-হং নামে এক জনৈক শ্রমিক প্রতিনিধি ও কমিউনিস্ট পার্টির সদস্যকে হত্যা করে। এই হত্যাকাণ্ড 30 মে হত্যাকাণ্ডের সূচনা করে। মে মাসের 30 তারিখে প্রায় দু'হাজার শ্রমিক এবং ছাত্র সংহাইতে উক্ত হত্যাকাণ্ডের বিরুদ্ধে বিক্ষোভ প্রদর্শন করে। বিদেশি পুলিশবাহিনী বিক্ষোভ প্রদর্শনকারী প্রচুর সংখ্যক ছাত্রকে গ্রেপ্তার করে। এই গ্রেপ্তারের প্রতিবাদে সংহাইতে প্রায় 10,000 শ্রমিক ও ছাত্র বিক্ষোভ মিছিলে অংশগ্রহণ করে। এই বিক্ষোভ আন্দোলন দমন করার জন্য পুলিশ নির্বিচারে জনতার ওপর গুলি চালায়। 10 জন নিহত, 15 জন আহত এবং 53 জনকে গ্রেপ্তার করা হয়। এই ঘটনা 30 আন্দোলন নামে পরিচিত। এই 30 হত্যাকাণ্ড চিনের ইতিহাসে গুরুত্বপূর্ণ প্রভাব বিস্তার করে। এই হত্যাকাণ্ডের ফলে চিনা কমিউনিস্ট পার্টির উদ্যোগে 31 'Sanghai Federation of Trade Union' গঠিত হয়। 1 জুন থেকে সাংহাই-এর বিভিন্ন শিল্পে শ্রমিক ধর্মঘট আরম্ভ হয়। 7 জুন শ্রমিক, ছাত্র এবং ছোটো ও মাঝারি ব্যবসায়ীরা একত্রিত হয়ে একটি 'Joint Council' গড়ে তোলেন। গ্রামাঞ্চলে কৃষক বিদ্রোহ মাথাচাড়া দিয়ে ওঠে। সাম্রাজ্যবাদ বিরোধী সংগ্রাম দেশের বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে পড়ে।

16. What do you understand by Confucianism?

→ কনফুসিয়াস ছিলেন চিনের একজন খ্যাতনামা দার্শনিক ও ধর্মপ্রচারক। তাঁর প্রকৃত নাম কুং-ফু-ৎসু ছিল। তাঁর দার্শনিক তত্ত্ব মূলত নীতিমূলক ছিল। সততা, মানবসেবা, সমাজের প্রতি কর্তব্য ও দায়িত্ব প্রভৃতি তাঁর উপদেশের মূলকথা। চিনদেশের প্রাচীন ঐতিহ্যে তাঁর অগাধ আস্থা ছিল। সেজন্য তিনি চিনের প্রাচীন বিদ্যা উদ্ধারে আত্মনিয়োগ করেন। যার ফলশ্রুতি চারটি গ্রন্থ ও পাঁচটি ধর্মানুশাসন প্রণয়ন। এগুলিকে একত্রে 'কনফুসিয় নীতিশাস্ত্র' বলা হয়ে থাকে। তিনি মানবজাতিকে পাঁচটি নৈতিকগুণের অনুশীলনের ওপর গুরুত্ব আরোপ করেন। যথা—দানশীলতা, পবিত্রতা, জ্ঞান, নম্রতা ও বিশ্বস্ততা। যাইহোক, অষ্টাদশ শতাব্দীতে কনফুসিয়বাদ চিনের জনচিত্তে গভীর রেখাপাত করলেও পরবর্তীকালে চিনাবাসীর নিকট কনফুসিয়নীতির অবদান ক্রমশই হ্রাস পেতে থাকে।

17. What is Taoism?

→ তাওবাদ বা তাওধর্ম, ইংরেজি **Taoism** যার আর একটি **Daoism**, একটি ঐতিহ্যবাহী চৈনিক ধর্ম। ঘটনার স্বাভাবিক গতি, নিয়মিত বিবর্তন ও স্বাভাবিক পরিণতি তাওবাদের মূল বিষয়। তাও শব্দের অর্থ "বিশ্ব ব্রহ্মাণ্ডের প্রাকৃতিক উপায়", "পথ" বা "নীতি"। তাও দর্শনের উদ্ভবের কয়েকশত বছর পরে প্রাচীন চৈনিক ধর্মগুলো এই ধর্মের মতবাদগুলো গ্রহণ করেছিল। এই মতবাদ মনে করে, জগতে অস্তিত্ব আছে এমন সব কিছুর পিছনেই একটি শক্তি বিদ্যমান থাকে। তাওবাদের মহাজাগতিক ধারণাটি এসেছে **Yin Yang** মতবাদ থেকে।

18. Write a note on the Banking system in the Meiji Age.

→ মেইজি যুগে জাপানে ব্যাঙ্ক পরিষেবা চালু হয়। 1873 খ্রিস্টাব্দে সর্বপ্রথম জাতীয় ব্যাঙ্ক (National Bank) স্থাপন করা হয়। 1880 খ্রিস্টাব্দের 153টি জাতীয় ব্যাঙ্ককে সনদ প্রদান করা হয়। বৈদেশিক বাণিজ্য মূলধন যোগান, বিনিময় নিয়ন্ত্রণের জন্য বিভিন্ন ব্যাঙ্ক প্রতিষ্ঠিত করা হয়। এই ব্যাঙ্কগুলি হল—প্রাইভেট ব্যাঙ্ক বা ব্যক্তিগত মালিকানায় পরিচালিত ব্যাঙ্ক, জাপানি কেন্দ্রীয় ব্যাঙ্ক (Central Bank of Japan) যা সরকার পরিচালিত ব্যাঙ্ক, য়ুকোহামা স্পিশি ব্যাঙ্ক (Yokohama Specie Bank), হায়পেথিক ব্যাঙ্ক (Hypothec Bank) প্রভৃতি। এছাড়া 46টি স্বল্প ও কৃষি ব্যাঙ্ক প্রতিষ্ঠিত হয়। মেইজি যুগে প্রতিষ্ঠিত অন্যান্য উল্লেখযোগ্য ব্যাঙ্ক হল—হোককাইডো কালোনাইজেসন ব্যাঙ্ক (Hokkaido Cdonization Bank) এবং ফরমোজা ব্যাঙ্ক (Bank of Formasa)।

19. Write a note on the Currency system in the Meiji Age.

→ দেশের মুদ্রাস্ফীতি ও দ্রব্যমূল্য বৃদ্ধি মোকাবিলার জন্য মেইজি সরকার মুদ্রানীতি (currency) গ্রহণ করে। তৎকালীন জাপানের অর্থমন্ত্রী মাৎসুকটো বুঝতে পারেন যে, জাপানে আর্থিক সংকটের অন্যতম কারণ ধাতবমুদ্রা হ্রাস পাওয়া এবং এই ধাতুমুদ্রার বহির্গমন রোধ করতে হলে বিদেশি পণ্য আমদানি রোধ করতে হবে এবং দেশীয় শিল্প বিকাশের মাধ্যমে আত্মনির্ভরতা অর্জন ও দেশীয় বাজারের ওপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার মাধ্যমেই তা সম্ভব। মেইজি সরকার অতিরিক্ত ব্যয়ভার মেটানোর জন্য প্রথমদিকে প্রচুর কাগজের নোট ছাপায় যার ফলে মুদ্রাস্ফীতি দেখা দেয়। পরে অবশ্য রুপোর সঙ্গে ভারসাম্য বজায় রেখে নোট ছাপানো হয়। জাপান সোনার মুদ্রামান চালু করে। যাইহোক মেইজি সরকার নতুন মুদ্রানীতি গ্রহণের উদ্দেশ্যে আমেরিকায় একটি কমিশন পাঠায়। এই কমিশনের সুপারিশের ভিত্তিতে দশমিক পদ্ধতি (decimal system) এবং কাগজের নোটের প্রচলনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

20. Write a note on Meiji Constitution.

→ 1889 খ্রিস্টাব্দের 11 ফেব্রুয়ারি মেইজি সম্রাট একটি নতুন সংবিধান আনুষ্ঠানিকভাবে প্রবর্তন করেন। মেইজি সংবিধান মোট 7টি অধ্যায়ে এবং 76টি অনুচ্ছেদে বিভক্ত ছিল। সংবিধান রচিত হয়েছিল মূলত দুটি আদর্শের ওপর ভিত্তি করে, যথা—সম্রাট্রের পুনঃবাসনের আদর্শ এবং সামন্ততান্ত্রিক ধ্যান-ধারণার আদর্শ। সংবিধানে সম্রাটই ছিলেন সার্বভৌম ক্ষমতার অধিকারী। ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে সম্রাট মন্ত্রীমণ্ডলী এবং প্রিভি কাউন্সিল নামে দুটি পরামর্শদাতা সমিতির সঙ্গে একসাথে কাজ করতেন। মন্ত্রীরা সম্রাট কর্তৃক মনোনীত হতেন। মেইজি সংবিধানের পাঁচটি দিক ছিল, যথা—সম্রাট, ডায়েট, ক্যাবিনেট, মৌলিক অধিকার এবং অতি সাংবিধানিক চরিত্র। ডায়েট ছিল দ্বিকক্ষ বিশিষ্ট, যথা—একটি উচ্চকক্ষ এবং একটি নিম্নকক্ষ। বিচারের জন্য মেইজি সংবিধানে দুই ধরনের আদালত ছিল—সাধারণ আদালত এবং প্রশাসনিক আদালত। জনগণের বিভিন্ন দাবিদাওয়া সংবিধানে মেনে নেওয়া হয়েছিল।

21. Write a note on the two principles on which the Meiji constitution was based.

→ মেইজি যুগের অন্যতম উল্লেখযোগ্য কৃতিত্ব 1889 খ্রিস্টাব্দে একটি সংবিধান রচনা করা। শোগুণ শাসনের অবসানের পর জাপানের রাজনৈতিক পুনঃবিন্যাসের ফলে আধুনিক জাপান গড়ে তোলার জন্য সংসদীয় ধাঁচে একটি সংবিধান রচনা করা হয়। 1889 খ্রিস্টাব্দের 11 ফেব্রুয়ারি মেইজি সম্রাট নতুন সংবিধানটি আনুষ্ঠানিকভাবে প্রবর্তন করেন। মেইজি সংবিধান মোট 76টি অনুচ্ছেদে সম্বলিত এবং 7টি অধ্যায়ে বিভক্ত। মেইজি সংবিধান রচিত হয় মূলত দুটি আদর্শের ওপর ভিত্তি করে। যথা—সম্রাটের পুনঃবাসনের আদর্শ এবং সামন্ততান্ত্রিক ধ্যান-ধারণা। প্রথম আদর্শ অনুসারে, সম্রাট বিরাজিত থাকবেন সমস্ত ক্ষমতা ও যাবতীয় অনুগ্রহ প্রদর্শনের উৎস হিসেবে। দ্বিতীয় আদর্শ অনুসারে, সম্রাটের সাংবিধানিক ক্ষমতাসমূহ সম্রাট স্বয়ং প্রয়োগ না করে তার পরিবর্তে প্রয়োগ করবেন তাঁর প্রতিনিধিরা।

22. Write a note on the legislature of the Meiji Constitution.

→ মেইজি সংবিধানের সর্বাপেক্ষা অভিনব অংশ ছিল আইনসভা বা ডায়েট।

সংবিধানের তৃতীয় অধ্যায়ে আইনসভার ক্ষমতা ও কার্যাবলি আলোচনা করা হয়েছে। এই আইনসভা ছিল দ্বিকক্ষ বিশিষ্ট—একটি ছিল উচ্চকক্ষ বা House of Peers এবং অপরটি ছিল নিম্নকক্ষ বা House of Representative । উচ্চকক্ষে 368 জন সদস্য ছিল। অভিজাতদের প্রতিনিধি ও সম্রাট মনোনীত ব্যক্তিদের নিয়ে উচ্চকক্ষ গঠিত ছিল। নিম্নকক্ষে 379 জন সদস্য ছিল। নিম্নকক্ষের সদস্য জনগণের দ্বারা মনোনীত হবেন। তাদের কার্যকলাপ চার বৎসর পর্যন্ত ছিল। ডায়েটের হাতে আইন প্রণয়নের অধিকার ছিল। উচ্চকক্ষ কোনো বিল অনুমোদন করলে সেটি সম্রাটের স্বাক্ষরের জন্য পাঠানো হত। সম্রাট স্বাক্ষর করলে বিলটি আইনে পরিণত হত। উভয়কক্ষের অধিবেশন স্বতন্ত্রভাবে বসত। বৎসরে একবার তিন মাসের জন্য ডায়েটের অধিবেশন বসত। ডায়েটের অধিবেশন না থাকলে দেশের অভ্যন্তরীণ নিরাপত্তা ক্ষুণ্ণ হওয়ার সম্ভাবনা দেখা দিলে সম্রাট নিরাপত্তা রক্ষার্থে জরুরি বিধান বা Ordinance জারি করতে পারতেন। এছাড়া সম্রাটের ক্ষমতা থাকবে ডায়েট আহ্বানের ও ডায়েটের অধিবেশন সামরিককালের জন্য স্থগিত রাখার এবং ডায়েটের নিম্নকক্ষ ভেঙে দেওয়ার।

23. Write a short note on the organization of the Council of ministers in the Meiji constitution.

→ মেইজি সংবিধানের 55নং অনুচ্ছেদে Council of ministers বা মন্ত্রীসভা সম্পর্কে একটিমাত্র অনুচ্ছেদ আছে। এই অনুচ্ছেদ অনুযায়ী দেশের প্রত্যেক বিভাগের মন্ত্রী স্ব স্ব বিভাগের শাসনসংক্রান্ত ব্যাপারে সম্রাটকে উপদেশ দেবেন। প্রধানমন্ত্রী ও 12 জন মন্ত্রী নিয়ে মেইজি মন্ত্রীসভা গঠিত ছিল। প্রধানমন্ত্রী কোনো একটি বিভাগের দায়িত্ব গ্রহণ করতেন না, তাঁর ওপর সমস্ত বিভাগের তদারকির দায়িত্ব ন্যস্ত ছিল। স্বরাষ্ট্র, বৈদেশিক, অর্থসংক্রান্ত, যুদ্ধ, নৌবাহিনী, বিচার, শিক্ষা, বাণিজ্য ও শিল্প, কৃষি, বনসম্পদ, যোগাযোগ, রেলপথ এবং বিদেশ প্রভৃতি দপ্তরে একজন করে মন্ত্রী নিযুক্ত হতেন। মন্ত্রীরা সম্রাট কর্তৃক মনোনীত হতেন। সেই কারণে মন্ত্রীগণ ডায়েটের সদস্য ছিল না। তথাপি তাঁরা ডায়েটের অধিবেশন চলাকালীন ডায়েটের উভয় কক্ষে উপস্থিত থাকতে পারতেন। মন্ত্রীদের মুখ্য দায়িত্ব ছিল সম্রাটকে উপদেশ দানে শাসনকার্য পরিচালনায় সাহায্য করা।

24. Do you think the word "Cabinet" was extra-constitutional in the Meiji Constitution?

→ মেইজি সংবিধানে 'ক্যাবিনেট' শব্দটির উল্লেখ নেই। তার পরিবর্তে ব্যবহৃত হয়েছে 'Council of Ministers'। 55নং অনুচ্ছেদটি 'Council of Ministers' সম্পর্কিত একমাত্র অনুচ্ছেদ আছে। এই অনুচ্ছেদে 'Cabinet' শব্দের কোনো উল্লেখ নেই। কিন্তু 1885 খ্রিস্টাব্দে এক রাজকীয় বিজ্ঞপ্তিতে ঘোষিত হয় যে, ক্যাবিনেটের পক্ষে যা অতীব প্রয়োজন তা হচ্ছে দেশের প্রশাসনিক সর্ব ব্যাপারের ওপর ক্যাবিনেটের প্রত্যক্ষ নিয়ন্ত্রণ স্থাপন এবং ক্যাবিনেটের সিদ্ধান্ত একবিধ এবং ত্বরান্বিত করা। মেইজি সংবিধানের 76নং অনুচ্ছেদ অনুযায়ী, প্রচলিত বিধিবদ্ধ আইনসমূহ যদি বর্তমান সংবিধানের বিরোধী না হয় তাহলে সেগুলি বলবৎ থাকবে। 1885 খ্রিস্টাব্দে বিজ্ঞপ্তি মেইজি সংবিধানের বিরোধী ছিল না। সেক্ষেত্রে উক্ত বিজ্ঞপ্তিতে ব্যবহৃত 'ক্যাবিনেট' শব্দটির প্রচলন বজায় থাকবে। সুতরাং 1885 খ্রিস্টাব্দের বিজ্ঞপ্তি এবং মেইজি সংবিধানের 76নং অনুচ্ছেদের একত্র পাঠে এই সিদ্ধান্তে উপনীত হওয়া যায় যে, মেইজি সংবিধানে 'ক্যাবিনেট' শব্দটি সুস্পষ্ট উল্লেখ না থাকলেও তার আইনত অস্তিত্ব ছিল। কুইগলীর মতে, 'ক্যাবিনেট' শব্দটি ছিল মেইজি সংবিধান বহির্ভূত (Extra-Constitution)।

25. Write a note on "Tripartite Intervension."

→ প্রথম চিন-জাপান যুদ্ধের পর জাপানের অভাবনীয় শক্তি বৃদ্ধিতে পাশ্চাত্যের শক্তিবর্গের মধ্যে রাশিয়া সবচেয়ে বেশি ঈর্ষান্বিত হয়। চিনের মিত্ররাষ্ট্ররূপে রাশিয়া শিমোনোমেকি সন্ধিটি বাতিল করতে দৃঢ় প্রতিজ্ঞ হয়। লিয়াওটাং উপদ্বীপ জাপানের অধীন হয়ে থাকলে জাপান কালক্রমে সমগ্র চিনের ওপর আধিপত্য বিস্তারের সুযোগ পাবে। রাশিয়া জাপানকে সেই সুযোগ দিতে রাজি ছিল না। সেই জন্য রুশ সরকার জাপান সরকারের কাছে এই মর্মে একটি প্রতিবেদন নোট প্রেরণ করে বলেন যে, জাপান সরকার যাতে লিয়াওটাং উপদ্বীপটি চিরকালের জন্য না রাখে। এই নোটটি জার্মানি ও ফ্রান্সের সহযোগিতায় পাঠিয়েছিল। সুদূর প্রাচ্যে সুযোগ-সুবিধা লাভের প্রত্যাশায় জার্মানি ও ফ্রান্স রাশিয়ার সঙ্গে সহযোগিতা করে। ফলে সুদূর প্রাচ্যের রাজনীতি সহযোগী এই তিনটি দেশ সক্রিয় ভূমিকা গ্রহণ করে। এই ভূমিকা গ্রহণ 'ত্রিশক্তির হস্তক্ষেপ' (Tripartite Intervension) নামে পরিচিত। এই ত্রিশক্তি হস্তক্ষেপের কাছে জাপানকে শেষ পর্যন্ত নতি স্বীকার করতে হয়। সামান্য আর্থিক ক্ষতিপূরণের বিনিময়ে জাপান লিয়াওটাং উপদ্বীপ তথা পোর্ট আর্থার বন্দর চিনকে প্রত্যার্পণ করতে বাধ্য হয়।

26. What were the objectives of the Washington conference of 1921?

→ প্রথম বিশ্বযুদ্ধের পর প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে জাপানের অস্বাভাবিক শক্তি বৃদ্ধি মার্কিন যুক্তরাষ্ট্রের অস্বস্তি ও ঈর্ষার কারণই হয়নি। যুক্তরাষ্ট্রকে শঙ্কিত করে তোলে। জাপানের নৌবহর বৃদ্ধিতেও যুক্তরাষ্ট্র আতঙ্কিত হয়। জাপানের প্রতিদ্বন্দ্বিতামূলক নৌবহর গঠনের প্রয়াসে এবং 1921 খ্রিস্টাব্দে ইঙ্গ-জাপান চুক্তি বাতিলে অনিচ্ছা প্রকাশ যুক্তরাষ্ট্র অবশেষে সিদ্ধান্ত গ্রহণ করে যে, একটি সম্মেলন আহ্বান করে জাপানের নৌশক্তি খর্ব করতে হবে, যাতে জাপানের সাম্রাজ্যবাদিতা তথা জঙ্গিবাদের জোয়ারে ভাটা পড়ে। এইরূপ পটভূমিকায় মার্কিন প্রেসিডেন্ট হারডিং-এর উদ্যোগে 1921 খ্রিস্টাব্দে 12 নভেম্বর ওয়াশিংটনে এক সম্মেলন আহ্বান করা হয়। এই সম্মেলনের উদ্দেশ্য ছিল— (1) নৌবহর সম্পন্ন দেশগুলির নৌবাহিনী ও জলযুদ্ধ উপকরণ সীমিত করা। (2) ইঙ্গ-মার্কিন সম্পর্ক নির্ধারণ করা। (3) চিন-জাপান সম্পর্ক নির্ধারণ করা। (4) প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে

সংশ্লিষ্ট শক্তিসমূহের পরস্পর বিরোধী স্বার্থের সুবিবেচনা করা। এইসব উদ্দেশ্যসিদ্ধির জন্য সম্মেলনে তিনটি সন্ধিপত্র স্বাক্ষরিত হয়। যথা—(1) চতুঃশক্তি সন্ধি, (2) পঞ্চশক্তি সন্ধি এবং (3) নয়শক্তি সন্ধি।

27. Write a note on the Nine Power Treaty?

→ ওয়াশিংটন সম্মেলনে চিনের আঞ্চলিক অখণ্ডতা রক্ষা, চিনের সার্বভৌমত্ব, স্বাধীনতা রক্ষার বিষয় নয়শক্তির চুক্তি (Nine Power Treaty) স্বাক্ষরিত হয়। চিনে যাতে তার পরিস্থিতি সুসংহত করতে পারে সেইজন্য তাকে সুযোগ দিতে হবে। এই চুক্তিতে চিনে Open Door Policy বা মুক্তদ্বার নীতিকে সমর্থন করা হয়। বর্তমান পরিস্থিতির সুযোগ নিয়ে কোনো বিদেশি রাষ্ট্র চিনে এমন কোনো বিশেষ অধিকার কিংবা সুযোগ-সুবিধা লাভের চেষ্টা করবে না, যাতে মিত্রস্থানীয় অন্যান্য রাষ্ট্রসমূহের স্বার্থক্ষুণ্ণ হয়। শুল্ক ব্যবস্থা নিয়ন্ত্রণ করা হবে। এইভাবে নয়শক্তি চুক্তিটি চিনের ভাগ্য নির্ধারণ করে। তথাপি চিনের কাছে এই চুক্তি ছিল মূল্যহীন।

28. Write a note on the five Power Treaty?

→ ওয়াশিংটন সম্মেলনে পঞ্চশক্তি সন্ধিতে স্বাক্ষরকারী দেশগুলি ছিল ব্রিটেন, মার্কিন যুক্তরাষ্ট্র, জাপান, ইতালি ও ফ্রান্স। এই সন্ধির উদ্দেশ্য ছিল জলযুদ্ধে যুদ্ধোপকরণ সীমিত করা, ব্রিটিশ সাম্রাজ্য ও যুক্তরাষ্ট্রের মধ্যে নৌশক্তির সমতা প্রবর্তন করা এবং জাপানের যুদ্ধোপোযোগী নৌবাহিনীর শক্তি স্থিরীকৃত করা। তবে আসল উদ্দেশ্য ছিল জাপানের নৌশক্তি হ্রাস করা। পঞ্চশক্তি চুক্তিতে যুক্তরাষ্ট্র, ব্রিটেন, জাপান, ফ্রান্স ও ইতালির নৌশক্তির হার যথাক্রমে 5 : 5 : 3 : 1·75 : 1·75 বলে নির্ধারিত করা হয়।

যুদ্ধোপযোগী জাহাজের ওপর সীমারেখা টানা হলেও জাহাজপোত, ডুবোজাহাজ বা অন্য কোনো সহায়ক পোতের ওপর কোনোরকম সীমারেখা টানা হয়নি। জাপান, আমেরিকা ও গ্রেটব্রিটেন, প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে তাদের অধীনস্থ দ্বীপগুলিতে দুর্গ ও নৌঘাঁটি নির্মাণের ক্ষেত্রে স্থিতাবস্থা বজায় রাখতে স্বীকৃত হয়।

অষ্টম পত্র (EIGHT PAPER)

THE MAKING OF THE CONTEMPORARY WORLD

D:/Book mart/2017/BA/1st Semister/History (3rd)/History -8/3rd Proof / 29

সূচিপত্র

অষ্টম পত্র (EIGHT PAPER)

1. What was the significance of the Yalta Conference?
2. Define Truman Doctrine.
3. Define Marshal Plan.
4. What is 'Detente'? Or, Define the term 'Detente'.
5. Define NATO.
6. Define Warsaw Treaty Organization.
7. What is imperialism?
8. What is De-colonization?
9. What is Nationalism?
10. What are the motives and objectives of the organization of American States?
11. Define ASEAN?
12. What is Pan-Africanism?
13. Explain in short the term ''Third World'?
14. What do you mean by 'Non-Alignment'? Who were the chief initiators?
15. What is 'De-Stalinization'?
16. Write a brief note on Fidel Castro of Cuba.
17. Write a brief note on Che Guevara.
18. Define the nature of the Multinational Corporation.
19. Define 'G8'.
20. Write a short note on OPEC (Organization of Petroleum exporting Countries).
21. Define Glasnost and Perestroika.
22. Write a brief note on Commonwealth of Independent States (CIS)?
23. Write a note on 'Taliban rule' in Afghanistan.
24. What do you mean by term 'Globalization'?
25. Write a brief note on the impact of Globalization on the third World Countries.
26. Write a brief note on economic liberalism.
27. What is market economy?
28. What is privatization? What are its results?

1. What was the significance of the Yalta conference?

➙ দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালীন মিত্রপক্ষের রাষ্ট্রনেতাদের মধ্যে 1950 সালে ফেব্রুয়ারি মাসে অনুষ্ঠিত ক্রিমিয়ায় অনুষ্ঠিত ইয়াল্টা সম্মেলন সর্বাধিক গুরুত্বপূর্ণ। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরবর্তীকালে ইউরোপের পুনর্গঠনের গুরুত্বপূর্ণ প্রশ্নের সমাধানের উদ্দেশ্যে তিন রাষ্ট্র-প্রধান— রুসভেল্ট, চার্চিল ও স্টালিন শেষবারের মতো মিলিত হয়েছিল। এই রাষ্ট্রপ্রধানরা ছিলেন প্রকৃতপক্ষে যুদ্ধোত্তর পৃথিবীর ভাগ্য নিয়ন্ত্রা। দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালীন ইয়াল্টার মতো এত আড়ম্বরপূর্ণ অথচ গুরুত্বপূর্ণ মিত্রপক্ষীয় সম্মেলন আর হয়নি। এই সম্মেলনে তিন রাষ্ট্রপ্রধান অত্যন্ত হৃদ্যতাপূর্ণ পরিবেশে আলোচনা করেন। তিন রাষ্ট্রপ্রধান যুদ্ধোত্তর ইউরোপের পুনর্বিন্যাস ও দূরপ্রাচ্য সম্বন্ধে কতগুলি কার্যকরী সিদ্ধান্ত গ্রহণ করেন। রাষ্ট্রসংঘ (United of nations) গঠনের পেছনে ইয়াল্টা সম্মেলন এক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছিল। তবে কিছুদিনের মধ্যে ইয়াল্টার উচ্চাশা ও আদর্শবাদ লুপ্ত হয় এবং পূর্ব ও পশ্চিমি শক্তিগুলির মধ্যে ক্ষমতার দ্বন্দ্ব ও ঠান্ডা লড়াই যুদ্ধকালীন মিত্রতার পরিবেশকে কলুষিত করে।

2. Define Truman Doctrine.

➙ দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তরকালে পূর্ব ইউরোপ ও মধ্যপ্রাচ্য সাম্যবাদের প্রভাব ধ্বংস করার জন্য পাশ্চাত্য রাষ্ট্রগোষ্ঠীর প্রথম গুরুত্বপূর্ণ পদক্ষেপ হল ট্রুমাননীতি বা Truman Doctrine। 1947 সালের 12 মার্চ মার্কিন প্রেসিডেন্ট ট্রুমান কংগ্রেসে ঘোষণা করেন যে, গ্রিস, তুরস্ক প্রভৃতি দেশে সাম্যবাদের প্রভাব খর্ব করার জন্য এইসব দেশকে আর্থিক সাহায্য করা প্রয়োজন। অর্থাৎ মার্কিন যুক্তরাষ্ট্র সাম্যবাদের অগ্রগতি বুদ্ধ করার জন্য আর্থিক সম্পদ ব্যবহার করার সিদ্ধান্ত নেয়। প্রাথমিক পর্যায়ে তুরস্ক ও গ্রিসের প্রতিরক্ষা বাবদ মার্কিন যুক্তরাষ্ট্র 400 মিলিয়ন ডলার ব্যয় করার সিদ্ধান্ত গ্রহণ করে। মার্কিন সাহায্যপুষ্ট গ্রিস ও তুরস্ক নিজেদের কমিউনিজম শক্তি দমন করে সাম্যবাদী তৎপরতা প্রশমিত করে এবং উভয়দেশই মার্কিন প্রভাবিত এলাকায় পরিণত হয়। সাম্যবাদের প্রভাব সীমিত করার জন্য যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক ক্ষেত্রে এটিই প্রথম গুরুত্বপূর্ণ পদক্ষেপ। ট্রুমাননীতি ক্রমশ বিশ্বের সর্বত্র মার্কিন যুক্তরাষ্ট্রের মিত্রদেশগুলিকে নিয়ে একটি বলয় রচনা করে। এই বলয়ের বাইরে সোভিয়েত প্রভাবকে সীমিত রাখা হয়। এই কারণে Truman Doctrine-কে ঠান্ডা লড়াই রাজনীতির আনুষ্ঠানিক সূচনা বলা যায়।

3. Define Marshal Plan.

➙ মার্শাল পরিকল্পনা ইউরোপের বিভিন্ন দেশকে সহায়তা প্রদান করার একটি মার্কিন পরিকল্পনা। দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর ইউরোপীয় দেশগুলোর বিধ্বস্ত অর্থনৈতিক পুনর্গঠন এবং এসব দেশে সোভিয়েট কমিউনিজমের বিস্তার রোধ করার লক্ষ্যে এ পরিকল্পনা অনুসারে যুক্তরাষ্ট্র এসব দেশকে আর্থিক সহায়তা প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করে। এ পরিকল্পনা 1948 সালের এপ্রিল মাসে প্রণয়ন করা শুরু হয় এবং চার বছর যাবৎ পরিচালিত হয়। যুক্তরাষ্ট্রের লক্ষ্য ছিল যুদ্ধবিধ্বস্ত অঞ্চলসমূহ পুনর্গঠন, বাণিজ্য প্রতিবন্ধকতাসমূহ দূর করা, শিল্পে আধুনিকায়ন এবং পুনরায় একটি সমৃদ্ধ ইউরোপ সৃষ্টি করা। অর্থনীতিতে "মার্শাল পরিকল্পনা সমতুল্য" বলতে সাধারণ বড়ো ধরনের আপদকালীন আর্থিক সহায়তা বোঝানো হয়।

এই পরিকল্পনাটি যুক্তরাষ্ট্রের স্বরাষ্ট্র সচিব জর্জ মার্শালের নামানুসারে রাখা হয়। 1947 সালের জুন মাসে হার্ভারড্ বিশ্ববিদ্যালয়ে প্রদত্ত এক ভাষণে ইউরোপ পুনর্গঠনের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করেন। রিপাবলিকান ও ডেমোক্রাট দুই পক্ষ থেকে এ পরিকল্পনাটি সমর্থন লাভ করে। এছাড়া যুক্তরাষ্ট্রের স্বরাষ্ট্রমন্ত্রণালয়ের কর্মকর্তাগণ ও পরিকল্পনা প্রণয়নে সহায়তা করেন। এদের মধ্যে উইলিয়াম ক্লেটন ও জর্জ কেনান অন্যতম। সিনেটরদের মধ্যে আর্থার এইচ ভ্যান্ডারবার্গ এ প্রকল্প প্রণয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন।

এ পুনর্গঠন পরিকল্পনাটি সর্বপ্রথম ৫ জুন ১৯৪৭ সালে ইউরোপীয় দেশসমূহের একটি সভায় উত্থাপিত হয়। এ পরিকল্পনায় সোভিয়েত ইউনিয়ন আর তার সহযোগী দেশগুলোকে কিছু সহায়তা করার প্রস্তাব রাখা হলেও তারা সে প্রস্তাব গ্রহণ করেনি। এ প্রস্তাবে অনুমোদন দিলে সমাজতান্ত্রিক অর্থনীতিতে মার্কিন হস্তক্ষেপের একটা আশঙ্কা ছিল। পরিকল্পনাটি চার বছর মেয়াদকালে সর্বমোট 13 বিলিয়ন মার্কিন ডলার ইউরোপীয় দেশগুলোতে অর্থনৈতিক ও কারিগরি সহায়তা হিসেবে প্রদান করা হয়। 1951 সালের শেষে সমন্বিত নিরাপত্তা পরিকল্পনার মাধ্যমে মার্শাল পরিকল্পনা প্রতিস্থাপিত হয়।

4. What is 'Detente'? Or, Define the term 'Detente'.

➙ বিবদমান দেশ বা রাষ্ট্রের মধ্যে উত্তেজনা হ্রাস করে যুদ্ধের সম্ভাবনা দূর করার চেষ্টাকেই দেঁতাত (Detente) বলা হয়ে থাকে। 1970-এর দশকে মার্কিন যুক্তরাষ্ট্র ও সোভিয়েট ইউনিয়নের সম্পর্কের একটি গুরুত্বপূর্ণ দিক হল দেতাঁত। এই দুই বিরোধী শক্তির মধ্যে নানান শান্তিচুক্তি স্বাক্ষরিত হওয়ায় যুদ্ধের সম্ভাবনা হ্রাস পায়। এই দুই বিরোধী শিবিরের মধ্যে তিক্ত সম্পর্ক সহজ হতে শুরু করলে দেঁতাত কথাটির গুরুত্ব ও জনপ্রিয়তা বৃদ্ধি পায়। সেই সময় থেকে শান্তিপূর্ণ সহাবস্থান নীতি উভয়পক্ষ গ্রহণ করে যখন যুদ্ধাস্ত্র সীমিত করেন। হেলসিঙ্কি চুক্তি (1975) সম্পাদন ইত্যাদির মাধ্যমে ইউরোপে নিরাপত্তা ও সহযোগিতার সম্পর্ক গড়ে উঠতে শুরু করে।

5. Define NATO.

➙ উত্তর আটলান্টিক নিরাপত্তা জোট বা ন্যাটো (North Atalntic Treaty Organization বা NATO) 1949 সালে প্রতিষ্ঠিত একটি সামরিক সহযোগিতার জোট। ন্যাটো জোটভুক্ত দেশগুলোর পারস্পরিক সামরিক সহযোগিতা প্রদান অঙ্গীকারবদ্ধ। আটলান্টিক মহাসাগরের দুই পাড়ে অবস্থিত উত্তর আমেরিকা, মার্কিন যুক্তরাষ্ট্র ও কানাডা এবং ইউরোপের অধিকাংশ দেশ এই জোটের সদস্য। এছাড়া তুরস্কও এই জোটের সদস্য।

ন্যাটো একটি সম্মিলিত প্রতিরক্ষা গোষ্ঠী। এর সদর দপ্তর বেলজিয়ামের ব্রাসেলসে

অবস্থিত। ন্যাটোর বর্তমান সদস্য-দেশের সংখ্যা 28। 2009 সালে 1 এপ্রিল আলবেনিয়া এবং ক্রোয়েশিয়া ন্যাটোতে যোগ দেয়। ন্যাটোর সম্মিলিত সামরিক বাহিনীর খরচ পৃথিবীর সকল দেশের সামরিক খরচের প্রায় ৭০ ভাগ।

প্রতিষ্ঠার প্রথম দুই বছর ন্যাটো একটি রাজনৈতিক সংগঠন হিসেবে ছিল, কিন্তু কোরিয়া যুদ্ধের পর ন্যাটো সদস্যরা চিন্তিত হয়ে পড়েন এবং যুক্তরাষ্ট্রের দুই জন সর্বোচ্চ সামরিক কমান্ডারের অধীনে একটি সমন্বিত সামরিক কাঠামো গড়ে তোলা হয়। ন্যাটোর প্রথম মহাসচিব ছিলেন লর্ড ইসমে। তিনি ১৯৪৯ সালে বলেন যে, এই প্রতিষ্ঠানের উদ্দেশ্য হল "রাশিয়ানদের দূরে রাখা, আমেরিকানদের কাছে আনা এবং জার্মানদের দাবিয়ে রাখা"।

১৯৮৯ সালে বার্লিন দেয়াল ভেঙ্গে ফেলা হলে ন্যাটো যুগোস্লাভিযার দিকে মনোনিবেশ করে। এর পরিপ্রেক্ষিতে ১৯৯১ থেকে ১৯৯৫ পর্যন্ত বসনিয়ার ন্যাটো মধ্যস্ততামূলক সামরিক অভিযান চালায় এবং পরে ১৯৯৯ সালে যুগোস্লাভিয়ায় অভিযান চালায়।

6. Define Warsaw Treaty Organization.

➞ ওয়ারশ চুক্তি বন্ধুত্ব, সহযোগিতা এবং পারস্পরিক সহায়তায় চুক্তি হিসেবে পরিচিত। ওয়ারশ চুক্তি ছিল স্নায়ুযুদ্ধ চলাকালীন কেন্দ্রীয় ও পূর্ব ইউরোপের আটটি সমাজতান্ত্রিক রাষ্ট্র নিয়ে গঠিত সম্মিলিত প্রতিরক্ষা চুক্তি। ওয়ারশ চুক্তি কাউন্সিল ফর মিউচুয়াল ইকোনোমিক অ্যাসিসটেন্স (কমিকন)-এর সাথে সামরিক দিক দিয়ে সম্পূরক ছিল। কমিকন কেন্দ্রীয় ও পূর্ব ইউরোপের সমাজতান্ত্রিক রাষ্ট্রের আঞ্চলিক অর্থনৈতিক প্রতিষ্ঠান ছিল। ওয়ারশ চুক্তি মূলত ১৯৫৪ সালের প্যারিস চুক্তির ভিত্তিতে ১৯৫৫ সালে ন্যাটোর সাথে পশ্চিমবাহিনীর একত্রীকরণের পরিপ্রেক্ষিতে সোভিয়েত সামরিক বাহিনীর প্রতিক্রিয়া ছিল। প্রাথমিকভাবে কেন্দ্রীয় ও পূর্ব ইউরোপের সামরিক বাহিনী সোভিয়েতের ইচ্ছা কর্তৃক নিয়ন্ত্রিত হত। পর্যায়ক্রমে, (ওয়ারশ চুক্তির প্রস্তাবনা অনুযায়ী) জাতিসংঘের সনদ নীতিমালা অনুযায়ী ইউরোপে শান্তি বজায় রাখাই এই চুক্তির উদ্দেশ্য হয়ে পড়ে (১৯৪৫)। ইউ.এস.এস.আর.-এর পতন এবং স্নায়ুযুদ্ধের সমাপ্তির পরে, এই মৈত্রী একটি সম্মিলিত নিরাপত্তাজনিত চুক্তিভিত্তিক সংস্থা বা সি.এস.টি.ও.-তে পরিণত হয়। ১৯৯১ সালের ৩১ মার্চ ওয়ারশ চুক্তিকে বিলুপ্ত বলে ঘোষণা করা হয়।

7. What is imperialism?

➞ সাম্রাজ্যবাদ হল পররাজ্যের ওপর অধিকার বিস্তারের নীতি। এটিকে প্রায় নঞর্থকভাবে বিবেচনা করা হয়, যেহেতু এতে স্থানীয় জনগণকে শোষণের মাধ্যমে অল্প আয়াসে ধনী হবার উদ্দেশ্য থাকে। আধুনিককালে এটি অধিকাংশ ক্ষেত্রে গ্রহণ করা হয় যে উপনিবেশবাদ হচ্ছে সাম্রাজ্যবাদের বহিঃপ্রকাশ এবং পরেরটি ছাড়া তার অস্তিত্ব থাকতে পারে না। বিদ্যমান বৈধ উপনিবেশ ছাড়া "অনানুষ্ঠানিক" সাম্রাজ্যবাদ হচ্ছে ঐতিহাসিকদের মধ্যে একটি বিতর্কিত বিষয়।

বিগত উনিশ শতকে পুঁজিবাদ বিকাশলাভ করে এবং দেশ-দেশান্তরে ছড়িয়ে পড়ে; অবশেষে সারা দুনিয়া দখল করে ফেলে। পুঁজিবাদের বিকাশের সঙ্গে সঙ্গেই তার যন্ত্রণাকর দ্বন্দ্বগুলো ক্রমশ বেশি করে প্রকট ও তীব্র হয়ে ওঠে। ওই সময়ে পুঁজিবাদী বিকাশের অগ্রভাগে ছিল শিল্পপুঁজি। এই জন্য ওই যুগটাকে বলা হয় শিল্পপুঁজির বা শিল্প পুঁজিবাদের যুগ। শিল্প পুঁজিবাদের মৌলিক দ্বন্দ্বগুলির বৃদ্ধি ও বিকাশের ফলে পুঁজিবাদের বিকাশ এক নতুন পর্যায় দেখা দিল যার নাম সাম্রাজ্যবাদ। পুঁজিবাদের বিকাশে এক নতুন ও উচ্চতর পর্যায়রূপে বিংশ শতাব্দীর গোড়াতেই সাম্রাজ্যবাদ দেখা দেয়। পুঁজিবাদের সমস্ত মৌলিক দ্বন্দ্বগুলো সাম্রাজ্যবাদে তীব্র হয়ে ওঠে। সাম্রাজ্যবাদও হল মরণোন্মুখ পুঁজিবাদ। সাম্রাজ্যবাদে পুঁজিবাদী ব্যবস্থাটা সমাজের আরো বিকাশের পথে বাধা হয়ে দাঁড়ায়।

১৮৭০ সালের পর সাম্রাজ্যবাদের বিস্ফোরণের জন্য পণ্ডিতেরা নানাবিধ কারণ দেখান। ঐতিহাসিক হবসন বলেন যে, নব সাম্রাজ্যবাদের পক্ষে কোনো উচ্চতর লক্ষ্য ছিল না। অর্থনৈতিক লক্ষ্যই ছিল এই নব উপনিবেশবাদের মূল। ঐতিহাসিক হবসনের মতে, এই পুঁজিবাদী সমাজব্যবস্থায় পুঁজিবাদীরা মুনাফা ভোগ করে বহু মূলধন জমা করে। এর ফলে মূলধনের পাহাড় জমে যায়। এই মূলধন উপনিবেশে বিনিয়োগ করে আরো মুনাফা বৃদ্ধির জন্য পুঁজিপতিরা তাদের নিজ দেশের সরকারকে উপনিবেশ দখলে বাধ্য করে। উপনিবেশের নতুন শিল্পে মূলধন লগ্নি করে পুঁজিপতি শ্রেণি মুনাফার পাহাড় জমায়। উপনিবেশের কাঁচামাল ও বাজারকে একচেটিয়া দখল করে তারা ফুলেফেঁপে ওঠে। সুতরাং নব সাম্রাজ্যবাদের মূল অর্থনৈতিক শিকড় ছিল উপনিবেশ লগ্নির জন্য "বাড়তি মূলধনের চাপ"। অর্থাৎ বাড়তি মূলধনের চাপই সাম্রাজ্য বা উপনিবেশ দখলের মূল কারণ। বিখ্যাত সাম্যবাদী নেতা ভ্লাদিমির লেনিন তাঁর *'সাম্রাজ্যবাদ, পুঁজিবাদের সর্বোচ্চ পর্যায়'* নামক গ্রন্থে সাম্রাজ্যবাদের অর্থনৈতিক ব্যাখ্যাকে আরো বিশদভাবে তুলে ধরেছেন। তাঁর মতে, পুঁজিবাদের ভেতরেই সাম্রাজ্যবাদের বীজ নিহিত আছে। পুঁজিবাদী রাষ্ট্রগুলোর বৈদেশিক নীতি পুঁজিবাদের স্বার্থে পরিচালিত হয়। অধিক মুনাফার আশায় শিল্প মালিকরা দেশের লোকের প্রয়োজন অপেক্ষা বাড়তি পণ্য উৎপাদন করে। বিশ্বে উপনিবেশের সংখ্যা সীমিত। পুঁজিবাদী দেশগুলো উপনিবেশ দখলের চেষ্টা করায় বিভিন্ন দেশের মধ্যে প্রতিযোগিতা ও যুদ্ধ আরম্ভ হয়। যুদ্ধ হল পুঁজিবাদী অর্থনীতির চূড়ান্ত পরিণতি। লেনিন প্রথম বিশ্বযুদ্ধের কারণ হিসেবে বিভিন্ন পুঁজিবাদী শক্তির উপনিবেশ দখলের প্রতিদ্বন্দ্বিতাকে দায়ী করেন। সাম্রাজ্যবাদের বৈজ্ঞানিক বিশ্লেষণ তিনি চালিয়ে যান আরো অনেক রচনায়। বিপুল বাস্তব তথ্য আর তাত্ত্বিক মালমশলার সার্বিকীকরণ করে তিনি অতি গুরুত্বপূর্ণ এই বৈজ্ঞানিক সিদ্ধান্তে আসেন যে, সাম্রাজ্যবাদের যুগে পুঁজিবাদের বিকাশ অসমান এবং উল্লম্ফনধর্মী, সমাজতান্ত্রিক বিপ্লব বিজয় লাভ করতে পারে প্রথমে অল্প কয়েকটি, এমনকি পৃথক একটি পুঁজিবাদী দেশেও। বিশ্ব বৈপ্লবিক আন্দোলনের কাছে এ সিদ্ধান্তের গুরুত্ব অসাধারণ।

সাম্রাজ্যবাদ প্রতিদ্বন্দ্বী একচেটিয়া পুঁজিপতিদের এবং রাষ্ট্রগুলোর মধ্যে দ্বন্দ্বের তীব্রতা ভয়ঙ্করভাবে বৃদ্ধি করে এবং এর পরিণতিতেই দেখা দেয় যুদ্ধ। বিংশ শতাব্দীর গোড়াতেই

সাম্রাজ্যবাদীরা পৃথিবীকে নিজেদের মধ্যে ভাগ করে নেওয়ার কাজ সমাপ্ত করেছিল। পৃথিবী অশেষ নয়, আর মানুষ তখনো মহাকাশে পাড়ি জমায়নি। তাই প্রসারের নতুন ক্ষেত্র আর দেখা গেল না। কাজেই পৃথিবী পুনর্বণ্টনের সংগ্রামের প্রশ্নটিই সামনে এসে দাঁড়াল। নিজেদের মধ্যে দেশ ও বাজার নিয়ে কাড়াকাড়ি ছাড়া বৃহৎ শক্তিগুলোর আর কোনো উপায় থাকল না। তাই দেখা দিল প্রথম ও দ্বিতীয় বিশ্বযুদ্ধ। সাম্রাজ্যবাদের যুগে বরাবরই কোনো কোনো সাম্রাজ্য চেস্টা করতে থাকবে অপরকে জব্দ করে নিজেদের সুবিধামতো পৃথিবী নতুনভাবে ভাগ করে নিতে বিশ্বযুদ্ধ বা মহাযুদ্ধ তাই অনিবার্য এবং এ যুদ্ধ হচ্ছে সাম্রাজ্যবাদী যুদ্ধ। প্রথম মহাযুদ্ধে এবং দ্বিতীয় মহাযুদ্ধে যুদ্ধের এই রূপই দেখা যায়।

8. What is De-colonization?

→ প্রথম ও দ্বিতীয় বিশ্বযুদ্ধের মধ্যবর্তীকালে পুরানো সাম্রাজ্যবাদী শক্তিসমূহের বিভিন্ন কারণে যে অবক্ষয় ও পরিশেষে সাম্রাজ্যবাদের অবসান ঘটে সেই প্রক্রিয়াটি De-colonization নামে অভিহিত। আদিপর্বে সাম্রাজ্যবাদী শোষণের রূপ ছিল উপনিবেশিকে কৃষি নির্ভর ও কাঁচামাল রপ্তানিকারী দেশ হিসেবে আবদ্ধ রেখে তাকে বিলেতে তৈরি পণ্যের বাজাররূপে ব্যবহার করা। বিংশ শতকে সেই রূপের পরিবর্তন ঘটে। শুধুমাত্র বাণিজ্যের পরিবর্তে অর্থ লগ্নি করে শোষণ চালানোর নতুন পদ্ধতি সমধিক ফলপ্রসূ হয়।

প্রথম বিশ্বযুদ্ধের সামরিক ক্ষয়ক্ষতি ও অর্থনৈতিক বিপর্যয়ের প্রথম সাম্রাজ্যবাদী ব্রিটেন উপনিবেশগুলিতে পূর্বের ন্যায় মূলধন রপ্তানিতে অক্ষম হয়ে পড়ে। বিলেতে শিল্প সামগ্রীর উৎপাদন হ্রাস পায়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরবর্তীকালে উপনিবেশগুলি সাম্রাজ্যবাদী নাগপাশ থেকে মুক্তি পায়।

9. What is Nationalism?

→ জাতীয়তাবাদ হচ্ছে একপ্রকার রাজনৈতিক চিন্তাধারা। আধুনিক ধারণা অনুযায়ী, জাতীয়তাবাদ এক জাতির অস্তিত্বের সৃষ্টি করে। জাতির বিভিন্ন সংজ্ঞা অনুসারে জাতীয়তাবাদ ভিন্ন ভিন্ন রূপে চিহ্নিত হয়। জাতীয়তাবাদ হল, কোনো দেশের নাগরিকত্ব কেবল একটি গোষ্ঠীগত, ভাষাগত বা কোনো বিশেষ পরিচয়ে সীমাবদ্ধ থাকা উচিত। জাতির প্রতি আসক্তি, অনুরাগ ও অতীত গরিমার ভিত্তিতে জাতীয় আবেগ ও দেশহিতৈষা গড়ে ওঠে। সেটাই হল জাতীয়তাবাদী মতাদর্শের উপাদান। রাষ্ট্রের গঠনে প্রয়োজন হয় জাতির এবং এক বা অনেক জাতির সমন্বিত জাতীয়তাবাদী আবেগের উপাদানে রাষ্ট্র সুসংবদ্ধতা লাভ করে। জাতীয় পরিচয় রাজনৈতিক ক্রিয়াকলাপের মধ্যে দিয়ে প্রকাশ পায়। জাতীয় পরিচয় কেবল জাতিসত্তা অর্থাৎ ভৌগোলিক সংযুক্ততা, ভাষা, রীতিনীতি ও সংস্কৃতির ওপর নির্ভর করে না, পৃথক অধিকার ও আনুগত্যের চেতনাও পরিচয়কে নিরূপণ করে। সেই চেতনা প্রতিবেশী দেশের সঙ্গো বিশেষ করে কুলগত সম্পর্কে একাত্মতা সৃষ্টির পক্ষে সহায়ক হয়।

10. What are the motives and objectives of the organization of American States?

→ 1948 সালের 30 এপ্রিল আমেরিকার 35টি রাজ্য নিজেদের মধ্যে পারস্পরিক সহযোগিতা ও কাজের সংহতির জন্য Organization of American States গঠন করেন। এটি একটি আন্তঃমহাদেশীয় সংগঠন। আমেরিকায় ওয়াশিংটন-এর সদর দপ্তর অবস্থিত। এই সংগঠনের প্রধান উদ্দেশ্য ছিল—

(1) শান্তি ও মহাদেশীয় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা।

(2) প্রচার ও প্রতিনিধিমূলক গণতন্ত্রকে শ্রদ্ধার সঙ্গো সংহত করা।

(3) রাজনৈতিক ও অর্থনৈতিক সমস্যার সমাধান করা।

(4) অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়ন উন্নত করা।

11. Define ASEAN?

→ দক্ষিণ-পূর্ব এশীয় জাতি সংস্থা (Association of Southeast Asian Nations) দক্ষিণ-পূর্ব এশিয়ার দশটি রাষ্ট্র নিয়ে একটি রাজনৈতিক ও অর্থনৈতিক সংস্থা, যা ১৯৬৭ সালের ৮ আগস্ট ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, ফিলিপাইন, সিঙ্গাপুর ও থাইল্যান্ড দ্বারা প্রতিষ্ঠিত হয়। তারপর থেকে ব্রুনেই, কম্বোডিয়া, লাওস, মিয়ানমার এবং ভিয়েতনাম সদস্যপদ লাভ করে। এর লক্ষ্য অর্থনৈতিক বৃদ্ধি, সামাজিক অগ্রগতি, সাংস্কৃতিক বিবর্তন তার সদস্যদের মধ্যে ত্বরান্বিত করা, আঞ্চলিক শান্তি ও স্থিতিশীলতা সুরক্ষা এবং সদস্য দেশগুলোর মধ্যে শান্তিপূর্ণভাবে পার্থক্য নিয়ে আলোচনা করা।

আসিয়ান দেশগুলোর মিলিত ভূখণ্ড ৪৪.৬ লক্ষ বর্গকিলোমিটার, যা পৃথিবীর মোট আয়তনের ৩% এবং এর মিলিত জনসংখ্যা প্রায় ৬০ কোটি, যা বিশ্বের জনসংখ্যার ৪.৪%। আসিয়ানের সমুদ্র সীমা তার ভূখণ্ডের তুলনায় প্রায় তিনি গুণ বড়ো। ২০১২ সালে, এর মিলিত নামিক জিডিপি মার্কিন ২.৩ ট্রিলিয়নের অধিক ছিল। যদি আসিয়ান একটি একক সত্তা হত, তাহলে এটি বিশ্বের ষষ্ঠ বৃহত্তম অর্থনীতি হিসাবে স্থান হবে, মার্কিন যুক্তরাষ্ট্র, চিন, ভারত, জাপান ও জার্মানি পিছনে থেকে।

12. What is Pan-Africanism?

→ আফ্রিকার কৃষ্ণাঙ্গ মানুষের মুক্তি ও ঐক্য আন্দোলনের নাম Pan-Africanism। তবে এই আন্দোলন পৃথিবীর বিভিন্ন জায়গায় ছড়িয়ে থাকা আফ্রিকানদের ঐক্যবদ্ধ করতে চেয়েছে। উনিশ শতকের মাঝামাঝি সময়ে আফ্রিকার কৃষ্ণাঙ্গদের মধ্যে ঐক্যবোধ জাগ্রত হয়ে ওঠে। তারা নিজেদের অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক অগ্রগতিতে ঐক্যবদ্ধ হয়ে ওঠে। এই উদ্দেশ্যে 1901 সালে নিখিল আফ্রিকা সংঘ (Pan-Africanism) গঠিত হয়। তারা 'সমষ্টিগত আত্মনির্ভরশীলতা' প্রয়োজনীয়তার ওপর জোর দেন। 1958 সালে লন্ডনে এদের প্রথম সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল।

13. Explain in short the term "Third World'?

→ এশিয়া, আফ্রিকা ও লাতিন আমেরিকার দরিদ্র ও উন্নয়নশীল দেশগুলির সমবেতভাবে তৃতীয় বিশ্ব (Third World) নামে পরিচিত। এই দেশগুলি উন্নত ও

শক্তিশালী পশ্চিমি দেশগুলির বা সোভিয়েত ইউনিয়নের জোটের অন্তর্ভুক্ত নয় বলেই এদের তৃতীয় বিশ্ব বলা হয়। এই দেশগুলি আন্তর্জাতিক ক্ষেত্রে নিজেদের নিরপেক্ষ বলে ঘোষণা করলেও বাস্তবে প্রতিটি দেশেই কোনো না কোনো পশ্চিমি দেশের সাহায্য প্রার্থী। এই দেশগুলি নিজেদের মধ্যে জোট নিরপেক্ষ আন্দোলন গড়ে তোলে। এই আন্দোলনের প্রধান নেতা ছিলেন ভারতের জওহরলাল নেহরু। তৃতীয় বিশ্বের এই দেশগুলির মধ্যে কিছু দেশ শিল্প উন্নয়নের পথে এগিয়ে চলছে। এর মধ্যে উল্লেখযোগ্য দেশ হল ভারত, চিন ও ব্রাজিল।

14. What do you mean by 'Non-Alignment'? Who were the chief initiators?

→ দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরবর্তীকালে ঠান্ডা লড়াই চলাকালীন তৃতীয় বিশ্বের দেশগুলিতে একটি গুরুত্বপূর্ণ আন্দোলন গড়ে ওঠে, যা নির্জোট আন্দোলন বা Non-Alignment নামে পরিচিত। এরা মার্কিন যুক্তরাষ্ট্র ও সোভিয়েত ইউনিয়ন থেকে দূরে থাকার বা নিরপেক্ষ থাকার নীতি গ্রহণ করে।

নির্জোট নীতি রূপায়ণ এবং আন্দোলন সংগঠন ভারতের জওহরলাল নেহরুর মতে, নির্জোটি নীতি হল একটি ইতিবাচক ও গতিশীল নীতি। তিনি বলেন যে, "আমরা যখন বলি যে আমাদের নীতি হল নির্জোট নীতি, আমরা নিশ্চিতভাবে, সামরিক জোটের থেকে নির্জোট থাকার কথা বলি। এটি কোনো নেতিবাচক নীতি নয়। বরং এটি একটি ইতিবাচক এবং সুস্পষ্ট নীতি"। তিনি আরো বলেন, "আমাদের নীতি নিরপেক্ষ নয় এবং আন্তরিক প্রচেষ্টার দ্বারা শান্তি রক্ষা বা যদি সম্ভব হয় শান্তি দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করা।"

নির্জোট আন্দোলনের অন্যতম রূপকার ছিলেন ভারতের প্রধানমন্ত্রী জওহরলাল নেহরু।

15. What is 'De-Stalinization'?

→ 1956 সালে সোভিয়েত কমিউনিস্ট পার্টির নেতা ক্রুশেচভ স্তালিনের চিন্তাভাবনাকে অপ্রাসঙ্গিক আখ্যা দিয়ে 'De-stalinization' বা নিস্তালিপীকরণ শুরু করেন। তিনি কট্টর পুঁজিবাদ বিরোধিতা থেকে সোভিয়েত রাষ্ট্রকে দূরে সরিয়ে আনেন। তিনি 'তিন শক্তির তত্ত্ব' যথা—শান্তিপূর্ণ সহাবস্থান, শান্তিপূর্ণ প্রতিযোগিতা ও শান্তিপূর্ণ পথে সমাজতান্ত্রিক উত্তরণ আরম্ভ করেন। তিনি দুটি নতুন ধারণা প্রচার করেছিলেন—(১) অব-উপনিবেশিকতার পর্বে পুঁজিবাদ—সাম্রাজ্যবাদ দুর্বল ও কোণঠাসা সুতরাং তার সক্রিয় বিরোধিতার আর দরকার নেই এবং তাদের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক রেখে প্রাধান্যের দরাদরি করাই যুক্তিযুক্ত, (২) অধিকাংশ অব-ঔপনিবেশিক রাষ্ট্রে ইতিমধ্যেই গণতন্ত্র প্রতিষ্ঠিত সুতরাং সশস্ত্র বিপ্লবের তত্ত্ব প্রচারও এখন অপ্রাসঙ্গিক। ক্রুশ্চেভের এই আদর্শগত পরিবর্তিত অবস্থানের প্রভাব সোভিয়েত বিদেশনীতিতে পড়েছিল।

16. Write a brief note on Fidel Costro of Cuba.

→ ফিদেল আলেসান্দ্রো কাস্ত্রো রুজ, স্তিনি ফিদেল কাস্ত্রো বা শুধুই কাস্ত্রো নামে পরিচিত। তিনি ছিলেন একজন কিউবান রাজনৈতিক নেতা ও সমাজতন্ত্রী বিপ্লবী। কিউবা বিপ্লবের প্রধান নেতা ফিদেল ফেব্রুয়ারি ১৯৫৯ থেকে ডিসেম্বর ১৯৭৬ পর্যন্ত কিউবার প্রধানমন্ত্রী ছিলেন এবং এরপর ফেব্রুয়ারি ২০০৮-এ তাঁর স্বেচ্ছায় সরে যাওয়ার আগে পর্যন্ত কিউবা কিউবার মন্ত্রীপরিষদের প্রেসিডেন্ট ছিলেন। তিনি কিউবা কমিউনিস্ট দলের প্রধান হিসেবে ১৯৬১ সালে দলের প্রতিষ্ঠালগ্ন থেকে এখন পর্যন্ত আছেন। তাঁর শারীরিক অসুস্থতার কারণে তাঁর দায়িত্ব ভাই রাউল কাস্ত্রোর কাছে অর্পণ করেন।

রাউল বর্তমানে কমিউনিস্ট পার্টির সহকারী প্রধান এবং মন্ত্রীপরিষদের প্রধান হিসেবে আছেন। এর আগে তিনি ১৯৫৯—২০০৮ পর্যন্ত ফিদেলের মন্ত্রী সভায় প্রতিরক্ষামন্ত্রী হিসেবে কাজ করেছেন।

হাভানা বিশ্ববিদ্যালয়ে আইন বিষয়ে পড়ার সময়, ফিদেল কাস্ত্রো তাঁর রাজনৈতিক জীবন শুরু হয় প্রেসিডেন্ট ফলেজেলিও বাতিস্তা এবং কিউবার ওপর মার্কিন যুক্তরাষ্ট্রের রাজনৈতিক প্রভাবের বিরুদ্ধে জাতীয়তাবাদী সমালোচনা নিবন্ধ লিখে। তিনি এ ব্যাপারে আগ্রহী হয়ে ওঠেন এবং কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করতে সমর্থ হন। অবশেষে তিনি ১৯৫৩ সালে মনকাডা ব্যারাকে একটি ব্যর্থ আক্রমণ করেন এবং তারপর কারারুদ্ধ হন ও পরে ছাড়া পান। এরপর তিনি বাতিস্তার সরকার উৎখাতের জন্য সংগঠিত হওয়ার জন্য মেক্সিকো যান। ফিরে এসে ১৯৫৬'র ডিসেম্বর সরকার উৎখাতে নামেন।

পরবর্তীকালে কাস্ত্রো কিউবান বিপ্লবের মাধ্যমে ক্ষমতায় আসেন যা যুক্তরাষ্ট্রের মদতে চলা বাতিস্তার স্বৈরশাসনকে ক্ষমতাচ্যুত করে। এর কিছুদিন পরই কাস্ত্রো কিউবার প্রধানমন্ত্রী হন। ১৯৬৫ সালে তিনি কিউবা কমিউনিস্ট পার্টির প্রধান হন এবং কিউবাকে একদলীয় সমাজতান্ত্রিক দেশ হিসেবে রূপ দেন। ১৯৭৬ সালে তিনি রাষ্ট্র ও মন্ত্রীপরিষদের প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব নেন। তিনি কিউবার সর্বোচ্চ সামরিক পদ Comandante en Jefe ("Commander in Chief")-এও আসীন হন।

17. Write a brief note on Che Guevara.

→ এর্নেস্তো "চে" গেভারা ছিলেন একজন আর্জেন্টিনীয় মার্কসবাদী, বিপ্লবী, চিকিৎসক, লেখক, বুদ্ধিজীবী, গেরিলা নেতা, কূটনীতিবিদ, সামরিক তত্ত্ববিদ এবং কিউবার বিপ্লবের প্রধান ব্যক্তিত্ব। তাঁর প্রকৃত নাম ছিল এর্নেস্তো গেভারা দে লা সের্না। তবে তিনি সারা বিশ্ব লাচে বা কেবলমাত্র চে নামেই পরিচিত। মৃত্যুর পর তাঁর শৈল্পিক মুখচিত্রটি একটি সর্বজনীন প্রতিসাংস্কৃতিক প্রতীক এবং এক জনপ্রিয় সংস্কৃতির বিশ্বপ্রতীকে পরিণত হয়।

কিউবার বিপ্লবের পর চে নতুন সরকারে একাধিক ভূমিকা পালন করেছিলেন। এগুলির মধ্যে উল্লেখযোগ্য, বিপ্লবী আদালতে যুদ্ধাপরাধী হিসেবে অভিযুক্তদের আপিল পুনর্বিবেচনা ও ফায়ারিং স্কোয়াডে মৃত্যুদণ্ড প্রদান, শিল্পোদ্যাগ মন্ত্রী হিসেবে খামার সংস্কার আইন প্রবর্তন, কিউবার জাতীয় ব্যাংকের প্রেসিডেন্ট ও সামরিক বাহিনীর ইনস্ট্রাকশনাল ডিরেক্টরের ভূমিকা পালন এবং কিউবান সমাজতন্ত্রের প্রচারে বিশ্বপর্যটন। এই পদাধিকারের কল্যাণে

তিনি মিলিশিষ্ট বাহিনীকে প্রশিক্ষণ প্রদানের সুযোগ পান; ফলত এই বাহিনী পিগ উপসাগর আক্রমণ করে তা পুনর্দখলে সক্ষম হয়। কিউবার সোভিয়েত পরমাণু ব্যালিস্টিক মিসাইল আনার ক্ষেত্রেও তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন। চে ছিলেন এক বিশিষ্ট লেখক ও ডায়েরি-লেখক। গেরিলা যুদ্ধের ওপর তিনি একটি প্রভাবশালী ম্যানুয়েল রচনা করেন। তরুণ বয়সে দক্ষিণ আফ্রিকায় মোটর সাইকেলে ভ্রমণের স্মৃতিকথাটিও তাঁর অত্যন্ত জনপ্রিয় রচনা। বৃহত্তর বিপ্লবে অংশ নেওয়ার উদ্দেশ্যে তিনি ১৯৬৫ সালে কিউবা ত্যাগ করেন। প্রথমে কঙ্গো-কিনসহাসায় তাঁর বিপ্লব প্রচেষ্টা ব্যর্থ হয়। এরপর তিনি বলিভিয়ায় বিপ্লবে অংশ নেন। এখানেই সি.আই.এ.-মদতপুষ্ট বলিভিয়ান সেনার হাতে বন্দি ও নিহত হন চে।

চে-গেভারা একাধারে ইতিহাসের এক নিন্দিত ও নন্দিত চরিত্র। বিভিন্ন জীবনী, স্মৃতিকথা, প্রবন্ধ, তথ্যচিত্র, গান ও চলচ্চিত্রে তাঁর চরিত্রের নানা দিক ফুটিয়ে তোলা হয়েছে। 'টাইম' পত্রিকার বিংশ শতাব্দীর সর্বাপেক্ষা প্রভাবশালী ১০০ জন ব্যক্তির তালিকায় তাঁর নাম প্রকাশিত হয়। আবার *গেরিলেরো হেরোইকো* নামে আলবের্তো কোর্দার তোলা চে-র বিখ্যাত ফটোগ্রাফটিকে "বিশ্বের সর্বাপেক্ষা প্রসিদ্ধ ফটোগ্রাফ" হিসেবে ঘোষিত।

18. Define the nature of the Multinational Corporation.

→ যেসব দেশ প্রতিষ্ঠিত সে-দেশ বহির্ভূত অন্যান্য দেশে উৎপাদন অথবা ব্যবসায়ী কাজকর্মে বহুলাংশে লিপ্ত থাকে যেসব বাণিজ্যিক প্রতিষ্ঠান বহুজাতিক প্রতিষ্ঠান (Multinational Corporation) নামে পরিচিত। বহুজাতিক সংস্থাগুলি এক বা একাধিক দেশের সাথে উৎপাদিত পণ্য নিয়ন্ত্রণ করে। এই সংস্থাগুলি পণ্য ও পরিষেবা আমদানি ও রপ্তানি করে। এদের বিদেশি বাজারে কেনা-বেচার লাইসেন্স আছে। বহুজাতিক সংস্থাগুলি সারা বিশ্বের প্রেক্ষাপটে তার মূল সিদ্ধান্ত ও নীতি নির্ধারণ করে এবং সেইসব সিদ্ধান্ত অনেক সময় সংশ্লিষ্ট দেশের বাইরে গৃহীত হয় যেখানে সংস্থাগুলির স্বার্থ বিদ্যমান থাকে। সেসব দেশের সরকারি নিয়ন্ত্রণের বাইরে বহুজাতিক সংস্থা শক্তিসম্পন্ন প্রভাব খাটাতে সক্ষম হয়। বর্তমান বিশ্ব অর্থনীতিতে বহুজাতিক সংস্থাগুলি বৃহত্তর ভূমিকা পালন করছে।

19. Define 'G8'.

→ G8 তথা Group of Eight বিশ্বের আটটি শিল্পোন্নত দেশের একটি অর্থনৈতিক বলয়। এর পূর্বসূরি যথাক্রমে G6(Group of Six) এবং G7(Group of Seven)। ফ্রান্সের উদ্যোগে ১৯৭৫ খ্রিস্টাব্দে বিশ্বের ৬টি দেশ যথা ফ্রান্স, জার্মানি, ইতালি, জাপান, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্র মিলে আন্তর্জাতিক অর্থনৈতিক বলয় G6 গঠিত হয়। ১৯৭৬ খ্রিস্টাব্দে এই বলয়ে কানাডার যোগদানের মধ্যে দিয়ে এটি G7-এ পরিণত হয়। পরবর্তীতে ১৯৯৭ খ্রিস্টাব্দে রাশিয়া যোগ দিলে এটি G8-এর বর্তমান রূপ লাভ করে। G8-এ ইউরোপিয়ান ইউনিয়নের প্রতিনিধিত্ব আছে, কিন্তু এটি G8-এর সদস্য নয়। প্রতি বছর G8 রাষ্ট্রসমূহের রাষ্ট্রপ্রধানেরা বার্ষিক সম্মেলনে মিলিত হন। একইভাবে তাদের অর্থমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রী এবং

পরিবেশ মন্ত্রীগণও বার্ষিক সম্মেলনে একত্রিত হন। ফ্রান্স, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, রাশিয়া, জার্মানি, জাপান, ইতালি ও কানাডা—এই ক্রমানুসারে G8-এর সম্মেলনস্থল এবং সভাপতিত্ব নির্ধারিত হয়ে থাকে। সভাপতি-রাষ্ট্র সম্মেলনের কর্মসূচি ও মন্ত্রীসভার বৈঠকের ব্যাপারে সিদ্ধান্ত নেন। পরবর্তীকালে ফ্রান্স এবং যুক্তরাজ্য পাঁচটি উন্নয়নশীল দেশকে "আউটরিচ ফাইভ" বা "প্লাস ফাইভ" নামে G8-এ অন্তর্ভুক্তির ব্যাপারে আগ্রহ প্রকাশ করে। এই পাঁচটি দেশ হল ব্রাজিল, চিন, ভারত, মেক্সিকো ও দক্ষিণ আফ্রিকা। এই দেশগুলো G8-এর সম্মেলনে অংশগ্রহণ করে থাকে, যাকে সাধারণত G8+5 বলা হয়।

২০১৪ সালের ক্রিমিয়া সংকটে রাশিয়ার সংশ্লিষ্টতার কারণে ২০১৪-এর ২৪ মে রাশিয়াকে G8 থেকে বাদ দেওয়া হয়। এখন তাই এই জোটটি G7 নামে পরিচিত।

20. Write a short note on OPEC. (Organization of the Petroleum Exporting Countries)

→ **OPEC (Organization of the Petroleum Exporting Countries)** হচ্ছে বিশ্বের তেল রপ্তানিকারক দেশগুলোর সংগঠন। ১৯৭০ সাল থেকে বিশ্বের জ্বালানি তেলের বাজারে ওপেক গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে এসেছে। ১৯৬০ সালের ১৪ সেপ্টেম্বর ওপেক গঠিত হয়। ওপেকের বর্তমানে সদস্য ১২টি দেশ—অ্যাঙ্গোলা, আলজেরিয়া, ইরাক, ইরান, ইকুয়েডর, ইউএই, কাতার, কুয়েত, নাইজেরিয়া, ভেনিজুয়েলা, লিবিয়া, সৌদি আরব। ইন্দোনেশিয়া ২০০৮ সালে ওপেক থেকে নিজেকে প্রত্যাহার করে নেয়। ওপেক ১৪ জাতি, বাগদাদে প্রথম পাঁচটি সদস্যদের দ্বারা ১৯৬০ সালে প্রতিষ্ঠিত একটি আন্তঃসরকারি সংস্থা এবং ভিয়েনা ১৯৬৫ সাল থেকে সদর দফতর করা হয়। ২০১৫ সালের হিসাবে, ১৪টি দেশ বিশ্বব্যাপী তেলের উৎপাদন ৪৩ শতাংশ এবং বিশ্বের তেল মজুত ৭৩ শতাংশ, ওপেক বিশ্বব্যাপী তেলের মূল্যের ওপর উল্লেখযোগ্য প্রভাব দান।

21. Define Glasnost and Perestroika.

→ ১৯৮৫ সালে সোভিয়েত প্রধানমন্ত্রী গর্বাচভ দেশের সাংস্কৃতিক পরিমণ্ডলে খোলা হাওয়া সঞ্চারিত করতে চেয়েছিলেন। সেই উদ্দেশ্যে গ্লাসনস্ত (Glasnost) প্রবর্তিত হয়। রুশ ভাষায় এই শব্দটির অর্থ অকপটতা, উন্মুখতা। এই নীতির ফলে সরকার নিয়ন্ত্রিত তথ্যাদির অবাধে আদান-প্রদান হতে লাগল। প্রশাসনে জনগণের মতামতের প্রতিফলনের সুযোগ সৃষ্টি হল। পরে অবশ্য এই নীতি বাতিল হয়ে যায়।

১৯৮৭ সালে সোভিয়েত প্রধানমন্ত্রী মিখাইল গর্বাচভ 'পেয়েস্ত্রৈকা' নীতিটি প্রবর্তন করেন। রুশ ভাষায় এই শব্দটির অর্থ পুনর্গঠন বা পুনর্বিন্যাস। এই নীতির মূলকথা দেশের নিম্নতম স্তর পর্যন্ত সোভিয়েত ব্যবস্থাকে ছড়িয়ে দিয়ে তাকে চাঙ্গা করে তোলা। সেই সঙ্গে সোভিয়েত রাষ্ট্রব্যবস্থার গণতন্ত্রীকরণও 'পেরেস্ত্রৈকা' (Perestroika) কর্মসূচির অন্তর্ভুক্ত করা হয়।

22. Write a brief note on Commonwealth of Independent States (CIS)?

➞ সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গো যাওয়ার পর ১৯৯১ সালের ডিসেম্বর মাসে Commonwealth of Independent States (CIS) প্রতিষ্ঠিত হয়। সোভিয়েত ইউনিয়ন ভেঙে যে ১৫টি রাষ্ট্র প্রতিষ্ঠা লাভ করে তাদের মধ্যে ১২টি রাষ্ট্র এই সংস্থাটি গঠন করে। এর সদস্য সংখ্যা ১২। এই সদস্য রাষ্ট্রগুলি হল—আর্মেনিয়া, আজারবাইজান, বেলারুশ, জর্জিয়া, কাজামস্তান, কিরখিস্তান, ইউক্রেন ও উজবেকিস্তান। এর সদর দপ্তর বেলারুশের অন্তর্গত মিনস্ক শহরে। ২০০৮ সালে জর্জিয়া এই সংস্থা থেকে তাদের সদস্যপদ প্রত্যাহার করে নেয়।

23. Write a note on 'Taliban rule' in Afghanistan.

➞ ১৯৯৬ থেকে ২০০১ সাল পর্যন্ত আফগানিস্তানে তালিবান আন্দোলনের নেতারা ক্ষমতাসীন ছিলেন। ২০০১ সালে নর্দার্ন অ্যালায়েন্স এবং ন্যাটো দেশগুলো কর্তৃক পরিচালিত এক যৌথ অভিযানের মাধ্যমে সেদেশে তালিবান শাসনের অবসান ঘটানো হয়, তালিবান নেতারা অনেকেই বন্দি হন, বাকিরা পালিয়ে যান। "তালিবান" শব্দের অর্থ "ছাত্র"। তালিবান আন্দোলনের প্রধান ছিলেন মোল্লা মুহাম্মাদ উমার। দক্ষিণ আফগানিস্তানের পশতুন অঞ্চল ও পশ্চিম পাকিস্তানের কিছু অঞ্চলে তালিবান আন্দোলন সবচেয়ে ব্যাপক রূপ ধারণ করেছিল। এছাড়াও ইউরোপ ও চিন থেকে কিছু স্বেচ্ছাসেবক এই আন্দোলনে যোগ দিয়েছিলেন। তালিবানরা বিভিন্ন উৎস থেকে ভারী অস্ত্র ও প্রশিক্ষণ সহযোগিতা লাভ করেছিল। পাকিস্তান সরকার বিশেষত ইন্টার-সার্ভিস ইন্টেলিজেন্স তালিবানদের সহায়তার জন্য অভিযুক্ত হয়েছে। এছাড়া পাকিস্তানে আফগান শরণার্থীদের জন্য নির্মিত মাদ্রাসাগুলো থেকে অনেকেই সশস্ত্র আন্দোলনে যোগ দিয়েছিল। এই মাদ্রাসাগুলো প্রতিষ্ঠা করেছিল জামিয়াত উলামা-ই-ইসলাম।

পাঁচ বছরেরও বেশি সময় ধরে তালিবানরা আফগান রাজধানী কাবুলে ক্ষমতাসীন ছিল। কিন্তু এই দীর্ঘ সময়ে মাত্র তিনটি দেশ তাদেরকে স্বীকৃত দিয়েছিল : পাকিস্তান, সৌদি আরব এবং সংযুক্ত আরব আমির শাহী। মানবাধিকার লঙ্ঘনের জন্য আফগানিস্তান জাতিসংঘের স্বীকৃতি হারিয়েছিল এবং ইরান, ভারত, তুরস্ক, রাশিয়া, যুক্তরাষ্ট্র ও মধ্য এশিয়ার অধিকাংশ দেশ তালিবান শাসনের বিরোধিতা করেছিল এবং তালিবান বিরোধী আফগান নর্দার্ন অ্যালায়েন্সকে সাহায্য করেছিল।

ক্ষমতায় থাকার সময় তালিবানরা এযাবৎকালের সবচেয়ে কঠোর মুসলিম শরিয়াহ্‌ভিত্তিক শাসন প্রতিষ্ঠা করেছিল। নারীদের প্রতি বিরূপ আচরণের জন্য তারা আন্তর্জাতিক মহলে অনেক নিন্দিত হয়েছিল। নারীদের বোরকা পরতে বাধ্য করা হত, আট বছর বয়সের পর তাদেরকে চাকরি বা শিক্ষা লাভ করতে দেওয়া হত না। যারা পড়তে চাইত তাদেরকে ভূগর্ভস্থ বিদ্যালয়ে পাঠানো হত এবং কারও সাথে অনৈসলামিক অবস্থায় ধরা পড়লে কঠোর শাস্তির ব্যবস্থা করা হত। পুরুষ ডাক্তাররা তাদেরকে চিকিৎসা করতে পারত না। একান্তই করাতে হলে, সাথে করে কোনো পুরুষ আত্মীয় বা স্বামী নিয়ে আসতে হত। এ কারণেই অনেকেই বিনা চিকিৎসায় কষ্টভোগ করত। পুরুষ-নারী সবাইকেই তালিবান আইন ভঙ্গা করার জন্য কঠোর শাস্তির সম্মুখীন হতে হত।

D:/Book mart/2017/BA/1st Semister/History (3rd)/History -8/3rd Proof / 35

24. What do you mean by term 'Globalization'?

➞ বিশ্বায়ন (Globalization) পারস্পরিক ক্রিয়া এবং আন্তঃসংযোগ সৃষ্টিকারী এমন একটি পদ্ধতি যা বিভিন্ন জাতির সরকার, প্রতিষ্ঠান এবং জনগণের মধ্যে সমন্বয় ও মিথস্ক্রিয়ার সূচনা করে। এই পদ্ধতির চালিকাশক্তি হচ্ছে আন্তর্জাতিক বাণিজ্য এবং বিনিয়োগ, আর এর প্রধান সহায়ক শক্তি হচ্ছে তথ্য প্রযুক্তি। পরিবেশ, সংস্কৃতি, রাজনৈতিক পদ্ধতি, অর্থনৈতিক উন্নয়ন ও প্রগতি এবং মানবিক ও সামাজিক অগ্রগতি; সকল কিছুর ওপরই এর সুস্পষ্ট প্রভাব বিদ্যমান। বিশ্বায়ন বিষয়টি নিয়ে আক্ষরিক অর্থে গবেষণা নতুন করে শুরু হলেও এই ব্যাপারটি বেশ প্রাচীনই বলতে হবে। বহু প্রাচীনকাল থেকেই মানুষকে আন্তর্জাতিক বাণিজ্যে অংশ নিতে দেখা গিয়েছে। যদিও তখন কোনো সাধারণ নীতিমালা ছিল না। হাজার বছর পূর্বে মধ্যযুগে সিল্ক রোড ধরে ইউরোপের সাথে মধ্য এশিয়া হয়ে চিনের বাণিজ্য চলত। বিশ্বায়ন হল এমন একটি প্রক্রিয়া যার সাহায্যে রাষ্ট্রকেন্দ্রিক সংস্থাসমূহ বিশ্ব জুড়ে আন্তঃরাষ্ট্রীয় সম্পর্ক গড়ে তোলে। বিশ্বায়নের ইতিবাচক এবং নেতিবাচক, উভয় প্রভাবই লক্ষণীয়।

25. Write a brief note on the impact of Globalization on the third World Countries.

➞ পৃথিবীর প্রতিটি দেশেই বিশ্বায়নের ঢেউ আছড়ে পড়েছে। তৃতীয় বিশ্বের দেশগুলিও বিশ্বায়নের পথে হাঁটতে বাধ্য হয়েছে। এশিয়া ও আফ্রিকার দেশগুলি আমদানি শুল্ক কমিয়ে দিয়ে উন্নত বিশ্বের পুঁজির কাছে দরজা খুলে দিয়েছে। কৃষি ও শিল্পের ওপর সরকারি ভর্তুকি ও আনুকূল্য কমিয়ে দিয়ে বাজারকে বহুজাতিক পণ্য অর্থনীতির কাছে যুক্ত, অদক্ষ শ্রমিকদের বেকারত্ব বাড়িয়ে দিয়েছে, কৃষকের নিরাপত্তা কেড়ে নিয়েছে—এককথায় বিশ্বায়ন তৃতীয় দুনিয়ার দরিদ্র জনগণের নিকট এক অভিশাপ রূপে উপস্থিত হয়েছে।

26. Write a brief note on economic liberalism.

➞ Economic liberalism বা উদার অর্থনীতিবাদ একটি আদর্শগত ধারণা। অর্থনীতি উদারনীতিবাদ সরকার নিয়ন্ত্রণে সহায়ক হতে পারে। অর্থনীতি উদার নীতিবাদ মুক্ত বাজার এবং ব্যক্তিগত মালিকানা সম্পদের সমর্থন করে। অর্থনৈতিক উদারনীতি বাণিজ্যবাদ ও সামন্তবাদ প্রতিক্রিয়া দেখা যায়। ব্যক্তিগত সম্পত্তি—অর্থনৈতিক উদারনীতির ভিত্তি গঠন করে। অর্থনৈতিক উদারনীতি Public Enterprise-দের সমর্থন করে।

27. What is market economy?

➞ বাজার বলতে যেখানে চাহিদা ও সরবরাহের মৌল দুই শক্তির পারস্পরিক ক্রিয়ার মাধ্যমে যাবতীয় বস্তুর দরদাম নির্ধারিত হয়। অবাধ প্রতিদ্বন্দ্বিতাই বাজারের লক্ষ্য।

বাজার অর্থনীতিতে সরকারি নিয়ন্ত্রণ ঘটে না। তার ভিত্তি হল ব্যক্তিগত মালিকানা ও লক্ষ্য মুনাফা। আয়ের সমবন্টন তথা সামাজিক সমতাবিধানে এই অর্থনীতি ব্যর্থ। বেকার সমস্যা, মূল্যবৃদ্ধি ইত্যাদি নানাবিধ ত্রুটি আছে। কিন্তু রাষ্ট্রায়ত্ত শিল্পবাণিজ্যের সীমাহীন লোকসান ও ভরতুকি নির্ভরতার ফলে সমাজতান্ত্রিক অর্থনীতি ভেঙে পড়েছে, রাষ্ট্রীয় সুস্থিতি সবিশেষ বিঘ্নিত হয়েছে। মতাদর্শ নির্বিশেষে অধিকাংশ দেশই এখন বাজার অর্থনীতির দিকে ঝুঁকেছে।

বাজার অর্থনীতির কর্মদক্ষতা দুধরনের, যথা—(১) উৎপাদনী কর্মদক্ষতা এবং (২) বণ্টনে কর্মদক্ষতা। উৎপাদনী কর্মদক্ষতা ন্যূনতম ব্যয়ের (cost) দিকে লক্ষ রাখে। অন্যদিকে, বণ্টনের কর্মদক্ষতা দৃষ্টি দেয় ক্রেতাদের সন্তোষবিধান, যাতে ঠিক জিনিস, ঠিক পরিমাণে এবং ঠিক দামে সরবরাহ করা যায়। বাজার অর্থনীতিতে উৎপাদকের প্রতিদ্বন্দ্বিতা ওই দুটি কর্মদক্ষতা বজায় রাখতে সাহায্য করে। উৎপাদকের উদ্ভাবনা, দ্রুত পরিবর্তনশীল, প্রযুক্তিবিদ্যার ব্যবহার, ভোক্তাদের সুবিধার জন্য মূল্য হ্রাস ও উৎপাদনের গুণগতমান বৃদ্ধির প্রতি দৃষ্টি দিতে বাধ্য থাকে।

28. What is Privatization? What are its results?

➞ Privatization একটি বেসরকারি সংস্থা। এর নানা অর্থ হতে পারে। প্রাথমিকভাবে বলা যায়, এটি একটি ব্যবসা, এন্টারপ্রাইজ, সংস্থা, সরকারি বা বেসরকারি চাকরি। জনগণের সমাপ্তির মালিকানা হস্তান্তর করে লাভ ও লোকসান জাতীয় ব্যবসা পরিচালনা করা হয়। সরকার এই সমস্ত সংস্থা থেকে সরকারি রাজস্ব সংগ্রহ করে থাকে।

Privatization এ দুটি সম্পদের লেনদেন করা হয়ে থাকে, একটি একক সত্ত্বা দ্বারা একটি প্রকাশ্যে ব্যবসা কোম্পানির সব বকেয়া শেয়ার ক্রয়, দ্বিতীয়টি, সমবায় কোম্পানি বা যৌথ স্টক কোম্পানি গঠন করা।

সহায়ক গ্রন্থপঞ্জি
পঞ্চম পত্র

১। অমলেশ ত্রিপাঠী—ইতিহাস ও ঐতিহাসিক
২। সুশোভন সরকার—প্রসঙ্গ ইতিহাস
৩। নীহাররঞ্জন রায়—ইতিহাস চর্চা
৪। হরশংকর ভট্টাচার্য—শিল্প বিপ্লব ও তারপর
৫। নলিনী রায়—ইতিহাস চর্চা
৬। গোপাল সিনহা—ইংল্যান্ডের ইতিহাস
৭। যশোবন্ত কর—ইংল্যাণ্ডের ইতিহাস
৮। রীলা মুখার্জী—রূপান্তরিত ইউরোপ (৯০০-১৮০০)
৯। পুলকেশ রায় ও সায়ন্তন দাস—উত্তরণের পথে ইওরোপ (১৪০০-১৭০০)
১০। সুবোধ কুমার মুখোপাধ্যায়—পশ্চিমের ইতিহাস ও ঐতিহাসিক
১১। উজ্জ্বল রায়—বিবর্তনের পথে ইওরোপ ১৫-১৭ শতাব্দী
১২। মিহির কুমার রায়—ইউরোপের রূপান্তর
১৩। ভাস্কর চক্রবর্তী—সুভাষ রঞ্জন চক্রবর্তী, কিংশুক চট্টোপাধ্যায়—ইউরোপের রূপান্তর
১৪। ডঃ বিশ্বনাথ বন্দ্যোপাধ্যায়—ইউরোপের বিবর্তন (১৫শ—১৭শ শতাব্দী)
১৫। সুধাংশু পাত্র—ভৌগোলিক আবিষ্কার ও অভিযান

সহায়ক গ্রন্থপঞ্জি
ষষ্ঠ পত্র

১। সুভাষরঞ্জন চক্রবর্তী—ইউরোপের ইতিহাস
২। প্রফুল্ল চক্রবর্তী—ফরাসী বিপ্লব
৩। চিত্রা অধিকারী—আধুনিক ইউরোপের ইতিহাস
